

Red Hat Certified System Administrator

FULL COURSE PDF

Table of Contents

Class -4	2
Class 5	17
Class 6	25
Class 7	32
Class 8	49
Class 9	66
Class 10	78
Day 11	89
Day 12	98
Day 13	108
Day 14	118
Day 15	126
Day 16	136
Day 17	152
Day 18	160
Day 19	184
Day 20 - RHEL 9 NTP Service and 'Cronjobs' Services - NTP Part	194
Day 20 - RHEL 9 Tasks Scheduler using 'Cronjobs'	198
Day 21 - Working with RHEL Container	206

Session :01 : Class -04

Working with Linux CLI :

=====

```
[student@node1 ~] $
```

~ = Home Directory

Linux User's Types:

লিনাক্স সিস্টেমে ৩ (তিন) ধরনের ইউজার একাউন্ট থাকে -

⌘ root user: Administrator (#) - সিস্টেমের অ্যাডমিন ইউজার।

⌘ system user: service (mail/ftp/ssh/daemons) - cannot login (সিস্টেমে বিল্ট-ইন থাকে)

⌘ regular user: student, guest, sakib (\$) - যে সকল ইউজার একাউন্ট 'root' কর্তৃক তৈরি করা হয়।

```
[root@node1 Desktop] #
```

```
1      2          3      4
```

1: user name (যে ইউজার দিয়ে সিস্টেমে লগইন করা হয়েছে)

2: hostname (কম্পিউটারের/সিস্টেমের নাম)

3: user's (ইউজারের বর্তমান অবস্থান)

4: user types (root: #, regular user: \$)

Working with Linux Shells & Terminal :

User -> Keyboard -> Terminal/Application -> Shell -> Kernel -> Hardware (CPU/MEM/DISK)

Screen <- Terminal/Application <- Shell <- Kernel <- Hardware

Linux Shell পরিচিতিঃ

লিনাক্স অপারেটিং সিস্টেমের একটি গুরুত্বপূর্ণ ও স্পেশাল প্রোগ্রাম হচ্ছে লিনাক্স শেল। লিনাক্সের শেল ইউজারের কাছ থেকে কমান্ড গ্রহণ করে এবং যদি ইউজার কর্তৃক প্রদত্ত

কমান্ড সঠিক হয়, তাহলে সিস্টেমের শেল এই কমান্ডকে কার্নেলের নিকট প্রেরণ করে অপারেটিং সিস্টেমের সঙ্গে তথ্য আদান-প্রদান করার জন্য লিনাক্স ইউজার ইন্টারফেস প্রদান করে। আবার প্রদত্ত কমান্ড যদি সঠিক না হয়, তাহলে 'Bash: Command not Found' দেখাবে। লিনাক্স শেল হচ্ছে একটি কমান্ড ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটার, যেটা কিবোর্ড অথবা ফাইল হতে কমান্ড গ্রহণ করে এবং যেকোনো Programming Syntax বা কমান্ডকে সরাসরি execute করতে পারে।

Types of Linux Shell:

- ⌘ sh
- ⌘ Bash (commonly used)
- ⌘ cshell
- ⌘ tcshell
- ⌘ kshell
- ⌘ zsh

বর্তমানে কোন শেল ব্যবহার হচ্ছে এবং আমাদের সিস্টেমে এবং কি কি শেল ইন্সটল আছে সেটা জানার জন্য নিচের কমান্ডঃ

```
[student@node1 Desktop]$ echo $SHELL
[student@node1 Desktop]$ chsh -l
/bin/sh
/bin/bash
/usr/bin/sh
/usr/bin/bash
```

Linux Consoles:

⌘ Virtual (Physical) Consoles:

⌘ Ctrl + Alt + F1/F2: GUI

⌘ Ctrl + Alt + F3-F6: CMD (tty)

⌘ Pseudo Consoles (/dev/pts/x) - যে সকল টার্মিনাল আমরা গ্রাফিক্যালি রান করি, সেগুলোকে বলা হয়, 'Pseudo' কনসোল।

⌘ Virtual (Remote) Console (Telnet, SSH, RDP, VNC) - যে সকল টার্মিনাল আমরা রিমোট থেকে লগিন করি।

⌘ Web Console using https (cockpit) - ওয়েব ব্রাউজার দিয়ে লগিন করলে সেটাকে ওয়েব কনসোল বলে।

Classic Desktop এর ক্ষেত্রেঃ

Alt + Ctrl + F1 => GUI - seat0

Alt + Ctrl + F3 => new CMD terminal (F3-F6) - tty3-tty6

নোটঃ ফিজিক্যাল কনসোল দিয়ে লগইন করলে এবং টার্মিনাল থেকে 'who' কমান্ড দিলে সেখানে 'tty' দেখা যাবে।
উদাহরণ স্বরূপ কেউ যদি, Alt + Ctl + F3 দিয়ে লগইন করে, তাহলে 'who' কমান্ড দিলে 'tty3'। কিছু কিছু ক্ষেত্রে গ্রাফিক্যাল টার্মিনালের ক্ষেত্রে ':0' দেখাবে।

⌘ Press Ctl + Alt + F3

Login: student

pass: *****

[student@node1 Desktop]\$ su - ; রেগুলার ইউজার থেকে 'root' ইউজারে সুইচ করা হল।

Password: *****

[root@node1 ~]# exit ; 'root' ইউজার থেকে বের হওয়া।

[student@node1 ~]\$ exit ; 'student' ইউজার থেকে লগ আউট হওয়া।

Enable Web Console (Cockpit):

```
$ systemctl enable --now cockpit.socket (Root Authentication Required)
```

```
⌘ Open Firefox web browser
```

```
⌘ type: https://localhost:9090
```

```
username: root
```

```
password: redhat
```

লিনাক্সে বহুল ব্যবহৃত কিছু শর্টকাট কমান্ডঃ

```
$ ctrl + l - টার্মিনাল পরিষ্কার (clear) করার জন্য।
```

```
$ ctrl + shift + "t" - গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস দিয়ে (GUI) নতুন ট্যাব খোলার জন্য।
```

```
$ Ctrl + d - কমান্ড কনসোলে লগ আউট করার জন্য ব্যবহার হয়।
```

```
$ Alt + F2 - নতুন কমান্ড রান করার জন্য। (Type 'firefox' and press Enter)
```

Linux Command Syntax/Pattern :

প্রতিটি কমান্ড লাইন ইন্টারফেস ভিত্তিক (CLI) অপারেটিং সিস্টেম বা ডিভাইসে কমান্ড লাইন ইন্টারফেস নিয়ে কাজ করতে চাইলে, প্রত্যেকটি কমান্ডের ০৩ (তিন) টা পার্ট থাকে। প্রথম টা হচ্ছে কমান্ড, যেটা দিতেই হবে এবং শেষের টা হচ্ছে আর্গুমেন্ট। কিছু কিছু কমান্ড আর্গুমেন্ট ছাড়াই কাজ করে আবার কিছু কিছু কমান্ড আর্গুমেন্ট ছাড়া কাজ করবেই না। আবার অনেক কমান্ডে আমরা কমান্ডের সাথে অপশন ব্যবহার করে থাকি। একটা কমান্ডের সাথে নানা রকম অপশন ব্যবহার করা যায় এবং একটি একটি অপশন ব্যবহার করে আলাদা আলাদা আউটপুট পাওয়া যায়। নিচের একটা কমান্ডের ০৩ (তিন) টা পার্ট দেখানো হয়েছেঃ

```
# command [options (-)] argument
```

example:

```
-----
```

```
# date
```

```
# cal
```

```
# ping
```

```
# ping 127.0.0.1
# ping -c 4 127.0.0.1
```

```
# ping --help
```

উপরে দেখতে পাচ্ছি এখানে একটি কমান্ডে কমান্ড, অপশন এবং আর্গুমেন্ট সবই ব্যবহার করা হয়েছে। এখানে 'ping' হচ্ছে কমান্ড, '-c4' হচ্ছে অপশন এবং '127.0.0.1' হচ্ছে আর্গুমেন্ট। এই কমান্ডে শুধু 'ping' লিখে এন্টার চাপলে কাজ করবে না। কারণ, 'ping' কোন হোস্ট/নোড কে করবেন, এইজন্য অবশ্যই আর্গুমেন্ট ব্যবহার করতে হবে।

একটা কমান্ডের সাথে অপশন ব্যবহার করে কিভাবে বিভিন্ন আউটপুট পাওয়া যায়, তার একটা উদাহরণ নিচে দেওয়া হয়েছে। এখানে 'ls' কমান্ডের সাথে '-l,-i,-a,-h' নানা অপশন ব্যবহার করে নানা ধরণের আউটপুট পাওয়া যাবে। পাশাপাশি আমরা চাইলে একসাথে সবগুলো অপশন ব্যবহার করতে পারি।

```
[student@node1 ~]$ ls ; বর্তমান ডিরেক্টরির মধ্যে সকল ফাইল/ডিরেক্টরি দেখা যাবে।
[student@node1 ~]$ ls -l ; লং লিস্ট আকারে (Properties) দেখা যাবে।
[student@node1 ~]$ ls -li ; ফাইল/ডিরেক্টরির আইনোড (inode) সহ দেখা যাবে।
[student@node1 ~]$ ls -la ; লুকানো (Hidden) ফাইল সহ দেখা যাবে।
[student@node1 ~]$ ls -lh ; Human Readable (K/M/G) তে দেখা যাবে।
[student@node1 ~]$ ls -laih ; সকল অপশন একসাথে ব্যবহার করা হয়েছে।
```

উপরে 'ls' কমান্ডের সাথে ব্যবহৃত অপশন সমূহের বিস্তারিত নিচে আলাপ করা হয়েছেঃ

-l = list (লম্বা লিস্ট বা বিস্তারিত দেখার জন্য এই অপশন টা ব্যবহার করা হয়)

-i = inode (প্রতিটি ফাইল/ডিরেক্টরির একটা ইন্ডেক্সিং নাম্বার থাকে যেটাকে বলা হয়ে আইনোড (inode), এটা মূলত সব ফাইলের আলাদা আলাদা।)

-a = all (এই অপশন ব্যবহার করলে বর্তমান ডিরেক্টরির সকল লুকায়িত (Hidden) ফাইল/ডিরেক্টরিসহ দেখা যাবে।)

-h = Human Readable (ফাইলের সাইজ সাধারণত বাইট আকারে দেখায়। এই অপশন ব্যবহার করলে Kilo (K), Mega (M), Giga (G) আকারে দেখাবে।)

** আর যদি সবগুলো অপশন একসাথে ব্যবহার করা হয়, তাহলে সবগুলো অপশনের আউটপুট একসাথে দেখাবে।

```
[student@node1 ~]$ pwd ; বর্তমানে কোন ডিরেক্টরির মধ্যে অবস্থান করছি, সেই আউটপুট দেখাবে।
```

"~" => Home dir (root/regular user)
"/" => root partition (/) (Computer)
"/root" => 'root' ইউজারের হোম (~) ডিরেক্টরি।
"/home" => সকল রেগুলার ইউজারদের হোম (~) ডিরেক্টরি।
i.e.: /home/student

[student@node1 ~]\$ => রেগুলার ইউজার 'student' এর home (~) ডিরেক্টরি।

কিছু বেসিক কমান্ড যেগুলো লিনাক্সের সকল ডিস্ট্রিবিউশনের মধ্যে কাজ করবেঃ

[student@node1 ~]\$ cal
[student@node1 ~]\$ cal 2024
[student@node1 ~]\$ date
[student@node1 ~]\$ who ; who are currently loggin (shorter)
[student@node1 ~]\$ w ; who are currently loggin (Details)

[student@node1 ~]\$ tty
[student@node1 ~]\$ hostname

[student@node1 ~]\$ uname -r ; kernel version
[student@node1 ~]\$ uname ; OS name
[student@node1 ~]\$ cat /etc/redhat-release ; redhat/centos version
[student@node1 ~]\$ top ; task manager (বের হওয়ার জন্য 'q' প্রেস করতে হবে)

[student@node1 ~]\$ lastlog ; login details
[student@node1 ~]\$ free -m ; RAM Info
[student@node1 ~]\$ uptime : system UPTiem info
[student@node1 ~]\$ ifconfig ; IP Address Info

[student@node1 ~]\$ history ; list of privious command
[student@node1 ~]\$!25 ; history থেকে '25' নাম্বার কমান্ডটি পুনরায় রান করার জন্য।

[student@node1 ~]\$ history -c ; history থেকে সকল কমান্ড মুছে দেওয়ার জন্য ব্যবহার করা হয়।

[student@node1 ~]\$ history

[student@node1 ~]\$ reboot or 'init 6' ; সিস্টেম রিবুট

[student@node1 ~]\$ poweroff or 'init 0' ; সিস্টেম শাটডাউন

Session :02

Linux Directory Structure:

[student@node1 ~]\$ cd / ; রুট পার্টিশনে (/) প্রবেশ করা হল।

[student@node1 /]\$ ls ; পার্টিশনের (/) মধ্যে কি কি আছে সেটা দেখা হয়েছে।

```
boot  etc  lib  media  opt  root  sbin  sys  usr
bin   dev  home  lib64  mnt  proc  run  srv  tmp  var
```

/bin - Binary Files (যে সকল কমান্ড গুলো রেগুলার ইউজার কর্তৃক রান করা হয়), যেমনঃ ls, cd, pwd, who, cal, date etc.

/boot - সিস্টেম বুট (boot) সম্পর্কিত ফাইল। যেমনঃ boot loader, Kernel, itramfilesystem এখানে থাকবে।

/dev - সিস্টেমের সকল ডিভাইস টাইপের ফাইল গুলো এখানে থাকে। যেমনঃ dvd, HDD, Printer, sound, Terminal, Serial/Parallel Devices.

/etc - সকল সিস্টেম এবং সার্ভার কনফিগারেশন ফাইল। ইউজার/গ্রুপ ডাটাবেজ, সিস্টেম ও সার্ভার কনফিগারেশন, প্রোফাইল, সিকিউরিটি সম্পর্কিত ফাইল।

/home - সকল রেগুলার ইউজারদের হোম ডিরেক্টরি। যেমনঃ student, tamim, sumon (FTP, Email, File সার্ভার ইউজার)।

`/lib` - সিস্টেমের সকল library ফাইল এবং কার্নেল মডিউল থাকে `/lib` এর ভিতরে। `/bin` & `/sbin` ডিরেক্টরিতে যত কমান্ড আছে, এই কমান্ড এক্সিকিউট করতে library দরকার হয়।

`/media` - এটা ডিফল্ট ভাবে ফাঁকা থাকে। মিডিয়া টাইপের ডিভাইস (DVD/ISO) বা এক্সটারনাল ডিভাইস এই লোকেশনে মাউন্ট করে এক্সেস করা হয়।

`/mnt` - mount point (DVD/HDD/USB/Network Share) - ইত্যাদি এই লোকেশন মাউন্ট করে এক্সেস করা যায়।

`/opt` - optional (empty) - এই ডিরেক্টরি সাধারণত ফাঁকা থাকে। বিভিন্ন ফাইল/আপ্লিকেশন/সার্ভিস টেস্ট করার জন্য এই ডিরেক্টরি ব্যবহার করা হয়।

`/proc` - Also called 'proFS' system process related info (CPU, RAM, Process, Running Apps, Driver, Modules and Kernel)

`/root` - লিনাক্সের অ্যাডমিন ইউজার (root) এর হোম ডিরেক্টরি। সাধারণ ইউজাররা (student,tarek,sadia) এখানে প্রবেশ করতে পারে না।

`/run` - service running data. Runtime data for processes started since the last boot.

`/sbin` - System Binary Files (যে সকল কমান্ড গুলো root ইউজার কতুক রান করা হয়), যেমনঃ useradd, groupadd, userdel, fdisk এই কমান্ড সমূহ `/sbin` ডিরেক্টরিতে পাওয়া যাবে।

`/srv` - Sort for Service. User's (`/home/*`) service related data. Like WWW, FTP, Email etc.

`/sys` - Sort for system. `/sys` directory as a virtual filesystem (sysfs) mounted under `/sys`. similar as proc.

`/tmp` - Temporary ফাইল সমূহ এখানে থাকে। সিস্টেম প্রতি ১০ দিন অন্তর অন্তর নিজে থেকেই মুছে (Delete) করে দিবে।

`/usr` - Thirdparty software install location + সিস্টেমের যত কমান্ড থাকে `/usr/bin`, `/usr/sbin` + Library File

/var - variable file (mail/log/hosting/ftpdata/dynamic data)

[student@node1 ~]\$ cd [enter] ; আমরা যে ডিরেক্টরিতেই থাকি না কেন, 'cd' কমান্ড দিলে সরাসরি হোম ডিরেক্টরিতে ফিরে আসা যাবে।

[student@node1 ~]\$ cd / ; 'cd' কমান্ডের সাথে '/' ব্যবহার করে এন্টার প্রেস করলে রুট পার্টিশনে (/) প্রবেশ করা যাবে।

[student@node1 /]\$ ls ; আমরা বর্তমানে রুট পার্টিশনের (/) মাঝে অবস্থান করছি, এখানকার সকল ফাইল/ডিরেক্টরি দেখার জন্য 'ls' কমান্ড দিতে হবে।

[student@node1 /]\$ cd

⌘ cd /dir1/dir2/dir3 ; Linux Directory Path Forward Slash (/) ব্যবহার করা হয়।

⌘ C:\dir1\dir2\dir3> ; Windows Directory Path Back Slash (\) ব্যবহার করা হয়।

[student@node1 ~]\$ cd /var/spool/mail

[student@node1 mail]\$ pwd ; বর্তমানে কোন অবস্থানে আছি, সেটা দেখা যাবে।

/var/spool/mail

[student@node1 mail]\$ ls

[student@node1 mail]\$ cd .. ; এক ধাপ পিছনের (Parent) ডিরেক্টরিতে যাওয়ার কমান্ড।

[student@node1 spool]\$ cd - ; পূর্বের (সর্বশেষ) ডিরেক্টরিতে ফিরে যাওয়ার জন্য।

[student@node1 mail]\$ cd

[student@node1 ~]\$ ls

[student@node1 ~]\$ cd Music

[student@node1 Music]\$ cd ../Videos

[student@node1 Videos]\$ ls

[student@node1 Videos]\$ pwd

[student@node1 Videos]\$ cd

[student@node1 ~]\$ mkdir linux21

[student@node1 ~]\$ ls

[student@node1 ~]\$ cd linux21

[student@node1 linux21]\$ ls

[student@node1 linux21]\$ pwd

```
[student@node1 linux21]$ mkdir day4
[student@node1 linux21]$ cd day4
[student@node1 day4]$ ls
[student@node1 day4]$ pwd
```

Test: Graphically (home/.....)

```
[student@node1 day4]$ touch file1 ; ফাইল তৈরির জন্য 'touch' ব্যবহার করা হয়।
[student@node1 day4]$ ls ; ফাইল দেখার জন্য 'ls' কমান্ড
file1
```

```
[student@node1 day4]$ touch index.html ; এক্সটেনশন সহ ফাইল তৈরির কমান্ড।
[student@node1 day4]$ touch file2 file3 file4 ; একাধিক ফাইল একসঙ্গে তৈরি করার কমান্ড।
[student@node1 day4]$ ls ; ফাইল গুলা দেখার জন্য 'ls' কমান্ড
[student@node1 day4]$ mkdir dir1 dir2 dir3 ; এক কমান্ডের মাধ্যমে একাধিক ডিরেক্টরি তৈরি করার
কমান্ড।
[student@node1 day4]$ ls ; আউপুট দেখার জন্য 'ls' কমান্ড
[student@node1 day4]$ mkdir -p dir1/linux/redhat ; ডিরেক্টরি পাথ তৈরির কমান্ড। (-p = parent)
[student@node1 day4]$ touch dir1/linux/rhel9 ; ডিরেক্টরি পাথে ফাইল তৈরি কমান্ড।
[student@node1 day4]$ cd dir1/linux/ ; ডিরেক্টরি পাথে প্রবেশ করার জন্য।
[student@node1 linux]$ ls ; বর্তমান ডিরেক্টরির মধ্যে কি আছে সেটা দেখার জন্য।
centos redhat ; এখানে 'centos' ফাইল এবং 'redhat'
[student@node1 linux]$ pwd ; আমরা কোথায় অবস্থান করছি সেটা দেখার কমান্ড।
/home/student/linux21/day4/dir1/linux
```

```
[student@node1 linux]$ cd /home/student/linux21/day4 ; রুট পার্টিশন (/) হয়ে 'day4' ডিরেক্টরিতে
প্রবেশ করার জন্য।
```

or

```
[student@node1 linux]$ cd ../.. ; দুই ধাপ পিছনে (Parent) ডিরেক্টরিতে যাওয়ার কমান্ড।
[student@node1 linux]$ ls
```

Session :03

Working with File/Directory Properties:

যখন উইন্ডোজ অপারেটিং সিস্টেমে কোনো ফাইল/ডিরেক্টরি সম্পর্কে বিস্তারিত জানার দরকার হয়, তখন ডিরেক্টরির উপরে মাউচের ডান বাটন প্রেস করে 'Properties' থেকে বিস্তারিত তথ্য পাওয়া যায়। যেমনঃ সিকিউরিটি, সাইজ, টাইপ, মোডিফাই/আপডেট তারিখ, ভার্শন ইত্যাদি।

```
[student@node1 day4]$ touch file1 ; 'touch' দিয়ে একটি ফাইল তৈরি করা হয়েছে।
```

```
[student@node1 day4]$ mkdir dir1 ; 'mkdir' দিয়ে একটি ডিরেক্টরি তৈরি করা হয়েছে।
```

```
[student@node1 day4]$ ll ; লিনাক্সে 'll' কমান্ড ব্যবহার করে ফাইল/ডিরেক্টরির বিস্তারিত তথ্য (Properties) দেখা যাবে।
```

```
d  rwx rwx r-x .  2  student student  6   Feb  4 18:06  dir1
-  rw- rw- r-- .  1  student student  0   Feb  4 18:06  file1
```

```
(1) 2a 2b 2c 2d 3 4 5 6 7 8
```

1: file/dir types (লিনাক্সে মোট সাত ধরনের (-, d, l, c, b, s, p) ফাইল/ডিরেক্টরি পাওয়া যাবে)

2: file/dir পার্মিশন ফিল্ড এবং এখানে ডট (.) সহ মোট ১০টি ক্যারেক্টার আছে। এই দশটি ক্যারেক্টার কে আবার ৪ টি আলাদা ফিল্ডে ভাগ করা হয়েছেঃ

2a: user permission,

2b: group permission,

2c: others permission

2d: ACL Permission (.)

3: file/dir link (Hard Link) - ফাইলের ক্ষেত্রে '1' আর ডিরেক্টরির ক্ষেত্রে '2' থাকবে, তবে ভিতরে যত ডিরেক্টরি থাকবে তার উপরে ভিত্তি করে সংখ্যা বাড়বে।

4: file/dir owner (যে ইউজার ফাইল/ডিরেক্টরিটি তৈরি করেছে তার নাম থাকবে)

5: file/dir group owner - (ইউজার যে গ্রুপের সদস্য সেই গ্রুপের নাম থাকবে)

6: file/dir size (byte) - ফাইল হলে '0' বাইট এবং ডিরেক্টরি হলে 6 বাইট (XFS) ফাইল সিস্টেমে।

- 7: file/dir modify date - তৈরির বা আপডেটের তারিখ এবং সময়।
8: file/dir name - ফাইল বা ডিরেক্টরির নাম।

File/dir Permission:

- r = read
- w = write
- x = execute
- = no permission
- . = ACL File Permission (+)

Linux File & Directory types:

- = Regular file : text/any file
- d = Directory : Regular directory (ফোল্ডার)
- l = Link file : \$ ls -l /dev/stdin
- b = Device CD/DVD/HDD : \$ ls -l /dev/sda
- c = Character device : \$ ls -l /dev/tty
- s = Socket : \$ ls -l /run/rpcbind.sock
- p = Pipe file : \$ ls -l /run/initctl

b - Block Devices (CD/DVD/ISO/HDD/USB)

c - printer, sound card, virtual terminal, serial port, parallel port

s - A socket file is used to pass information between applications/process for communication purpose

l - link file (softlink/symbolik link)

P - Pipes are unnamed objects created to allow two processes to communicate. One process reads and the other process writes to the pipe file. This unique type of file is also called a first-in-first-out (FIFO) file.

```
[student@node1 day4]$ cd /dev
```

```
[student@node1 dev]$ ll
```

```
[student@node1 dev]$ cd -
```

```
[student@node1 day4]$ cd /run
```

```
[student@node1 run]$ ll
[student@node1 run]$ cd -
[student@node1 day4]$
```

Copy/Paste/Remove/Rename/Delete

[student@node1 day4]\$ ls ; 'ls' কমান্ড দিয়ে দেখা যাচ্ছে 'file1' এবং 'dir1' নামে একটি করে ফাইল এবং ডিরেক্টরি আছে।

```
file1 dir1
```

[student@node1 day4]\$ cp file1 file2 ; ফাইল কপি করার জন্য 'cp' কমান্ড ব্যবহার করে 'file1' টি কপি করে 'file2' নামে আরেকটি করা হয়েছে।

```
[student@node1 day4]$ ls
```

[student@node1 day4]\$ cp file1 /home/student ; ফাইল কপি করে অন্য লোকেশনে '/home/student' একই নামে।

[student@node1 day4]\$ cp file1 /home/student/file3 ; ফাইল কপি করে অন্য লোকেশনে '/home/student' অন্য নামে।

[student@node1 day4]\$ cd /home/student ; '/home/student' লোকেশনে ঢুকে দেখা হয়েছে কপি হয়েছে কিনা।

```
[student@node1 ~]$ ls
```

```
file1
```

```
file3
```

```
[student@node1 ~]$ cd -
```

[student@node1 day4]\$ cp /etc/passwd . ; অন্য লোকেশন থেকে ফাইল কপি করে বর্তমান ডিরেক্টরির (.) মধ্যে নিয়ে আসার কমান্ড।

[student@node1 day4]\$ ls ; কপি হয়ে আসছে কিনা সেটা দেখার জন্য।

[student@node1 day4]\$ cp /etc/hostname /home/student ; বর্তমান ডিরেক্টরিতে থেকে অন্য ডিরেক্টরির ফাইল কপি করে অন্য লোকেশনে পাঠানোর কমান্ড।

```
[student@node1 day4]$ cd /home/student
```

```
[student@node1 ~]$ ls
```

```
[student@node1 ~]$ cd - ; পূর্বের ডিরেক্টরিতে ফিরে যাওয়ার কমান্ড।
```

[student@node1 day4]\$ cp dir1 dir99 ; wrong command

[student@node1 day4]\$ cp -r dir1 dir99 ; ডিরেক্টরি কপি করার জন্য অবশ্যই 'cp -r' ব্যবহার করতে হবে। (-r = recursively)

[student@node1 day4]\$ cp -r /etc . ; '/etc' ফুল ডিরেক্টরি কপি করে বর্তমান ডিরেক্টরির (.) মধ্যে নিয়ে আসার কমান্ড।

[student@node1 day4]\$ ls

[student@node1 day4]\$ mv file2 file4 ; 'mv' কমান্ড দিয়ে ফাইল 'file2' কে 'file4' নামে পরিবর্তন করা হয়েছে।

[student@node1 day4]\$ ls ; এখানে দেখা যাচ্ছে 'file2' নাম পরিবর্তন করে 'file4' নামে হয়েছে।

[student@node1 day4]\$ mv file4 /home/student ; ফাইল মুভ (cut) করে অন্য লোকেশনে নিয়ে যাওয়া।

[student@node1 day4]\$ ls ; বর্তমান ডিরেক্টরির মধ্যে 'file4' নামে কিছু পাওয়া যাবে না। কারণ এটা '/home/student' মধ্যে পাঠানো হয়েছে।

[student@node1 day4]\$ rm file1 ; ফাইল মুছে ফেলার জন্য 'rm' কমান্ড।

[student@node1 day4]\$ ls ; ফাইল টি নাই (deleted)

[student@node1 day4]\$ rm dir99 ; wrong command (শুধু 'rm' কমান্ড দিয়ে ডিরেক্টরি রিমুভ করা যাবে না)।

[student@node1 day4]\$ rm -r dir99 ; ডিরেক্টরি রিমুভ করার জন্য অবশ্যই '-r' ব্যবহার করতে হবে। (-r = recursively)

[student@node1 day4]\$ rm -r etc ; সম্পূর্ণ ডিরেক্টরি রিমুভ করার জন্য প্রতিবার 'y' অপশন প্রেস করে কনফার্ম করতে হবে।

C^

'Ctrl + C' প্রেস করে, ফাইল রিমুভ বিরত রাখতে পারি।

[student@node1 day4]\$ rm -rf etc ; প্রতিবার 'y' প্রেস করার পরিবর্তে '-rf' ব্যবহার করলে, একসঙ্গে সকল ফাইল/ডিরেক্টরি মুছবে।

(-f = forcefully, r=recursively)

[student@node1 day4]\$ ls ; 'etc' ডিরেক্টরি আছে কিনা দেখার জন্য।
[student@node1 day4]\$ rm -rf * ; বর্তমান ডিরেক্টরির সকল ফাইল/ডিরেক্টরি কনটেন্ট
রিমুভ করার জন্য (*) ব্যবহার করা হয়।
[student@node1 day4]\$ ls ; কিছুই পাওয়া যাবে না।

note: rm -rf * .* লুকানো ফাইল (Hidden) সহ ডিলিট করার কমান্ড।

- The End -

Class -05

Text Processing tools : (echo/cat/less/head/tail/Grep/wc/locate/find/man/help)

প্রথমে আমাদের Day05 এর working ডিরেক্টরি তৈরি করে নিতে হবে। এজন্য student ইউজার দিয়ে লগইন করে 'cd' কমান্ড দিয়ে 'home' ডিরেক্টরিতে প্রবেশ করতে হবে। 'Home' ডিরেক্টরিতে প্রবেশ করার পরে, 'mkdir -p' দিয়ে 'linux21/day5' নামে একটা ডিরেক্টরি পাথ তৈরি করতে হবে এবং 'cd' কমান্ড দিয়ে 'linux21/day5' -এ প্রবেশ করতে হবে। আজকের ল্যাব প্র্যাকটিস করার জন্য 'cp' কমান্ড দিয়ে '/etc/passwd' ফাইলটি কপি করে বর্তমান ডিরেক্টরির মধ্যে নিয়ে আসা হবে, পাশাপাশি 'touch' কমান্ড দিয়ে 'file1' নামে নতুন একটি ফাইল তৈরি হবে। পরিশেষে 'ls' কমান্ড দিয়ে সব কিছু ঠিকঠাক আছে কিনা দেখতে করতে হবে।

```
[student@node1~]$ cd
[student@node1~]$ mkdir -p linux21/day5
[student@node1~]$ cd linux21/day5
[student@node1 day5]$ ls
[student@node1 day5]$ cp /etc/passwd . ; অথবা #cp /etc/passwd
/home/student/linux21/day5
[student@node1 day5]$ ls
passwd
[student@node1 day5]$ touch file1
[student@node1 day5]$ ls
passwd file1
```

Working 'cat' command :

[student@node1 day5]\$ cat file1 ; ফাইলের কনটেন্ট দেখার জন্য 'cat' কমান্ড ব্যবহার করা হয়।
যেহেতু 'file1' নতুন ফাইল সুতরাং এটার ভিতরে কিছু দেখাবে না।

[student@node1 day5]\$ cat passwd ; 'passwd' ফাইলের সম্পূর্ণ কনটেন্ট দেখা যাবে।

[student@node1 day5]\$ cat -n passwd ; লাইন নাম্বার সহ ফাইল দেখার জন্য '-n' অপশন
ব্যবহার করতে হবে।

[student@node1 day5]\$ cat /etc/hostname ; 'cat' কমান্ড ব্যবহার করে অন্য কোনো ডিরেক্টরির ভিতরের ফাইল দেখার জন্য।

[student@node1 day5]\$ cat /etc/redhat-release ; RHEL কোন ভার্সন ব্যবহার করা হচ্ছে, সেটা জানার জন্য।

Working 'echo' and 'variables'

'echo' কমান্ড ব্যবহার করে টার্মিনালে যে কোনো টেক্সট প্রিন্ট করা যাবে। পাশাপাশি 'echo' কমান্ড ব্যবহার করে বিভিন্ন ধরনের সিস্টেম ভেরিয়েবল, ইউজার ডিফাইন ভেরিয়েবল এবং চাইলে সিস্টেমের যেকোনো কমান্ডকেও কল করা যাবে।

[student@node1 day5]\$ clear ; স্ক্রিন ক্লিয়ার করার কমান্ড।
[student@node1 day5]\$ Hello World ; আমরা যদি লিনাক্স টার্মিনালে 'Hello World' লিখে এন্টার প্রেস করলে 'Bash Error' আসবে।

[student@node1 day5]\$ echo "Hello World" ; কিন্তু আমরা যদি 'Hello World' কে 'echo' কমান্ডের মাধ্যমে কল করি, তাহলে সেটা দেখা যাবে।

[student@node1 day5]\$ echo \$SHELL ; লিনাক্স টার্মিনালে ব্যবহৃত শেল/ইন্টারপ্রিটার সম্পর্কে জানার জন্য। এখানে 'SHELL' বড় হাতের অক্ষরে হবে।

[student@node1 day5]\$ echo \$HOSTNAME ; লিনাক্স সিস্টেমে বিল্ট-ইন Environment Variable বড় হাতের (Block Letter) অক্ষরে প্রকাশ করা হয়।

[student@node1 day5]\$ a=100 ; user defined variable
[student@node1 day5]\$ echo \$a
[student@node1 day5]\$ os=linux
[student@node1 day5]\$ echo \$os
[student@node1 day5]\$ date
[student@node1 day5]\$ echo "Today is: \$(date)" ; all bash command

Working Input and Output Redirection (>, >>):

লিনাক্স কমান্ড লাইন ইন্টারফেসে তিন ধরনের ডেটা স্ট্রিম তৈরি ইনপুট/আউট

⌘ stdin - standard input (Value 0) - এক্ষেত্রে টেক্সট ইনপুট হিসেবে গ্রহণ করে। stdin ডিভাইস হচ্ছে - Keyboard

⌘ stdout - standard output (Value 1) - Stdout ডিভাইস হচ্ছে মনিটর

⌘ stderr - standard error (Value 2) - Stderr ডিভাইস error আউপুট জমা রাখে। কমান্ডে যখন কোনো এরর আসে, তখন এরর গুলা জমা করা হয়।

Output Redirection:

```
[student@node1 day5]$ echo "Welcome to RHEL 9"
Welcome to RHEL 9
[student@node1 day5]$ echo "Welcome to RHEL 9" > file1
[student@node1 day5]$ cat file1
[student@node1 day5]$ echo "Welcome to CentOS 9" > file1 ; Overwrite করবে।
[student@node1 day5]$ cat file1
[student@node1 day5]$ echo "Welcome to RHEL 9" >> file1 ; append
[student@node1 day5]$ cat file1
[student@node1 day5]$ history
[student@node1 day5]$ history > shell_history
[student@node1 day5]$ cat shell_history
[student@node1 day5]$ ping -c4 127.0.0.1 > ping
[student@node1 day5]$ ls
[student@node1 day5]$ cat ping
```

Working 'head, tail & less' command :

[student@node1 day5]\$ less passwd ; ফাইল উপর থেকে নিচ পর্যন্ত স্ক্রলিং করে দেখা যাবে। (Press 'q' for quit)

[student@node1 day5]\$ head passwd ; ফাইলের প্রথম ১০ লাইন দেখার জন্য।

[student@node1 day5]\$ tail passwd ; ফাইলের শেষের ১০ লাইন দেখার জন্য।

[student@node1 day5]\$ tail -15 passwd ; ফাইলের শেষের ১৫ লাইন দেখার জন্য।

[student@node1 day5]\$ head -5 passwd ; ফাইলের প্রথম ৫ লাইন দেখার জন্য।

Pipelines :

'|' (pipeline) = Pipeline মূলত ব্যবহার হয়, এক কমান্ডের আউটপুট ফিল্টার করে আরেকটি আউটপুট পাওয়ার জন্য। কমান্ডের সাথে একই সময়ে একাধিক বার '|' (Pipeline) ব্যবহার করা যাবে।

[student@node1 day5]\$ cat -n passwd | head

[student@node1 day5]\$ cat -n passwd | tail

[student@node1 day5]\$ cat -n passwd | less ; press 'q' for quit

Working with 'GREP' :

'grep' এর কাজ হচ্ছে ফাইলের ভিতর থেকে বা কোনো কমান্ডের আউটপুট থেকে কীওয়ার্ড খুঁজে বের করা। 'grep' ব্যবহার করে ফাইলের মধ্যে, লাইনের শুরুতে, লাইনের শেষে Keyword খুঁজতে পারি। 'grep' কে অন্য কমান্ড 'cat', 'tail', 'head', less এর সাথেও ব্যবহার করা যাবে।

[student@node1 day5]\$ grep -n root passwd

```
1 root:x:0:0:root:/root:/bin/bash
10 operator:x:11:0:operator:/root:/sbin/nologin
```

নোটঃ আউটপুটে দেখা যাচ্ছে 'root' কীওয়ার্ড আছে এবং '-n' অপশন ব্যবহার করা হয়েছে লাইন নম্বার দেখার জন্য। এখানে ১ এবং ১০ নম্বার লাইনে 'root' আছে।

```
[student@node1 day5]$ grep FTP passwd
```

```
[student@node1 day5]$ grep "FTP User" passwd ;একাধিক কীওয়ার্ড (String) একসাথে খুঁজতে চাইলে কোট ("") ব্যবহার করতে হবে।
```

```
[student@node1 day5]$ grep -i ftp passwd
```

```
[student@node1 day5]$ tail passwd | grep root ; আমরা চাইলে 'tail' কমান্ডের সাথেও 'grep' ব্যবহার করতে পারি।
```

```
[student@node1 day5]$ head passwd | grep root ; আমরা চাইলে 'head' কমান্ডের সাথেও 'grep' ব্যবহার করতে পারি।
```

```
[student@node1 day5]$ cat passwd | grep bash ; আমরা চাইলে 'cat' কমান্ডের সাথেও 'grep' ব্যবহার করতে পারি।
```

Working with 'wc':

কোনো ফাইলের মধ্যে কতগুলো লাইন, ওয়ার্ড, ক্যারেক্টার (Letter) আছে সেটা দেখাবে। কোনো ডিরেক্টরির মধ্যে কতগুলো ফাইল/ডিরেক্টরি আছে সেই লিস্টও পাওয়া যাবেঃ

```
[student@node1 day5]$ wc passwd
[student@node1 day5]$ ls | wc -l
[student@node1 day5]$ ls /etc | wc -l
```

Working with Linux 'locate command':

locate কমান্ডের মাধ্যমে লিনাক্স সিস্টেমের মধ্যে যে কোনো ফাইল/ডিরেক্টরি খুঁজে বের করা যাবে। locate কমান্ডগুলো প্রয়োগ করার জন্য প্রথমে 'root' ইউজারের প্রিভিলেজ নিতে হবে। এক্ষেত্রে নিচের 'su' (switch user) কমান্ড ব্যবহার করতে হবেঃ

```
[student@node1 day5]$ su
: *****
```

নোটঃ উপরে 'root' ইউজারের পাসওয়ার্ড দিতে হবে।

```
[root@node1 day5]# updatedb ; লিনাক্স সকল ফাইল/ডিরেক্টরি আপডেট (Cache) করার কমান্ড।
```

```
[root@node1 day5]# locate sshd_config ; যে কোন লোকেশনে 'sshd_config' ফাইলে খুঁজে বের করার জন্য।
```

```
[root@node1 day5]# locate -i .jpg ; (i=insensitive) word সাথে extension সহ খুঁজে বের করার জন্য।
```

```
[root@node1 day5]# locate Dhaka
```

Working with Linux 'find command' :

```
[root@node1 day5]# find / -name mail ; mail নামে যে কোনো ফাইল/ফোল্ডার রুট (/) ফাইল সিস্টেমে খোঁজার জন্য।
```

```
[root@node1 day5]# find /var -name mail ; নির্দিষ্ট লোকেশনে '/var' মধ্যে 'mail' নামে কিছু খোঁজার জন্য।
```

```
[root@node1 day5]# find / -user student ; 'student' নামে Owner নামে যত ফাইল আছে, সব খুঁজে বের করার জন্য।
```

```
[root@node1 day5]# find / -type d -name ssh ; 'ssh' নামে ডিরেক্টরি খুঁজে বের করার জন্য।
```

```
[root@node1 day5]# find / -type f -name ssh ; 'ssh' নামে ফাইল খুঁজে বের করার জন্য।
```

```
[root@node1 day5]# find / -type b ; সিস্টেমের সকল ডিভাইস ফাইল (b) খুঁজে বের করার কমান্ড।  
[root@node1 day5]# find / -size +100M ; 100 MB এর উপরের সাইজের সকল ফাইল খুঁজে  
বের করার জন্য।
```

```
[root@node1 day5]# ls -sh /usr/lib64/firefox/libxul.so
```

Working with "Help and Manual" :

```
[root@node1 day5]# man  
[root@node1 day5]# man ping ; ping সম্পর্কিত সকল কমান্ডের তথ্য পাওয়া যাবে। বের হওয়ার  
জন্য 'q' প্রেস করতে হবে।
```

```
[root@node1 day5]# ping --help  
[root@node1 day5]# ping -?
```

```
[root@node1 day5]# mandb
```

```
[root@node1 day5]# whatis sshd_config ; সিস্টেমের নির্দিষ্ট একটি ফাইল সম্পর্কে জানার জন্য।  
[root@node1 day5]# whatis ping ; নির্দিষ্ট কমান্ড 'ping' সম্পর্কে জানার জন্য।  
[root@node1 day5]# whatis find ; নির্দিষ্ট কমান্ড 'find' সম্পর্কে জানার জন্য।
```

The Info Command :

```
[root@node1 day5]# info ping ; স্পেসবার ব্যবহার করে সামনের দিকে যাওয়া যাবে। বের হওয়ার জন্য  
'q' প্রেস করতে হবে।
```

Online Documentation :

docs.redhat.com -> RedHat Enterprise Linux -> System Administration -> PDF

https://access.redhat.com/documentation/en-us/red_hat_enterprise_linux/9

Home work :

** Find out and store number of log messages generated by your system on "July 24, 2023".

```
[student@node1 day5]$ su (switch to root)
,*****
```

Log location Hints:

```
[root@node1 day5]# less /var/log/messages
```

»» —Thank you — ««

Class -06

Linux Text Editor :

Windows Text Editor: notepad, notepad++, sublimetext, visual studio code, atom

Linux Text Editor: vi/vim, nano, gedit (GUI), emacs, pico

Most popular/Advanced Text Editor: Vi/Vim

=> vi - old, b&w, default (Default Editor for Minimal Install Method)

=> vim - advanced, GUI (Mode Only), Colorfull

[student@node1 ~]\$ cd /home ; 'cd' কমান্ড দিয়ে 'home' ডিরেক্টরিতে প্রবেশ করা হয়েছে।

[student@node1 ~]\$ mkdir -p linux21/day6 ; এখানে 'linux21' এর মধ্যে 'day6' নামে আরেকটি সাব-ডিরেক্টরি তৈরি করা হয়েছে।

[student@node1 ~]\$ cd linux21/day6 ; /home/student/linux21/day6 ডিরেক্টরের মাঝে প্রবেশ করা হল।

[student@node1 day6]\$ ls ; এই মুহূর্তে এখানে কোনও ফাইল/ডিরেক্টরি থাকার কথা না।

[student@node1 day6]\$ touch test1 ; 'test1' নামে নতুন একটি ফাইল তৈরি করা হল।

[student@node1 day6]\$ cp /etc/passwd . ; '/etc/passwd' ফাইলটি কপি করে বর্তমান ডিরেক্টরের মধ্যে নিয়ে আসা হয়েছে।

[student@node1 day6]\$ ls ; 'ls' কমান্ড দিয়ে দেখা হয়েছে ফাইল দুইটি ঠিকমত আছে কিনা।

passwd test1

Working with Basic 'vi/vim' editor:

```
[student@node1 day6]$ vim file1
```

; এটা নতুন ফাইল (New File) হিসেবে খুলবে। এখন কীবোর্ড থেকে 'i' বা 'insert' বাটন প্রেস করে লেখা যাবে। আমরা এখানে "welcome to linux vim editor" লাইনটি লিখবো এবং লেখার পরে কীবোর্ড থেকে 'Esc' বাটন প্রেস করবো।

```
:x
```

Note: লেখার জন্য "i" প্রেস করতে হবে। "i" প্রেস করলে নিচে দেখা যাবে, আমরা 'INSERT' মোডে আছি। 'INSERT' মোড ছাড়া মোটেও লেখা যাবে না। আবার যখন ফাইল থেকে বের হয়ে সেভ করার প্রয়োজন হবে, তখন 'INSERT' মোড থেকে 'Esc' বাটন প্রেস করতে হবে। 'Esc' বাটন প্রেস করার পরে 'INSERT' মোড থেকে বের হয়ে ফাইল সেভ করতেও পারি, আবার নাও করতে পারি। সেভ করার জন্য ':x' প্রেস করতে হবে, আর সেভ না করতে চাইলে, ':q!' প্রেস করতে হবে।

```
[student@node1 day6]$ ls
```

```
[student@node1 day6]$ cat file1
```

Working with Basic 'nano' editor:

```
[student@node1 day6]$ nano file2 ; 'nano' কমান্ড ব্যবহার করে সরাসরি ফাইলে লেখা যাবে।  
welcome to linux nano editor
```

এখানে 'vim/vi' এর মত লেখার জন্য কোনো বাটন প্রেস করতে হবে না। আমরা চাইলে সরাসরি লিখতে পারি। লেখার পরে, ফাইলের নিচের ইন্সট্রাকশন অনুযায়ী

'Ctrl+X' প্রেস (Exit) করতে হবে। তখন সেভ করা হবে কিনা (Y/N) এমন প্রশ্ন করবে, আমরা সেভ করতে চাইলে 'Y' প্রেস করে 'Enter' দিলে 'file2' নামে সেভ হবে।

```
[student@node1 day6]$ ls
```

```
[student@node1 day6]$ cat file2 ; 'nano' এডিটর দিয়ে ফাইলে লেখার পরে দেখার জন্য।
```

Working with Basic 'gedit' editor :

'gedit' ব্যবহার করতে হলে অবশ্যই গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস (GUI) ব্যবহার করতে হবে। 'gedit' ব্যবহার করার সময় আমরা কীবোর্ড ছাড়াও মাউচ ব্যবহার করে ফাইল সেভ, ফাইলের কন্টেন্ট কপি (copy), পেস্ট (Paste), কাট (cut), মুছতে (delete) করতে পারি।

```
[student@node1 day6]$ gedit file3
```

```
welcome to graphical geditor
```

নোটঃ ফাইল সেভ করার জন্য 'Ctrl + s' প্রেস করে অথবা মাউচের বাউট উপরের ডান সাইডে 'save' বাটনে ক্লিক করে সেভ করা যাবে।

```
[student@node1 day6]$ cat file3
```

Working with vi/vim Mode :

⌘ Insert Mode : শুধুমাত্র লেখার জন্য। Insert মোডে ঢোকানোর জন্য "i" অথবা "insert" কী প্রেস করতে হয়।

⌘ Command Mode: ফাইলের মাঝে কার্সর নেভিগেশন, cut, copy, paste, undo, redo করতে ব্যবহার করা হয়।

⌘ Visual Mode: কীবোর্ড থেকে "ctrl + v" বা 'v' প্রেস করে 'VISUAL BLOCK' এর মাধ্যমে নির্দিষ্ট অংশ সিলেক্ট করতে পারেন এবং সেই অংশ ডিলিট,কপি (y) করতে পারেন। যেখানে নিয়ে পেস্ট করবেন সেখানে গিয়ে 'p' প্রেস করতে হবে।

⌘Exit Mode : যখন ফাইল হতে বের হওয়ার জন্য ':x' বা ':wq' প্রেস করি তখন সেটকে Exit মোড বলা হয়।

Working with 'vi/vim' command modes :

```
[student@node1 day6]$ ls
```

```
[student@node1 day6]$ vim file1 ; 'file1' নামের ফাইলটি পুনরায় ওপেন করা হয়েছে।
```

⌘ insert মোডে প্রবেশের জন্য কীবোর্ড থেকে "i" প্রেস করা হবে।

⌘ "welcome to linux training" এটা আমরা দ্বিতীয় লাইনে লিখবো।

⌘ লেখার পরে 'insert' মোড থেকে বের হওয়ার জন্য 'Esc' প্রেস করতে হবে।

⌘ শুধু সেভ করার জন্য ':w' লিখে এন্টার প্রেস করতে হবে, এক্ষেত্রে ফাইল থেকে বের হবে না, কিন্তু ফাইল সেভ হয়ে যাবে।

নোটঃ ':w' (write) প্রেস করার ফলে, আমাদের ২ টি লাইন সেভ হয়েছে।

⌘ পুনরায় 'insert' মোডে প্রবেশ করে তৃতীয় লাইনে 'goodbye' লেখার পরে, যদি তৃতীয় লাইন সেভ করতে না চাই, তাহলে পুনরায় 'Esc' বাটন প্রেস করে ':q!' লিখে এন্টার প্রেস করতে হবে।

নোটঃ এখানে ':q!' (quit) প্রেস করার পরে এডিটর থেকে সেভ ব্যাতিত বের হয়ে যাবে। এখানে (!) ব্যবহার করে Forcely quit করা হয়েছে।

```
[student@node1 day6]$ cat file1
```

```
welcome to linux vim editor
```

```
welcome to linux training
```

```
[student@node1 day6]$ cat passwd
```

```
[student@node1 day6]$ vim passwd ; 'passwd' ফাইল নামে যে ফাইলটি আমরা কপি করেছিলাম সেটা ওপেন করা হয়েছে।
```

```
:set nu
```

'esc' মোডে কীবোর্ড থেকে ':set nu' টাইপ করে এন্টার প্রেস করলে বাম পাশ দিয়ে ফাইলের লাইন নম্বার দেখাবে।

```
1 root:x:0:0:root:/root:/bin/bash
```

2 bin:x:1:1:bin:/bin:/sbin/nologin

3 daemon:x:2:2:daemon:/sbin:/sbin/nologin

Cursor Movement :

h j k l - বামে (h), নিচে (j), উপরে (k), ডানে (l)

^ - লাইনের শুরুতে যাওয়ার জন্য (Shift + 6) প্রেস করতে হবে।

\$ - লাইনের শেষে যাওয়ার জন্য (Shift + 4) প্রেস করতে হবে।

gg - ফাইলের প্রথম লাইনে যাওয়ার জন্য।

G - ফাইলের শেষের লাইনে যাওয়ার জন্য।

:n - ফাইলের নির্দিষ্ট লাইনে যাওয়ার জন্য। যদি ২৫ নাম্বার লাইনে যেতে চাই, তাহলে ':25' প্রেস করতে হবে।

Replacing Text :

r - কোনো অক্ষর (letter/character) পরিবর্তন করতে চাইলে, প্রথমে 'r' প্রেস করতে হবে, তার পরে কীবোর্ড থেকে যে অক্ষর (letter/character) প্রেস করা হবে, সেই অক্ষর (letter/character) দিয়ে পরিবর্তন (replace) হবে।

Copy/Paste :

yw - word কপি করার জন্য। যে word টি কপি করতে চাই, সেখানে কার্সর রেখে 'yw' প্রেস করলে কপি হবে। এর পরে যেখানে নিয়ে Paste করতে চাই, সেখানে গিয়ে 'P/p' প্রেস করতে হবে।

yy - Yank line (single Line) একটি লাইন কপি করতে চাইলে 'yy' প্রেস করতে হবে। যেখানে Paste করা হবে, সেখানে কার্সর রেখে 'p' (Paste) করতে হবে। লাইনের নিচে 'Paste' করার জন্য 'p' এবং লাইনের উপরে 'Paste' করার জন্য 'P' প্রেস করতে হবে।

nyy - কয়েক লাইন কপি (yank) করার জন্য। আমরা যদি ০৫ লাইন কপি করতে চাই, তাহলে '5yy' প্রেস করে কপি (yank) করতে পারি এবং যেখানে Paste করা হবে, সেখানে গিয়ে 'P/p' প্রেস করতে হবে।

p - লাইনের নিচে 'Paste' করার জন্য।

P - লাইনের উপরে 'Paste' করার জন্য।

Inserting Text :

- i - কমান্ড মোড থেকে Insert মোডে প্রবেশ করার জন্য 'i' বা 'Insert' বাটন প্রেস করতে হয়।
- I - লাইনের শেষে থেকে 'I' প্রেস করলে, লাইনের শুরুতে গিয়ে 'Insert' মোডে ঢোকা যাবে।
- a - কার্সরের পরে 'Insert' মোডে ঢোকানোর জন্য 'a' প্রেস করতে হবে।
- A - 'A' প্রেস করলে কার্সর লাইনের শেষে গিয়ে হতে 'Insert' মোডে প্রবেশ করা যাবে।
- o - 'o' প্রেস করলে বর্তমান লাইনের নিচে 'Insert' মোড আসবে বা লেখা যাবে।
- O - 'O' প্রেস করলে বর্তমান লাইনের উপরে 'Insert' মোড আসবে বা লেখা যাবে।

Delete/Cut Text :

- x - একটি করে অক্ষর (Character) কার্সরের সামনে থেকে ডিলিট (cut) হবে।
- dd - একটি লাইন ডিলিট বা কাট (Cut) করার জন্য।
- n dd - কয়েক লাইন (n সংখ্যক) ডিলিট করার জন্য।
- dw - delete (cut) word
- D - কার্সর যেখানে আছে (লাইনের মাঝে) সেখান থেকে লাইনের শেষ পর্যন্ত delete/cut করার জন্য।

Undo/Redo :

- u - Undo (পূর্বের অবস্থায় ফিরে যাওয়া যাবে)
- Ctrl+r - Redo

Searching :

- /pattern - Forward search for {pattern} উদাহরণ স্বরূপ '/var' তার পরে 'n' প্রেস করতে থাকুন।
- ?pattern - Reverse search for {pattern}
- n - পরবর্তী প্যাটার্নে জাম্প করবে।
- N - পূর্বের প্যাটার্নে জাম্প করবে।

Find and Replace :

- :%s/old_pattern/new_pattern/gc - 'gc' প্রেস করলে প্রতিটি প্যাটার্ন পরিবর্তন হওয়ার আগে কনফার্মেশন চাবে।
- :%s/old_pattern/new_pattern/g - 'g' প্রেস করলে সব প্যাটার্ন গুলা একসাথে পরিবর্তন হবে।

উদাহরণঃ :%s/root/admin/g

Module Summary :

:w - Write (শুধুমাত্র সেভ হবে।)

:wq or :x - সেভ হবে সেই সাথে ফাইল থেকে বের হয়ে যাবে।

:q - কোনো একটি ফাইলে ভুলক্রমে ঢুকে পড়েছেন, কিন্তু কোনো টেক্সট টাইপ করা হয়নি, এক্ষেত্রে বের হওয়ার জন্য 'q' প্রেস করলেই হবে।

:q! - কোনো একটি ফাইলে ঢুকে কিছু একটা লিখেছি, এক্ষেত্রে সেভ ছাড়া (Forcely) বের হওয়ার জন্য 'q!' প্রেস করলেই হবে।

:wq! - Forcely ফাইলে সেভ এবং বের হওয়ার জন্য।

\$ vimtutor - vi/vim সম্পর্কে আরোও বিস্তারিত জানার জন্য।

//////////////////// Thank you //////////////////////

Class -07 (Day 07) User and Group Administration

Module Objectives

- ⌘ লিনাক্স সিস্টেমে বিভিন্ন ধরনের ইউজার এবং গ্রুপ সম্পর্কে বিস্তারিত আলোচনা।
- ⌘ লিনাক্স সিস্টেমের ইউজার প্রোফাইল এবং গ্রুপ প্রোফাইল নিয়ে বিস্তারিত আলোচনা।
- ⌘ লিনাক্স সিস্টেমের ইউজার এবং গ্রুপ ম্যানেজমেন্টের উপরে বিস্তারিত আলোচনা।
- ⌘ লিনাক্সে 'Superuser' এবং 'SUDO' ইউজারের প্রিভিলেজ সম্পর্কে বিস্তারিত আলোচনা।
- ⌘ লিনাক্স সিস্টেমে ইউজারের পাসওয়ার্ড প্রোফাইল এবং পাসওয়ার্ড পলিসি নিয়ে বিস্তারিত আলোচনা।

আমাদের পূর্বের ক্লাস গুলোতে রেগুলার ইউজার 'student' দিয়ে লগইন করে সকল কাজ করেছি। আজ থেকে পরবর্তী সকল ক্লাস গুলো 'root' ইউজার দিয়ে লগইন করে কাজ করতে হবে। এক্ষেত্রে RHEL/CentOS অপারেটিং সিস্টেমের লগইন স্ক্রিন থেকে 'Not Listed' সিলেক্ট করে 'root' এর নাম দিতে হবে, তারপরে 'root' ইউজারের পাসওয়ার্ড চাবে। পাসওয়ার্ড দেওয়ার পরে এবং পাসওয়ার্ড সঠিক হলে লগইন করতে দিবে।

লিনাক্স সিস্টেমে সব ধরনের ইউজারদের ডাটাবেজ ফাইল হচ্ছে '/etc/passwd' নিচের কমান্ডের মাধ্যমে সিস্টেমের সকল ইউজার সম্পর্কিত তথ্য পাওয়া যাবেঃ

[root@node1 ~]# less /etc/passwd ; স্ক্রলিং করে সম্পূর্ণ ফাইল দেখা যাবে। বের হওয়ার জন্য কীবোর্ড থেকে 'q' প্রেস করতে হবে।

লিনাক্স সিস্টেমে তিন (০৩) ধরনের ইউজার আছে নিচের তার লিস্ট দেওয়া হলঃ

1. root : 0
2. system user: 1 - 999
3. regular user: 1000 +

এখানে root ইউজারের আইডি (UID) '0', সিস্টেম ইউজারের আইডি (UID) '1-999' এবং রেগুলার ইউজারের আইডি (UID) '1000' থেকে শুরু হয়। লিনাক্স সিস্টেম ডিফল্ট ভাবে 60,000 ইউজার সাপোর্ট করে। তবে বেশি ইউজার হলে লোকাল সিস্টেমের বদলে ডাটাবেজ ব্যবহার হয়। কারণ, বেশি ইউজার লোকাল সিস্টেম দিয়ে ম্যানেজ করা কঠিন হয়ে যায়।

নির্দিষ্ট কোনো ইউজারের ইউজার আইডি (UID) জানার জন্য নিচের কমান্ডঃ

```
[root@node1~]# id root ; root ইউজার সিস্টেমে আছে কিনা জানার জন্য।  
[root@node1~]# id mail ; mail ইউজার সিস্টেমে আছে কিনা জানার জন্য।  
[root@node1~]# id student ; student ইউজার সিস্টেমে আছে কিনা জানার জন্য।
```

```
[root@node1~]# id tarek ; tarek ইউজার সিস্টেমে আছে কিনা জানার জন্য।  
[root@node1~]# useradd tarek ; নতুন ইউজার হিসেবে 'tarek' ইউজারকে তৈরি করা হয়েছে।  
[root@node1~]# id tarek ; tarek ইউজার তৈরি হয়েছে কিনা সেটা দেখার জন্য।
```

```
[root@node1~]# tail /etc/passwd ; '/etc/passwd' ফাইলে 'tarek' ইউজারের প্রোফাইল যোগ হয়েছে  
কিনা সেটা দেখার জন্য।
```

```
[root@node1~]# grep tarek /etc/passwd ; '/etc/passwd' ফাইল থেকে শুধুমাত্র 'tarek' ইউজারের  
প্রোফাইল চেক করার জন্য।
```

```
tarek:x:1001:1001:~/home/tarek:/bin/bash
```

```
1 2 3 4 5 6 7
```

- 1 - ইউজারের লগইন নাম, যেটা ইউনিক হবে এবং নামের মাঝে কোনো স্পেস থাকবে না। যেমনঃ tarek, tarek.hossain, tarek123, tarek_123,
- 2 - ইউজারের পাসওয়ার্ড সম্পর্কিত তথ্য থাকে যেটা মূলত থাকে '/etc/shadow'
- 3 - ইউজার আইডি (UID) প্রত্যেকটি ইউজারের আলাদা আলাদা ইউজার আইডি (UID) থাকবে।
- 4 - প্রাইমারী গ্রুপ আইডি (GID), ইউজার আইডি (UID) এর পাশাপাশি প্রত্যেকটি ইউজারের GID থাকবে, এটাকে বলা হয়, প্রাইমারী গ্রুপ (GID) আইডি।
- 5 - ইউজারের পূর্ণ নাম বা বিস্তারিত তথ্য। যেমনঃ "Md. Tarek Hossain", "Database Admin", "System Admin"
- 6 - ইউজারের হোম ডিরেক্টরি। যখন কোনো রেগুলার ইউজার তৈরি করা হয়, তখন '/home' ডিরেক্টরির মধ্যে সেই ইউজারের নামে একটি ডিরেক্টরি তৈরি হয়। যার মধ্যে উক্ত ইউজারের সকল প্রোফাইল সম্পর্কিত তথ্য থাকে।

7 - ইউজারের ব্যবহৃত শেলের নাম (/bin/bash)। এটা শুধুমাত্র যে সকল ইউজার সিস্টেমে লগইন করবে তাদের ক্ষেত্রে থাকবে। যে সকল ইউজার সিস্টেমে লগইন করার পার্মিশন নাই তাদের ক্ষেত্রে '/sbin/nologin'। ইউজারের শেল এন্টিভ/এনাবেল না থাকলে সেই ইউজার সিস্টেমে লগইন করতে পারবে না।

; সিস্টেমের সকল ইউজারের পাসওয়ার্ড সম্পর্কিত তথ্য থাকে '/etc/shadow' ফাইলে। ইউজারের পাসওয়ার্ড সম্পর্কিত তথ্য জানার জন্য নিচের কমান্ড।

```
[root@node1~]# tail /etc/shadow
```

; /etc/shadow' ফাইল থেকে 'tarek' ইউজারের পাসওয়ার্ড সম্পর্কিত তথ্য জানার জন্য নিচের কমান্ড।

```
[root@node1~]# grep tarek /etc/shadow
```

```
[root@node1~]# useradd hasan ; 'hasan' নামে আরও একজন ইউজার তৈরি করা হল।
```

```
[root@node1~]# useradd mamun ; 'mamun' নামে আরও একজন ইউজার তৈরি করা হল।
```

```
[root@node1~]# passwd hasan ; 'passwd' কমান্ডের মাধ্যমে 'hasan' ইউজারের পাসওয়ার্ড সেট করা হয়েছে।
```

```
=====  
=== Changing password for user hasan. ===  
=== New password: ***** (redhat) ===  
=== BAD PASSWORD: The password is shorter than 8 characters ===  
=== Retype new password: ***** (redhat) ===  
=====
```

নোটঃ পাসওয়ার্ড দেওয়া এবং পরিবর্তন করার জন্য একই কমান্ড। পাসওয়ার্ড দেওয়ার সময় কিছু ওয়ার্নিং দিবে, পাসওয়ার্ড হিসেবে আমরা এখানে 'redhat' ব্যবহার করবো। পাসওয়ার্ড স্ক্রিনে দেখা যাবে না, সেই সাথে কোনো ইউজারের পুরাতন পাসওয়ার্ড দেখা যাবে না, বা জানা যাবে না। পাসওয়ার্ড এনক্রিপ্টেড (hash) ফরম্যাটে থাকে।

```
[root@node1~]# tail /etc/shadow ; /etc/shadow' ফাইলে 'hasan' ইউজারের পাসওয়ার্ড সেট হয়েছে কিনা সেটা জানার জন্য।
```

যেহেতু আমরা 'hasan' ইউজারের পাসওয়ার্ড সেট করেছি, সুতরাং আলাদা টার্মিনাল ব্যবহার করে লগইন করে টেস্ট করবো যে, 'hasan' ইউজার দিয়ে সিস্টেমে লগইন করা যায় কিনা। আমরা কীবোর্ড থেকে 'Alt + Ctl + F3' প্রেস

করলে নতুন 'Login Prompt' আসবে সেখানে 'Login Name' হিসেবে 'hasan' লিখে 'Enter' প্রেস করলে 'hasan' ইউজারের পাসওয়ার্ড দেওয়ার অপশন আসবে। এখন পাসওয়ার্ড হিসেবে 'redhat' টাইপ করে এন্টার প্রেস করলে লগইন হবে।

নোটঃ পাসওয়ার্ড দেখা যাবে না।

login: hasan ; এখানে লগইন নাম হিসেবে 'hasan' দিতে হবে।
pass: *** ; 'hasan' ইউজারের পাসওয়ার্ড দিতে হবে। উল্লেখ্য যে, পাসওয়ার্ড স্ক্রিনে দেখা যাবে না এবং numlock চেক করে নিতে হবে।

```
[hasan@node1 ~]$ exit
```

; 'hasan' ইউজার দিয়ে লগইন করলে, তার জন্য আলাদা 'shell' ওপেন হবে। এখান থেকে বের হওয়ার জন্য 'exit' প্রেস করতে হবে। পুনরায় গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেসে ফিরে যাওয়ার জন্য 'Alt+ctrl+F2' প্রেস করতে হবে।

Class Work :

Create an user 'rony' and set his password 'redhat' and login through command console 'tty5'.

Session 02: Linux Group Administration

লিনাক্স সিস্টেমে নতুন 'Group' তৈরি করার জন্য 'groupadd' কমান্ড ব্যবহার করা হয়।

```
[root@node1~]# groupadd trainer ; 'groupadd' কমান্ড ব্যবহার করে 'trainer' নামে একটি গ্রুপ তৈরি করা হয়েছে।
```

```
[root@node1~]# groupadd staff ; 'groupadd' কমান্ড ব্যবহার করে 'staff' নামে আরও একটি গ্রুপ তৈরি করা হয়েছে।
```

যখন কোনো Group তৈরি করা হয় তখন '/etc/group' ফাইলে জমা হয়। লিনাক্স সিস্টেমে Group সম্পর্কিত তথ্য জানার জন্য নিচের কমান্ডঃ

```
[root@node1~]# tail /etc/group
```

```
trainer :x: 1004:
```

```
1 2 3 4
```

- 1 - গ্রুপের নাম (প্রাইমারি/সেকেন্ডারি গ্রুপ)
- 2 - গ্রুপের পাসওয়ার্ড সম্পর্কিত তথ্য থাকে যেটা মূলত থাকে '/etc/gshadow'
- 3 - গ্রুপ আইডি (GID)
- 4 - গ্রুপের সদস্য (Members)

নোটঃ যখন কোনো ইউজার তৈরি করা হয়, তখন ইউজার একাউন্টের পাশাপাশি উক্ত ইউজারের '/etc/group' ফাইলে গ্রুপ একাউন্টও তৈরি হয়। এটাকে বলা হয় প্রাইমারী গ্রুপ এবং প্রাইমারী গ্রুপ কখনো ডিলিট করা যায় না।

```
[root@node1~]# grep trainer /etc/group ; 'grep' কমান্ড ব্যবহার করে সিস্টেমে 'trainer' Group আছে কিনা চেক করা হয়েছে।
```

```
trainer:x:1004:
```

```
[root@node1~]# useradd -G trainer pavel ; নতুন ইউজার হিসেবে 'pavel' ইউজারকে 'trainer' গ্রুপে যোগ করা হল।
```

```
[root@node1~]# usermod -G trainer tarek ; পুরাতন ইউজার হিসেবে 'tarek' ইউজারকে 'trainer' গ্রুপে যোগ করা হল।
```

```
[root@node1~]# grep trainer /etc/group ; 'grep' কমান্ড ব্যবহার করে সিস্টেমে 'trainer' গ্রুপের মেম্বার লিস্ট দেখা হয়েছে।
```

```
trainer:x:1004:tarek,pavel
```

```
[root@node1~]# useradd ikbal ; 'ikbal' নামে আরও একজন ইউজার তৈরি করা হল।
```

```
[root@node1~]# usermod -G trainer,staff ikbal
```

; উপরের কমান্ডে ikbal' ইউজারকে একাধিক গ্রুপে 'staff & trainer' ঢোকানো করা হল।

```
[root@node1~]# grep staff /etc/group ; 'staff' গ্রুপের তথ্য দেখার জন্য।  
[root@node1~]# grep trainer /etc/group ; 'trainer' গ্রুপের তথ্য দেখার জন্য।
```

```
[root@node1~]# id ikbal ;'ikbal' ইউজার কোন কোন গ্রুপের সদস্য সেটা দেখার জন্য  
ব্যবহার করা হয়েছে।
```

```
uid=1005(ikbal) gid=1005(ikbal) groups=1005(ikbal),1005(staff),1004(trainer)
```

```
[root@node1~]# gpasswd -d ikbal staff ; কোনো ইউজার কে নির্দিষ্ট কোনো গ্রুপ থেকে বাদ দেওয়ার  
জন্য 'gpasswd' কমান্ড।
```

```
[root@node1~]# grep staff /etc/group ; ইউজার 'ikbal' 'staff' গ্রুপ থেকে রিমুভ হয়েছে কিনা  
সেটা চেক করার জন্য।
```

Session 03: User Profile Modify

Login as root user

```
[root@node1~]# useradd -u 3000 rafat ; নির্দিষ্ট ইউজার আইডি (UID) ব্যবহার করে 'rafat' নামে  
ইউজার তৈরি করা হয়েছে।
```

```
[root@node1~]# id rafat ; 'rafat' ইউজার তৈরি হয়েছে কিনা সেটা জানার জন্য।
```

```
[root@node1~]# groupadd -g 4000 support ; নির্দিষ্ট গ্রুপ আইডি (GID) ব্যবহার করে 'support' নামে  
গ্রুপ তৈরি করা হয়েছে।
```

```
[root@node1~]# tail /etc/group ; গ্রুপ সম্পর্কিত তথ্য দেখার জন্য।
```

```
[root@node1~]# grep rafat /etc/passwd ; 'rafat' ইউজারের প্রোফাইল চেক করা হয়েছে।  
rafat:x:3000:3000::/home/rafat:/bin/bash
```

এখন 'rafat' ইউজারের প্রোফাইল পরিবর্তন করা হবে। এখানে আমরা 'rafat' ইউজারের পূর্ণ নাম, হোম ডিরেক্টরি এবং শেল পরিবর্তন করবো।

```
[root@node1~]# usermod -c "Mr. Rafat Hussain" rafat
```

নোটঃ 'rafat' ইউজারের পূর্ণ নাম যোগ করা হয়েছে। এখানে '-c' অপশন ব্যবহার করা হয়েছে যার অর্থ 'comment'।

```
[root@node1~]# grep rafat /etc/passwd
rafat:x:3002:3002:Mr. Rafat Hussain:/home/rafat:/bin/bash
```

; আমরা এখানে দেখতে পাচ্ছি যে, 'rafat' ইউজারের পূর্ণ নাম যোগ হয়েছে।

যখন কোনো ইউজার তৈরি করা হয়, তখন ডিফল্ট হিসেবে সকল ইউজার '/home' ডিরেক্টরির মধ্যে তৈরি হয়। তবে, আমরা চাইলে লোকেশন পরিবর্তন করতে পারি।

```
[root@node1~]# grep rafat /etc/passwd
rafat:x:3002:3002:Mr. Rafat Hussain:/home/rafat:/bin/bash
```

নোটঃ এখানে দেখতে পাচ্ছি 'rafat' ইউজারের হোম ডিরেক্টরি হচ্ছে '/home/rafat'

ইউজারের হোম ডিরেক্টরি পরিবর্তন করার জন্য, প্রথমে অন্য স্থানে আরেকটি ডিরেক্টরি তৈরি করে নিতে হবে। যেটা ইউজারের নতুন হোম ডিরেক্টরি হিসেবে কাজ করবে।

```
[root@node1~]# mkdir -p /newhome/rafat2 ; '/newhome/rafat2' একটি হোম ডিরেক্টরি তৈরি করা হয়েছে।
```

```
[root@node1~]# usermod -d /newhome/rafat2 rafat
```

নোটঃ উপরের কমান্ডে 'rafat' ইউজারের হোম ডিরেক্টরি পরিবর্তন করে '/newhome/rafat2' লোকেশনে দেওয়া হয়েছে।

```
[root@node1~]# grep rafat /etc/passwd ; এখানে দেখা যাচ্ছে 'rafat' ইউজারের হোম ডিরেক্টরি পরিবর্তন হয়েছে।
rafat:x:3002:3002: /newhome/rafat2:/bin/bash
```

Change User's Shell :

এখন 'rafat' ইউজারের শেল পরিবর্তন করা হবে। যখন কোনো ইউজার তৈরি করা হয়, তখন ডিফল্ট শেল হিসেবে '/bin/bash' থাকে তবে, ইউজার চাইলে তার ইচ্ছামত শেল পরিবর্তন করতে পারবে। লিনাক্স সিস্টেমে বিভিন্ন ধরনের শেল থাকে 'sh, bash, cshell, zshell, tcshell'। এক এক ধরনের শেল আলাদা আলাদা কমান্ড, কমান্ড সিনট্যাক্স, সাপোর্ট করে। তবে, অধিকাংশ ডিস্ট্রিবিউশন ব্যবহার করে '/bin/bash' কোনো ইউজার তার শেল ছাড়া সিস্টেমে লগইন করতে পারবে না, সেটা লোকাল কনসোল দিয়ে হউক অথবা রিমোট কনসোল দিয়ে। মূলত যারা সিস্টেম অ্যাডমিন তাদের শেল এনাবেল '/bin/bash' আর যারা রেগুলার সার্ভিস ব্যবহারকারী ইউজার (Mail, FTP, File) কিন্তু, সিস্টেম অ্যাডমিন না, তাদের ক্ষেত্রে '/sbin/nologin' থাকা উচিত। আর '/sbin/nologin' থাকলে কোনো ইউজার কোনো ভাবেই সিস্টেমে লগইন করতে পারবে না।

```
[root@node1~]# cat /etc/shells ; লিনাক্স সিস্টেমে যত গুনা 'shell' ইন্টল আছে  
সেই লিস্ট দেখা যাবে।
```

```
/bin/sh  
/bin/bash  
/usr/bin/sh  
/usr/bin/bash
```

```
[root@node1~]# grep rafat /etc/passwd ; 'rafat' ইউজারের বর্তমান 'shell' দেখার জন্য।  
rafat:x:3000:3000: :/newhome/rafat2:/bin/bash
```

; 'rafat' ইউজারের 'shell' হিসেবে '/bin/bash' সেট করা আছে, যার অর্থ 'rafat' ইউজার সিস্টেমে লগইন করতে পারবে।

এখন 'rafat' ইউজারের 'shell' পরিবর্তন করে '/sbin/nologin' করা হবে।

```
-----  
[root@node1~]# usermod -s /sbin/nologin rafat
```

; 'rafat' ইউজারের 'shell' পরিবর্তন করে '/sbin/nologin' করা হয়েছে।

```
[root@node1~]# grep rafat /etc/passwd  
rafat:x:3000:3000:Mr. Rafat Hussain:/newhome/rafat2:/sbin/nologin
```

; আউপুটে দেখা যাচ্ছে 'rafat' ইউজারের 'shell' পরিবর্তন হয়ে '/sbin/nologin' হয়েছে।

```
[root@node1~]# su rafat ; unable to switch rafat user
```

This account is currently not available.

```
[root@node1~]# usermod -s /bin/bash rafat ; পুনরায় 'rafat' ইউজারের লগইন 'shell'
'/bin/bash' সেট করা হয়েছে।
```

```
[root@node1~]# grep rafat /etc/passwd
rafat:x:3000:3000: :/newhome/rafat2:/bin/bash
```

```
[root@node1~]# su rafat ; আমরা চাইলে আবার চেক করে নিতে পারি।
```

User's Account Lock and unlock:

```
[root@node1~]# grep student /etc/shadow ; 'student' ইউজারের পাসওয়ার্ড সম্পর্কিত তথ্য
জানার জন্য।
```

```
student:$6$sfs8vX/U.....!yRg1::0:99999:7::: ; এখানে দেখতে পাচ্ছি 'student' ইউজারের পাসওয়ার্ড
দেওয়া আছে এবং শুরুতে '$6' মানে একটিভ আছে।
```

```
[root@node1~]# usermod -L student ; 'student' ইউজারের একাউন্ট লক করে দেওয়া হয়েছে।
এখানে '-L' মানে 'Lock'
```

```
[root@node1~]# grep student /etc/shadow
student: ! $6$sfs8vX/U.....!yRg1::0:99999:7:::
```

; এখানে দেখতে পাচ্ছি 'student' ইউজারের পাসওয়ার্ড দেওয়া আছে এবং কিন্তু শুরুতে '!\$6' মানে Locked করা।

- 1) ::: - কোনো পাসওয়ার্ড সেট করা হয়নি।
- 2) :\$6\$sfs8vX/U: => পাসওয়ার্ড সেট করা আছে এবং একটিভ (Unlocked)।
- 3) !:\$6\$sfs8vX/U: => পাসওয়ার্ড সেট করা আছে এবং ইন-একটিভ (Locked)।
- 4) : : => পাসওয়ার্ড রিমুভ করে দেওয়া হয়েছে। ইউজার পাসওয়ার্ড ছাড়াই লগইন করতে পারবে।

Check: Alt + Ctrl + F3 (use username password)

; 'Alt + Ctl + F3' প্রেস করে নতুন কনসোল দিয়ে লগইন করে দেখা যেতে পারে।

```
[root@node1~]# usermod -U student ; 'student' ইউজারের একাউন্ট পুনরায় Unlock করা হয়েছে।  
এখানে '-U' অর্থ 'Unlock'।
```

```
[root@node1~]# grep student /etc/shadow  
student:$6$sfs8vX/U..... !yRg1::0:99999:7:::
```

```
[root@node1~]# id ikbal ; 'ikbal' নামে কোনো ইউজার আছে কিনা চেক করা হয়েছে।
```

```
[root@node1~]# userdel -r ikbal
```

```
[root@node1~]# id ikbal
```

; ইউজারের সকল তথ্য (home/mail/data/log) সবকিছু সহ মুছতে চাইলে 'userdel -r' কমান্ড ব্যবহার করতে হবে।

```
[root@node1~]# cat /etc/passwd ; সিস্টেমে ইউজারের প্রোফাইল ডেটাবেজ চেক করলে 'rafat'
```

ইউজারের আর কোন তথ্য পাওয়া যাবে না।

```
[root@node1~]# groupdel support ; সিস্টেম থেকে গ্রুপ মুছে দেবার জন্য 'groupdel' কমান্ড  
ব্যবহার করা হয়।
```

```
[root@node1~]# tail /etc/group ; /etc/group ফাইল থেকে গ্রুপ রিমুভ হয়েছে কিনা সেটা দেখার  
জন্য।
```

Session 04: Linux SUDO Command

Working with Linux SUDO Privilege :

এখন লিনাক্স সিস্টেমে 'sudo' প্রিভিলেজ নিয়ে কাজ করা হবে, এইজন্য একজন নতুন ইউজার দরকার, সেজন্য 'mahedi' নামে একজন ইউজার তৈরি করা হবে এবং সেই সাথে 'mahedi' ইউজারের পাসওয়ার্ড সেট করা হবে।

```
[root@node1 ~]# useradd mahedi
```

```
[root@node1 ~]# passwd mahedi
```

```
[root@node1 ~]# su - mahedi
```

```
[mahedi@node1 ~]$ useradd rasel
useradd: Permission denied.
useradd: cannot lock /etc/passwd; try again later.
```

আমরা যদি 'mahedi' ইউজার দিয়ে লগইন করে 'rasel' নামে ইউজার তৈরি করতে চাই, তাহলে উপরের মত আউটপুট 'Permission denied' দিবে। কারণ, 'mahedi' ইউজার একজন রেগুলার ইউজার, সুতরাং 'mahedi' ইউজার অন্য কোনো ইউজারকে তৈরি করতে পারবে না। তবে, যদি কোনো রেগুলার ইউজারকে সুপার ইউজারের প্রিভিলেজ দেওয়া হয়, তখন উক্ত রেগুলার ইউজার সুপার ইউজারের পার্মিশনের উপরে ভিত্তি করে বিভিন্ন আডমিনিস্ট্রেশন কমান্ড রান করতে পারবে।

What is SUDO do?

SUDO প্রিভিলেজের মাধ্যমে একজন রেগুলার ইউজারকে (student, tarek, mahedi) সুপার ইউজারের প্রিভিলেজ বা এক্সেস দেওয়া হয়। এক্ষেত্রে উক্ত রেগুলার ইউজারকে নির্দিষ্ট কোনো কমান্ড (single command), বা একের অধিক কমান্ড (Group of commands), বা চাইলে সিস্টেমের সকল কমান্ডের (All Commands) প্রিভিলেজ (হুবুহু root ইউজারের মত) এক্সেস দেওয়া যেতে পারে।

লিনাক্স সিস্টেমে রুট (root) ইউজার কর্তৃক রেগুলার ইউজার তৈরি করা হয়। যেমনঃ student, tarek, hasan এবং রেগুলার ইউজার যে সকল কমান্ড গুলো রান করতে বা চালাতে পারে সেইগুলো '/bin' ডিরেক্টরিতে থাকে। কিছু কমান্ডের লিস্ট নিচে দেওয়া হয়েছেঃ

- ⌘ rm, cp, mv,
- ⌘ mkdir, touch
- ⌘ pwd, free -m
- ⌘ ping, df -HT
- ⌘ ip addr, tail

লিনাক্স সিস্টেমে অ্যাডমিন ইউজার হচ্ছে রুট (root) ইউজার। root ইউজার সিস্টেমের সকল কমান্ড রান করতে বা চালাতে পারে সেইগুলো '/bin' এবং '/sbin' ডিরেক্টরিতে থাকে। root ইউজার কর্তৃক রান করা যায়, এমন কিছু কমান্ডের লিস্ট নিচে দেওয়া হয়েছে -

- ⌘ useradd, userdel, groupadd
- ⌘ reboot, fdisk -l,
- ⌘ shutdown, poweroff, init

⌘ setenforce

Note: [root@node1~]# which useradd ; কোন কমান্ড কোন ডিরেক্টরি থেকে রান করে সেটা জানার জন্য 'which' কমান্ড -

```
[root@node1~]# which pwd
```

```
[root@node1~]# which touch
```

Editing sudo configuration File :

এখন যদি কোনো রেগুলার ইউজার (mahedi) কে সুপার ইউজারের (root) মত প্রিভিলেজ দিতে চাই, তাহলে '/etc/sudoers' ফাইলটিতে সেই ইউজারের নাম উল্লেখ করে প্রিভিলেজ দেওয়া যাবে। '/etc/sudoers' সরাসরি ওপেন করার জন্য নিচের কমান্ড 'visudo' ব্যবহার করতে হবে।

Rules 01: Permit Mahedi user for all commands

```
[root@node1~]# visudo
```

```
:set nu
```

```
100 root ALL=(ALL) ALL ; এটার অর্থ হচ্ছে 'root' ইউজার সকল কমান্ড (ALL) রান করতে পারে।  
101 mahedi ALL=(ALL) ALL ; শুধুমাত্র 'mahedi' ইউজারকে রুট (root) ইউজারের মত সম্পূর্ণ  
প্রিভিলেজ (ALL) দেওয়া হয়েছে।
```

```
:x (save and exit)
```

Switch to Mahedi User :

```
[root@node1 ~]# su - mahedi
```

```
[mahedi@node1 ~]$
```

; এখন যদি আমরা 'mahedi' ইউজার দিয়ে আবার লগইন করে ইউজার তৈরি করার চেষ্টা করি তাহলে একই 'permission denied' মেসেজ দিবে।

```
-----  
[mahedi@node1 ~]$ useradd rasel
```

```
[mahedi@node1 ~]$ sudo useradd rasel
```

; SUDO ইউজার হিসেবে সিস্টেম থেকে Authentication নিতে চাইলে, শুরুতে 'sudo' ব্যবহার করতে হবে। এবং কমান্ড চালানোর সময় sudo ইউজারের পাসওয়ার্ড দিতে হবে।

```
[sudo] password for mahedi: ****
```

```
[mahedi@node1 ~]$ tail /etc/passwd
```

```
[mahedi@node1 ~]$ exit
```

Rules 02: Permit 'trainer' group for Group of commands :

; লিনাক্স সিস্টেমের কোনো গ্রুপের (/etc/group) সকল সদস্যদের SUDO প্রিভিলেজ দিতে চাইলে, গ্রুপের শুরুতে '%' দিয়ে উল্লেখ করতে হবে। তাহলে, গ্রুপের সকল ইউজারের ক্ষেত্রে SUDO প্রিভিলেজ পেয়ে যাবে।

```
[root@node1 ~]# visudo
```

```
108 %wheel      ALL=(ALL)    ALL
```

```
109 %trainer ALL=(ALL)    ALL
```

Rules 03: Permit only some specific commands :

```
[root@node1~]# visudo
```

```
49 Cmnd_Alias NOC = /usr/sbin/useradd, /usr/sbin/usermod, /usr/sbin/groupadd
```

```
102 mahedi ALL=(ALL) NOC
```

; প্রথমে যে কমান্ড গুলো নির্দিষ্ট কোনো ইউজারের জন্য প্রিভিলেজ দিতে চাই, সেই কমান্ড গুলো '/etc/sudoers' ফাইলের উপরের দিকে (Line 49) 'Cmnd_Alias' অপশন দিয়ে উল্লেখ করতে হবে। তারপরে যে ইউজার কে উক্ত প্রিভিলেজ দেওয়া হবে, সেই ইউজারকে নিচের দিকে (Line 101) উল্লেখ করতে হবে।

Session 05: Password Policies

Working with /etc/shadow file :

```
[root@node1~]# useradd lucky
[root@node1~]# passwd lucky
```

```
: redhat
: redhat
```

```
[root@node1~]# chage -d 0 lucky ; ইউজার 'lucky' তার পরবর্তী লগইনের সময় পাসওয়ার্ড পরিবর্তন করে নিতে পারবে।
```

এখানে '-d' অর্থ 'day' এবং '0' দিন।

Testing: Alt + Ctl + F3 ব্যবহার করে চেক করা যাবে।

```
password: P@ssword123 (new password)
```

```
[root@node1~]# grep lucky /etc/shadow
```

```
lucky: $6 $ciiMifom $cPpqBIf2NOwan2byi.G6D0iM/g.tw7fcUyLDWIs.nbp0 :19570: 0 : 99999 : 7 :
: :
```

```
    ১ম      |                ২য়
|   ৩য়   | ৪   |   ৫ম   | ৬   | ৭   | ৮   | ৯
```

1st - ইউজারের নাম।

2nd - ইউজারের পাসওয়ার্ড (:!@, :!\$, :\$6..., : :)

3rd - সর্বশেষ কবে তার পাসওয়ার্ড পরিবর্তন করেছে। এখানে যে সংখ্যাটা দেখা যাচ্ছে সেটা দিন (19570) হিসেবে। আর এটা ধরা হয়, ০১-০১-১৯৭০ সাল থেকে আজ পর্যন্ত।

4th - পাসওয়ার্ডের মেয়াদ (Minimum)। এখানে ডিফল্ট ভাবে '0' থাকে, এর অর্থ হচ্ছে ইউজার চাইলে, যে কোনো সময় তার পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবে।

5th - পাসওয়ার্ডের মেয়াদ (Maximum)। ইউজার তার বর্তমান পাসওয়ার্ড (redhat) কত দিন ব্যবহার করতে পারবে।

6th - পাসওয়ার্ডের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কত দিন আগে নোটিফিকেশন দিবে। (ওয়ানিং প্রিয়ড)।

7th - পাসওয়ার্ডের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর কত দিন পর্যন্ত একাউন্ট একটিভ থাকবে।

8th - একাউন্টের মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ।

9th - Reserved for future use.

```
[root@node1~]# useradd sathi
```

```
[root@node1~]# chage -l sathi
```

```
[root@node1~]# chage -l sathi ; পাসওয়ার্ড সম্পর্কিত সকল তথ্য জানতে 'chage -l' কমান্ড ব্যবহার করা যাবে।
```

```
Last password change                : MM DD, YYYY
Password expires                     : never
Password inactive                    : never
Account expires                      : never
Minimum number of days between password change : 0
Maximum number of days between password change : 99999
Number of days of warning before password expires : 7
```

```
[root@node1~]# chage sathi
```

```
Minimum Password age [0]: 3
```

```
Maximum Password age [99999]: 30
```

```
Last Password Changed (YYYY-MM-DD): Press Enter (today)
```

```
Password Expiration Warning [7]: 5
```

```
Password Inactive [-1]: 5
```

```
Account Expiration Date (YYYY-MM-DD) [-1]: YYYY-MM-DD
```

note: If press Enter account never expire

```
[root@node1~]# chage -l sathi
```

```
[root@node1~]# tail /etc/shadow | grep sathi
```

```
[root@node1~]# date
```

```
[root@node1~]# date MMDDHHMMYY (MM = Month, DD = Day, HH= Hour, MM = Minute, YY=Year)
```

```
[root@node1~]# date
```

```
[root@node1~]# vim /etc/login.defs ; এই ফাইল থেকে ভ্যালু পরিবর্তন করে ইউজারের ডিফল্ট  
পাসওয়ার্ড সেটিংস পরিবর্তন করা যাবে।
```

```
131 PASS_MAX_DAYS 60
```

```
132 PASS_MIN_DAYS 0
```

```
133 PASS_MIN_LEN 6
```

```
134 PASS_WARN_AGE 5
```

```
[root@node1~]# useradd rakib
```

```
[root@node1~]# passwd rakib
```

Login regular user :

Send Key: Alt + Ctrl + F3 - নতুন কনসোল ওপেন করে লগইন করে চেক করা হবে পাসওয়ার্ড দেওয়ার অপশন আসে কিনা।

Send Key: Alt+Ctrl+F2 - পুনরায় গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেসে ফিরে যাওয়ার জন্য 'Alt+ctrl+F2' প্রেস করতে হবে।

Homework : - 1

1. create a group "rhcsa19"
2. user "oly, liza, rana" member of 'rhcsa19' group
3. all user's password set 'redhat'
4. lock liza user's account
5. Lock rafat user's shell
6. Create user robin using UID '5001'
7. Allow user 'oly' as a sudo user
8. User 'rana' must be reset his password on next login

//////////////////// Thank you //////////////////////

Class -08

Working with Linux File/Directory permission & ownership :

```
[root@node1 ~]# mkdir linux21
```

```
[root@node1 ~]# cd linux21
```

```
[root@node1 linux21]# ls
```

```
[root@node1 linux21]# mkdir day8
```

```
[root@node1 linux21]# cd day8
```

```
[root@node1 day8]# touch file1
```

; বর্তমান ডিরেক্টরি 'day8' এর মধ্যে 'file1' নামে একটা ফাইল তৈরি করা হল।

```
[root@node1 day8]# mkdir dir1
```

; বর্তমান ডিরেক্টরি 'day8' এর মধ্যে 'dir1' নামে একটা ডিরেক্টরি তৈরি করা হল।

```
[root@node1 day8]# cp /etc/passwd .
```

; '/etc/passwd' ফাইলটি কপি করে বর্তমান ডিরেক্টরি 'day8' মধ্যে নিয়ে আসা হয়েছে।

```
[root@node1 day8]# ll
```

```
d rwxr-xr-x. 2 root root 6 May 10 17:54 dir1
-rw-r--r--. 1 root root 2662 May 10 17:55 passwd
-rw-r--r--. 1 root root 0 May 10 17:54 file1
```

```
1 2 3 4 5 6 7 8
```

1: file/dir types (লিনাক্সে মোট সাত ধরনের (-, d, c, b, l, s, p) ফাইল/ডিরেক্টরি পাওয়া যাবে)

2: file/dir permission (User + Group + Others + ACL)

3: file/dir link (Hard Link) - ফাইলের ক্ষেত্রে '1' এবং ডিরেক্টরির ক্ষেত্রে '2' থাকবে, তবে ভিতরে যত ডিরেক্টরি থাকবে তার উপরে ভিত্তি করে সংখ্যা বাড়বে।

4: file/dir owner (যে ইউজার ফাইল/ডিরেক্টরিটি তৈরি করেছে তার নাম থাকবে)

5: file/dir group owner - (ইউজার যে গ্রুপের সদস্য সেই গ্রুপের নাম থাকবে)

6: file/dir size (byte) - ফাইল হলে '0' বাইট, এবং ডিরেক্টরি হলে '6' বাইট।

7: file/dir modify date

8: file/dir name

Session 01

Working with link file :

লিঙ্ক ফাইলের অর্থ, একটি ফাইলের সাথে আরেকটি ফাইলের লিঙ্ক থাকে। অর্থাৎ কোনো ফাইলে কোনো লেখা/টেক্সট মোডিফাই/আপডেট করলে অপর ফাইলটিও একই ভাবে আপডেট হবে। যেমনঃ উইন্ডোজ অপারেটিং সিস্টেমের ক্ষেত্রে শর্টকাট ফাইল। ফাইলের শর্টকাট গুলা থাকে আমাদের ডেস্কটপে এবং সেগুলার সোর্স (Origin) থাকে অন্য লোকেশনে। আমরা যদি ডেস্কটপ থেকে সেই সকল শর্টকাট ফাইলের উপরে ক্লিক করি, তাহলে মূল সোর্স (Origin) থেকে রান করবে।

লিনাক্স সিস্টেমে দুই ধরনের লিঙ্ক ফাইল আছেঃ

Type of link file:

1) Hard link - ফাইল গুলার আইনোড নাম্বার (inode) একই হবে। অর্থাৎ দুইটি ফাইলের মাঝে যদি হার্ডলিঙ্ক করা হয়, তাদের কনটেন্ট, সাইজ, পার্মিশন একই হবে, শুধু নাম আলাদা হবে। এক্ষেত্রে মূল ফাইলটি ডিলিট হলেও লিঙ্ক ফাইলের কোনো পরিবর্তন বা সমস্যা হবে না। হার্ডলিঙ্ক শুধুমাত্র ফাইলের ক্ষেত্রেই করা যাবে।

2) Soft link - ফাইল গুলার আইনোড নাম্বার (inode) ভিন্ন হবে। দুইটা ফাইল/ডিরেক্টরির মধ্যে যদি সফট লিঙ্ক করা হয়, তাদের কনটেন্ট একই হবে শুধু নাম আলাদা হবে। সফটলিঙ্ক বা symbolik লিঙ্ক ফাইলের শুরুতে 'l' থাকে। এক্ষেত্রে যদি মূল ফাইলটি ডিলিট করা হয়, তাহলে লিঙ্ক ফাইল কোনো কাজ করবে না। সফট লিঙ্ক ফাইল এবং ডিরেক্টরি উভয়ের ক্ষেত্রেই করা যায়।

```

[root@node1 day8]# ls -li
[root@node1 day8]# tail passwd
[root@node1 day8]# ln -s passwd passwd-soft ;softlink তৈরির ক্ষেত্রে '-s' ব্যবহার করতে হবে।

[root@node1 day8]# ln passwd passwd-hard ;hardlink তৈরির কমান্ড।
[root@node1 day8]# ll
[root@node1 day8]# tail passwd-hard
[root@node1 day8]# tail passwd-soft

[root@node1 day8]# ls -li

[root@node1 day8]# echo "The End" >> passwd
[root@node1 day8]# tail -3 passwd
[root@node1 day8]# tail -3 passwd-hard
[root@node1 day8]# tail -3 passwd-soft
[root@node1 day8]# rm -f passwd
[root@node1 day8]# ll
[root@node1 day8]# tail -3 passwd-hard
[root@node1 day8]# tail passwd-soft
[root@node1 day8]# ln -s /home/student/Documents studentdoc

```

Session 02

Field no: 2, 4 & 5 (Permission)

```

[root@node1 day8]# ll

- rw-r--r--. 1 root root 0 Sep 26 09:52 file1
d rwxr-xr-x. 2 root root 4096 Sep 26 09:33 dir1
(2) (4) (5)

```

subfield:

- rw- r-- r-- . = file1 - ডিফল্ট ভাবে লিনাক্সের ফাইলের কোনো এক্সিকিউট (x) পার্মিশন থাকে না।
d rwx r-x r-x . = dir1 - ডিফল্ট ভাবে লিনাক্সের ডিরেক্টরিতে ইউজার, গ্রুপ এবং অন্যান্য ইউজারদের জন্য এক্সিকিউট (x) পার্মিশন থাকে।

(u) (g) (o) (A)

u = user

g = group

o = others

A = ACL Permission (.)

r = read (4) - ফাইলের ক্ষেত্রে 'read' অর্থ ফাইলটি পড়তে পারবে এবং ডিরেক্টরির ক্ষেত্রে read অর্থ, ডিরেক্টরি টা কপি করা যাবে।

w = write (2) - ফাইলের ক্ষেত্রে 'write' অর্থ ফাইলটি এডিট এবং সেভ করা যাবে। ডিরেক্টরির ক্ষেত্রে write অর্থ, ডিরেক্টরির ভিতরে paste করা যাবে।

x = execute (1) - ফাইলের ক্ষেত্রে 'execute' পার্মিশন দরকার নাই। কিন্তু, ফাইলটি যদি, প্রোগ্রাম/স্ক্রিপ্ট/এপ্লিকেশন হয়, তাহলে অবশ্যই execute

পার্মিশন থাকতে হবে। ডিরেক্টরির ক্ষেত্রে 'execute' হচ্ছে ডিরেক্টরির মধ্যে প্রবেশ করার জন্য, অর্থাৎ যে ডিরেক্টরিতে 'execute' পার্মিশন নাই, সেখানে প্রবেশ করা যাবে না।

- = no permission (0) - এক্ষেত্রে 'read/write/execute' কোনো পার্মিশন থাকছে না।

. = ACL Permission (+) - ফাইল/ডিরেক্টরি উভয়ের ক্ষেত্রে এখানে dot '(.)' থাকবে। কিন্তু, যখন ACL (File Access Control) এপ্লাই করা হবে তখন, এখানে Dot (.) এর পরিবর্তে '+' সাইন চলে আসবে।

- rw- r-- r-- . = file1 (644)
d rwx r-x r-x . = dir1 (755)

$rw- = 4 + 2 + 0 = 6$ (U)	$rwx = 4 + 2 + 1 = 7$ (U)
$r-- = 4 + 0 + 0 = 4$ (G)	$r-x = 4 + 0 + 1 = 5$ (G)
$r-- = 4 + 0 + 0 = 4$ (O)	$r-x = 4 + 0 + 1 = 5$ (O)
-----	-----
644	= 755

** ডিফল্ট ফাইল পার্মিশন = 644 এবং ডিরেক্টরি পার্মিশন = 755 তবে, আমরা আমাদের প্রয়োজনে পার্মিশন লেভেল পরিবর্তন করতে পারি।

Maximum File Permission: 666 => (rw- rw- rw-)
Maximum Directory Permission: 777 => (rwx rwx rwx)

Class Work:

740 = rwx r-- ---
735 = rwx -wx r-x
642 = rw- r-- -w-
503 = r-x --- -wx
150 = --x r-x ---
326 = -wx -w- rw-
467 = r-- rw- rwx
631 = rw- -wx --x

Lab Demo: Linux Standard File Permission

এখানে 'file1' নিয়ে কাজ করা হবে। যেখানে একটা গ্রুপ থাকবে 'students' নামে এবং 'students' গ্রুপের মেম্বার হবে 'sadat, sumon, malek'। সেই সাথে একজন গেস্ট ইউজার (Others) থাকবে 'tamim' নামে।

```
Group:      Members                others
=====      =====                =====
students:   malek, sumon, sadat    all (except group members)
```

```
[root@node1 day8]# groupadd students
[root@node1 day8]# useradd -G students malek
[root@node1 day8]# useradd -G students sadat
[root@node1 day8]# useradd -G students sumon
```

```
[root@node1 day8]# useradd tamim
```

```
[root@node1 day8]# grep students /etc/group
students:x:5005:malek,sadat,sumon
```

এখন 'file1' কে 'Malek' ইউজারের Ownership এবং 'students' গ্রুপের Group Ownership দেওয়া হবে। 'malek' ইউজারের জন্য পূর্ণ (rwx) পার্মিশন দেওয়া হবে। পাশাপাশি 'students' গ্রুপের ইউজারদের শুধু read (r) পার্মিশন থাকবে এবং অন্য ইউজারের/গেস্ট (others) ক্ষেত্রে কোনো প্রকার পার্মিশন থাকবে না।

```
user: (malek) : full permission (rwx)
group: students: read (r--)
others: others : no  (---)
```

```
[root@node1 day8]# ls -l
-rw-r--r--. 1 root root 0 Jun 14 19:55 file1
```

```
[root@node1 day8]# chown malek file1 ; chown কমান্ড ব্যবহার করে Ownership
পরিবর্তন করা যায়।
```

```
[root@node1 day8]# ls -l
-rw-r--r--. 1 malek root 0 Jun 14 19:55 file1
```

```
[root@node1 day8]# chgrp students file1 ; chgrp কমান্ড ব্যবহার করে Group Ownership
পরিবর্তন করা যায়।
```

```
[root@node1 day8]# ls -l
-rw-r--r--. 1 malek students 0 Sep 26 09:52 file1
```

```
[root@node1 day8]# chmod 740 file1 ; chmod কমান্ড ব্যবহার করে পার্মিশন (rwx)
পরিবর্তন করা যায়।
```

```
[root@node1 day8]# ls -l
-rwxr-----. 1 malek students 0 Jun 14 19:55 file1
```

Testing:

(Ownership Test)

```
[root@node1 day8]# su malek
[malek@node1 day8]$ ls
[malek@node1 day8]$ echo "This is malek" > file1 ; malek can rw
[malek@node1 day8]$ cat file1
[malek@node1 day8]$ exit
```

(Groupowner Test)

```
[root@node1 day8]# su sumon
[sumon@node1 day8]$ ls

[sumon@node1 day8]$ cat file1
[sumon@node1 day8]$ echo "This is sumon" > file1 ; Permission Denied (only read)
[sumon@node1 day8]$ exit
```

(Others)

```
[root@node1X day8]# su tamim
[tamim@node1X day8]$ cat file1 ; access denied ; Permission Denied (no permission)
[tamim@node1X day8]$ echo "This is tamim" > file1 ; Permission Denied (no permission)
[tamim@node1X day8]$ exit
```

Linux File Access Control List (ACL):

- ⌘ যদি একটা ফাইল/ডিরেক্টরিতে একাধিক Ownership বা Group Ownership দরকার হয়।
- ⌘ একটা ফাইল/ডিরেক্টরিতে আলাদা আলাদা ইউজার এবং গ্রুপের আলাদা আলাদা পার্মিশন দরকার হলে।
- ⌘ নির্দিষ্ট কোনো গ্রুপ থেকে নির্দিষ্ট কোনো ইউজারের প্রিভিলেজ তুলে নিতে চাইলে বা পরিবর্তন করতে চাইলে।
- ⌘ আমরা যদি গেস্ট (others) ইউজার থেকে কাউকে স্পেশাল প্রিভিলেজ দিতে চাই।

তাহলে আমরা যদি উপরে উল্লেখিত ব্যাপারে চিন্তা করি, তাহলে আমাদের স্ট্যান্ডার্ড ফাইল/ডিরেক্টরি পার্মিশন ব্যবহার করে সেটা করা সম্ভব না। সেক্ষেত্রে ব্যবহার করতে হবে 'ACL' পার্মিশন। ACL পূর্ণ অর্থ (Access Control List), যেটা আমরা ফাইল এবং ডিরেক্টরি উভয়ের ক্ষেত্রে ব্যবহার করতে পারি। ACL সিকিউরিটি সার্ভিস লিনাক্স ফাইল সিস্টেমের (ext4/xfs) উপরে নির্ভর করে। যেহেতু আমাদের ফাইল সিস্টেম 'xfs' সুতরাং এটা ডিফল্ট ভাবে এনাবেল থাকে।

Working Directory:

```
[root@node1X day8]# ls
[root@node1X day8]# touch tutorial profile
[root@node1X day8]# ll

-rw-r--r--. 1 root root 0 Jun 28 17:00 tutorial
-rw-r--r--. 1 root root 0 Jun 28 17:00 profile
```

এই ল্যাব ডেমো প্র্যাকটিস করার জন্য 'jack', 'rose', 'tomy' নামে তিন জন ইউজার এবং 'support' নামে গ্রুপ একাউন্ট তৈরি করা হয়েছে।

```
[root@node1X day8]# useradd jack
[root@node1X day8]# useradd rose
```

```
[root@node1X day8]# useradd tomy
[root@node1X day8]# groupadd support
```

ACL Test:

```
[root@node1X day8]# getfacl profile ; ফাইল/ডিরেক্টরিতে ACL পার্মিশন দেখার কমান্ড।
# owner: root
# group: root
user::rw-
group::r--
other::r--
```

ACL Command Options :

- m = modify
- x = remove
- b = blank
- R = Recrusivly

User ACL :

Lab: আমরা নিচের উদাহরণে, 'profile' ফাইলে jack এর জন্য 'rwx', ইউজার 'rose' এর জন্য 'r--' এবং ইউজার 'tomy' এর ক্ষেত্রে কোনো পার্মিশন দেওয়া হবে না।

```
[root@serverX day8]# setfacl -m u:jack:rwx,rose:r--,tomy:--- profile ;ফাইল/ডিরেক্টরিতে ACL
পার্মিশন দেওয়ার কমান্ড।
```

```
[root@serverX day8]# ll
-rw-rw-r--+ 1 root root 0 Jun 28 17:00 profile
```

```
[root@serverX day8]# getfacl profile
# file: profile
# owner: root
```

```
# group: root
user::rw-
user:jack:rwx
user:rose:r--
user:tomy:---
group::r--
mask::rwx
other::r--
```

উপরের কমান্ড আউটপুটে দেখা যাচ্ছে, ইউজার 'jack' এর ক্ষেত্রে 'rwx' যোগ হয়েছে। পাশাপাশি ইউজার 'rose' এর ক্ষেত্রে 'r--' এবং other ইউজার 'tomy' এর ক্ষেত্রে পার্মিশন তুলে নেওয়া হয়েছে।

```
[root@serverX day8]# su jack
[jack@serverX day8]$ cat profile
[jack@serverX day8]$ echo this is Jack > profile
[jack@serverX day8]$ cat profile
[jack@serverX day8]$ exit
```

```
[root@serverX day8]# su rose
[rose@serverX day8]$ cat profile
[rose@serverX day8]$ echo this is Rose >> profile ; permission denied
[rose@serverX day8]$ exit
```

```
[root@serverX day8]# su tomy
[tomy@serverX day8]$ cat profile
[tomy@serverX day8]$ echo this is Tomy >> profile
[tomy@serverX day8]$ exit
```

***** Permission Denied

Group acl :

```
[root@serverX day8]# setfacl -m g:support:rw- tutorial
[root@serverX day8]# getfacl tutorial
```

Directory Permission:

```
[root@serverX day8]# mkdir akdir
[root@serverX day8]# touch akdir/file1
[root@serverX day8]# touch akdir/file2
[root@serverX day8]# ls -l akdir
[root@serverX day8]# setfacl -R -m u:rose:rxw akdir ; -R (recursively)
[root@serverX day8]# ls -l akdir
[root@serverX day8]# getfacl akdir
```

ACL Remove (user):

```
[root@serverX day8]# setfacl -x u:rose: profile
[root@serverX day8]# getfacl profile
```

ACL Remove (Group):

```
[root@serverX day8]# setfacl -x g:support: tutorial
[root@serverX day8]# getfacl tutorial
```

Remove ACL from File:

```
[root@serverX day8]# setfacl -b tutorial
```

Session 03

Linux SUID, SGID and Sticky Bit Concept:

লিনাক্সের স্ট্যান্ডার্ড পার্মিশনের পাশাপাশি কিছু স্পেশাল পার্মিশন ব্যবহার করা হয়।

⌘ স্ট্যান্ডার্ড পার্মিশন প্রকাশ করা হয় r=read, w=write, x=execute, -= no permission

⌘ স্পেশাল পার্মিশন প্রকাশ করা হয় ' S,S,T/s,s,t' দিয়ে।

Read=4 (r)

Write=2 (w)

Execute=1 (x)

no permission = 0 (-)

$rwX = 4+2+1 = 7$

উপরের 'Standard Permission' এর সাথে যোগ হবে লিনাক্স স্পেশাল (SUID/SGID/Sticky) পার্মিশন।

4 = SUID (s,S) - SUID পার্মিশন ব্যবহার হয় Owner ফিল্ডে (1st field) এবং এটা প্রকাশ করা হয় 'S' অথবা 's' দিয়ে।

2 = SGID (s,S) - SGID পার্মিশন ব্যবহার হয় Group ফিল্ডে (2nd field) এবং এটাও প্রকাশ করা হয় 'S' অথবা 's' দিয়ে।

1 = Sticky bit (t, T) - Sticky পার্মিশন ব্যবহার হয় Other ফিল্ডে (3rd field) এবং এটা প্রকাশ করা হয় 'T' অথবা 't' দিয়ে।

নোটঃ যদি ফাইল/ডিরেক্টরিতে আগে থেকেই এক্সিকিউট পার্মিশন থাকে, তাহলে স্পেশাল পার্মিশন সেট করার পরে ছোট হাতের 's,s,t' থাকবে, আর যদি কোনো এক্সিকিউট পার্মিশন (x) না থাকে সেক্ষেত্রে 'S,S,T'

উদাহরণ স্বরূপঃ

`rwX r-x r-x = rws r-s r-t` - 'x' বিট সহ স্পেশাল পার্মিশনের ব্যবহার করা হয়।

`rw- r-- r-- = rwS r-S r-T` - 'x' বিট বাদে স্পেশাল পার্মিশনের ব্যবহার করা হয়।

u g o

x755 (where x = Special Permission for directory)

x644 (where x = Special Permission for file)

একটা ডিরেক্টরির ক্ষেত্রে যদি চিন্তা করি,

4 + 755 = SUID (1st Field)

2 + 755 = SGID (2nd Field)

1 + 755 = Sticky bit (3rd Field)

Working with Test SUID:

SUID - যখন কোনো ফাইল/কমান্ডকে রেগুলার ইউজার কে সুপার ইউজারের (root) প্রিভিলেজে রান করার দরকার হয়, তখন সেই ফাইল বা কমান্ডের উপরে SUID সেট করা হয়। তার অর্থ উক্ত ফাইল/কমান্ডটি সুপার ইউজারের (root) (file Owner) পাশাপাশি যে কোনো রেগুলার ইউজার একই প্রিভিলেজে এক্সেস/রান করতে পারবে।

```
[root@node1 day8]# which passwd
[root@node1 day8]# ls -l /bin/passwd
-rwsr-xr-x. 1 root root 34512 Aug 12 2018 /bin/passwd
```

```
[root@node1 day8]# ls -l /usr/bin/ls
-rwxr-xr-x. 1 root root 166448 Jan 11 2018 /usr/bin/ls
```

```
[root@node1 day8]# su student
[student@node1 day8]$ ls /root
ls: cannot open directory '/root': Permission denied
```

```
[student@node1 day8]$ exit
[root@node1 day8]# ls -l /usr/bin/ls
-rwxr-xr-x. 1 root root 166448 Jan 11 2018 /usr/bin/ls
```

```
[root@node1 day8]# chmod 4755 /usr/bin/ls ; SUID Permission
```

```
[root@node1 day8]# ls -l /usr/bin/ls
-rwsr-xr-x. 1 root root 166448 Jan 11 2018 /usr/bin/ls
```

```
[root@node1 day8]# su student
[student@node1 day8]$ ls /root
[student@node1 day8]$ exit
```

Class work: Login as 'student' user and view log file '/var/log/messages' using 'tail'

Hints: [root@node1 day8]# tail -5 /var/log/messages

Hints: [student@node1 day8]\$ tail -5 /var/log/messages

Working with SGID:

SGID যখন ব্যবহার করা হবে, তখন গ্রুপের মেম্বারদের মধ্যে কোনো ইউজার যদি কোনো ফাইল/ডিরেক্টরি তৈরি করলে, তার প্রিভিলেজ আটোমেটিক্যালি গ্রুপের অন্যান্য মেম্বাররা পেয়ে যাবে। অর্থাৎ প্রতিটি ফাইলের গ্রুপ মেম্বারশিপ 'Inherit' হবে।

```
[root@node1 day8]# mkdir resource
```

```
[root@node1 day8]# ls -ld resource
```

```
drwxr-xr-x. 2 root root 6 Sep 18 22:13 resource
```

```
[root@node1 day8]# grep students /etc/group
```

```
students:x:1008:malek,sumon,sadat
```

```
[root@node1 day8]# chmod 770 resource
```

```
[root@node1 day8]# chgrp students resource
```

```
[root@node1 day8]# ls -ld resource
```

```
drwxrwx---. 2 root students 6 Sep 18 22:13 resource
```

```
[root@node1 day8]# su malek
```

```
[malek@node1 day8]$ touch resource/malek1
```

```
[malek@node1 day8]$ exit
```

```
[root@node1 day8]# su sadat
```

```
[sadat@node1 day8]$ touch resource/sadat1
```

```
[sadat@node1 day8]$ exit
```

```
[root@node1 day8]# ll resource
```

```
[root@node1 day8]# chmod 2770 resource ; SGID Permission
[root@node1 day8]# ls -ld resource
drwxrws---. 2 root students 6 Sep 18 22:13 resource
```

```
[root@node1 day8]# su sumon
[sumon@node1 day8]$ touch resource/sumon1
[root@node1 day8]# ll resource
```

Working with Sticky Bit :

লিনাক্সে ডিরেক্টরির ম্যাক্সিমাম পার্মিশন হচ্ছে '777' এবং এই ম্যাক্সিমাম পার্মিশন দেওয়ার পরে যে কোনো ইউজার চাইলে এই ডিরেক্টরির মধ্যকার ফাইল ডিলিট করে দিতে পারে। কিন্তু, আমরা যদি উক্ত ডিরেক্টরির উপরে Sticky bit পার্মিশন প্রয়োগ করি তাহলে, যে কোনো ইউজার ডিরেক্টরির মধ্যে ফাইল তৈরি করতে বা পেস্ট করতে পারবে কিন্তু ডিলিট করতে পারবে না।

```
[root@node1 day8]# ls -ld /tmp
```

```
[root@node1 day8]# mkdir mydir1
[root@node1 day8]# mkdir mydir2
```

```
[root@node1 day8]# ll
[root@node1 day8]# chmod 777 mydir1 ; standard permission
[root@node1 day8]# chmod 1777 mydir2 ; sticky bit
```

```
[root@node1 day8]# ls -ld mydir1 mydir2
drwxrwxrwx. 2 root root 6 Sep 18 21:53 mydir1
drwxrwxrwt. 2 root root 6 Sep 18 21:53 mydir2
```

```
[root@node1 day8]# touch mydir1/file1
```

```
[root@node1 day8]# touch mydir2/file2
```

```
[root@node1 day8]# su student
```

```
[student@node1 day8]$ rm mydir1/file1 ; এটার প্যারেন্ট ডিরেক্টরিতে ফুল পার্মিশন এটা ডিলিট হয়ে  
যাবে।
```

```
[student@node1 day8]$ rm mydir2/file2 ; এটার প্যারেন্ট ডিরেক্টরিতে যেহেতু sticky বিট সেট করা  
আছে সুতরাং এটা ডিলিট হবে না।
```

```
rm: cannot remove 'mydir2/file2': Operation not permitted
```

Home Work: 02

a) Copy the file '/etc/passwd' to /opt

=> The file '/etc/passwd' is owned by the 'root' user.

=> The file '/etc/passwd' belongs to the group 'root'

=> The file '/etc/passwd' should not be executable by anyone.

=> The user 'robin' is able to read and write '/opt/passwd'

=> The user 'rafat' can neither write nor read '/opt/passwd'

=> All other users (current or future) have the ability to read '/opt/passwd'

b) Create a collaborate directory "/shared/sysusers"

=> Group ownership of "/shared/sysusers" is 'sysusers'

=> Permission should be readable, writeable and access by 'sysusers' group but not to any other user.

=> Files created in "/shared/sysusers" automatically have group ownership set to the 'sysusers' Group.

//////////////////// Thank you //////////////////////

Class -09

Linux Boot up Process :

==> Multiuser (tty)

ON => BIOS/UEFI => MBR/GPT => GRUB2 => Linux Kernel => systemd => Target =>
(POST)

==> Graphical (pts)

==> Rescue/emergency

Change Default Boot Time :

আমরা যখন সিস্টেম চালু করি, তখন Firmware (MBR/GPT) স্টেজ পার হয়ে বুট লোডারে (GRUB) প্রবেশ করে, তখন সিস্টেমের বুট লোডার ডিফল্ট ভাবে ৫ সেকেন্ড অপেক্ষা করে। এই ৫ সেকেন্ডের মধ্যে কার্নেল সিলেক্ট না করলে ডিফল্ট কার্নেল লোড শুরু হবে। তবে, আমরা চাইলে বুট লোডারের (Grub) টাইম বাড়াতে পারি।

```
[root@node1 ~]# fdisk -l
```

Disklevel Type: dos (MBR)

Disklevel Type: gpt (EFI)

Working with Linux Kernel:

⌘ Device Driver

⌘ Kernel Modules (Filesystem, Security, Virtualization, Storage, Networking, Memory mgt)

⌘ Kernel-Subsystem

-> File System

-> Storage

⌘ Latest patch update

⌘ Software Bug Fixing

⌘ Security fixes

⌘ Updated Drivers

⌘ Kernel Modules update

⌘ New Kernel Features

⌘ Increased system speed

⌘ ip addr

আমরা দুইভাবে কান্নেল আপডেট করতে পারিঃ

1. Major update (Compile)
2. Minor update

```
[root@node1 ~]# uname -r
```

```
5.14.0-284.11.1.el9_2.x86_64
```

5.14.0 - Linux Kernel Built Version

70.13.1 - Redhat Package Version

el9_2 - Redhat Release number

x86_64 - Processor Arch (ppc, arm, x86)

```
[root@node1 ~]# ping www.centos.org
```

```
[root@node1 ~]# ping www.redhat.com
```

```
[root@node1 ~]# ping www.rocky.org
```

Note: নেটওয়ার্ক কানেকশন এন্টিভেট করার জন্য উপরের ডান পাশ থেকে (গ্রাফিক্যাল ইন্টারফেসের) পাওয়ার বাটনে ক্লিক করলে নেটওয়ার্কিং আইকন আসবে। সেখান থেকে 'connect' -এ ক্লিক করে এন্টিভেট করা যাবে।

```
[root@node1 ~]# yum list installed kernel-*
```

```
[root@node1 ~]# yum update kernel -y
```

```
[root@node1 ~]# reboot
```

```
[root@node1 ~]# yum list installed kernel
```

```
[root@node1 ~]# uname -r
```

systemd:

```
[root@node1 ~]# pstree
```

RHEL/CentOS 7.0 তাদের পূর্বের (RHL/RHEL 6) সার্ভিস ম্যানেজার System-V (sysv) থেকে সুইচ করে নতুন ভার্সনে systemd তে পরিবর্তন করেছে। সুতরাং, RHEL/CentOS 7 থেকে নতুন সার্ভিস ম্যানেজারের নাম হচ্ছে 'systemd'। যদিও systemd আগের ভার্সনের (init & SysV) সাথে সকল কমান্ড/সার্ভিসের সাথে সঙ্গতি রেখে

মেনে চলে। বর্তমানে RedHat, Ubuntu, Debian, Fedora, CentOS সবগুলো ডিস্ট্রিবিউশন 'systemd' ব্যবহার করে।

RHEL 9:

```
[root@node1 ~]# ls /lib/systemd/system/*.service ; সিস্টেমের সকল সার্ভিসের লিস্ট
[root@node1 ~]# ls /lib/systemd/system/*.service | wc -l ; মোট কতগুলো সার্ভিস আছে সেটার লিস্ট
[root@node1 ~]# systemctl -t service
[root@node1 ~]# systemctl --type=service --state=active
```

Common Services:

উপরের কমান্ডের আউটপুটে দেখা গেল অনেক সার্ভিস আমাদের সিস্টেমে চলে। কিন্তু, সব সার্ভিস আমাদের মনে রাখার দরকার নাই। এক্ষেত্রে নিচে কিছু কমন সার্ভিসের লিস্ট দেওয়া আছে, যেগুলো সচরাচর ব্যবহার করা হয়।

- ⌘ Network Service: NetworkManager.service
- ⌘ SSH Service: sshd.service
- ⌘ Web/WWW: httpd.service (Apache), nginx.service
- ⌘ NFS Service: nfs-server.service
- ⌘ Firewall: firewalld.service, iptables, fail2ban, ufw => Firewall: firewalld.service, iptables, fail2ban, ufw
- ⌘ Linux Scheduling: crond.service
- ⌘ Time Server: ntpd.service / chronyd.service
- ⌘ Mail (Outgoing): postfix.service (SMTP)
- ⌘ Mail (Incoming): dovecot.service (IMAP/POP3)
- ⌘ Virtualization: libvirtd.service
- ⌘ Samba Server: smb.service
- ⌘ NetBIOS: nmb.service
- ⌘ FTP Server: vsftpd.service
- ⌘ DNS Server: named.service (bind)
- ⌘ Database: mariadb, mysqld, postgresql
- ⌘ Printing: cupsd.service
- ⌘ DHCP Server: dhcpcd.service
- ⌘ Proxy Server: squid.service

Start/Stop/Restart/status Services with systemctl:

```
[root@node1 ~]# systemctl status crond.service
```

```
[root@node1 ~]# systemctl stop crond.service
```

```
[root@node1 ~]# systemctl status crond.service
```

```
[root@node1 ~]# systemctl restart crond.service
```

```
[root@node1 ~]# systemctl reload crond.service
```

Enable / Disable services to run at boot time :

```
[root@node1 ~]# systemctl enable crond.service
```

```
[root@node1 ~]# systemctl status crond.service
```

```
[root@node1 ~]# systemctl disable crond.service
```

```
[root@node1 ~]# systemctl status crond.service
```

Working with Runlevels/Targets :

‘systemd’ কর্তৃক সকল সার্ভিস লোড হওয়ার পরে সিস্টেম কোন মোডে (CLI, GUI, Rescue) রান করবে এটা নির্ভর করে ‘Systemd target’ সেটিংসের উপর।

systemd => 1) GUI (graphical.target)

2) CMD (multi-user.target)

3) Rescue.target

4) Emergency.target

নোটঃ সিস্টেম মেইনটেনেন্স, ট্রাবুলশ্টিং বা রিকভারি করার উদ্দেশ্যে ‘rescue.target’ সেট করা হয়। এই মোডে শুধু মাত্র ‘root’ (Single User) ইউজারের শেল প্রিভিলেজ থাকে এবং লিমিটেড কিছু সার্ভিস লোড হয়।

```
[root@node1 ~]# systemctl get-default  
graphical.target
```

```
[root@node1 ~]# free -m
```

```
[root@node1 ~]# systemctl set-default multi-user.target  
[root@node1 ~]# systemctl get-default  
multi-user.target
```

```
[root@node1 ~]# reboot
```

```
[root@node1 ~]# systemctl get-default  
multi-user.target
```

```
[root@node1 ~]# free -m
```

```
[root@node1 ~]# systemctl set-default graphical.target
```

```
[root@node1 ~]# reboot
```

Reset Root Password :

⌘ প্রথমে সিস্টেম কমান্ড মোডে 'Ctrl+Alt+Del' প্রেস করে অথবা গ্রাফিক্যাল মোডে 'restart' দিতে হবে।

⌘ সিস্টেম বুট হওয়ার সময় Grub বুট লোডার স্ক্রিন থেকে '0-rescue-xxx' ধরতে হবে।

⌘ কীবোর্ড থেকে 'e' প্রেস করে '0-rescue-xxx' কার্নেল এডিট করতে হবে।

⌘ কীবোর্ড থেকে Down Arrow প্রেস করে '4' নাম্বার লাইনে (linux দিয়ে শুরু যে লাইন) যেতে হবে।

⌘ এরপরে লাইনের শেষে (linux শুরু যেখানে) 'end' বাটন বা 'Right Arrow' প্রেস করে যেতে হবে।

⌘ লাইনের শেষে 'rd.break' লিখতে হবে। নোটঃ rd = rescue disk

⌘ এরপরে কীবোর্ড থেকে 'Ctrl+x' প্রেস করে সিস্টেম লোড করতে হবে।

```
switch_root:/# mount -o remount,rw /sysroot ; পুনরায় root ফাইল সিস্টেম rw মোডে মাউন্ট  
করা হল।
```

```
switch_root:/# chroot /sysroot ; শেল এক্সেস করার জন্য।
```

sh-5.1# passwd [press enter] ; নতুন পাসওয়ার্ড পরিবর্তন করা হল।

```
: ***** (123456) <----- redhat
: ***** (123456) <----- redhat
```

sh-5.1# touch /.autorelabel ; SELinux Policiy Relabel

sh-5.1# exit

switch_root:/# exit

⌘ Wait 2 Min

⌘ Login with new password

[root@desktopX ~]# passwd ; press Enter

```
: ***** (centos)
: ***** (centos)
```

Linux Process Management:

```
# ps
# ps aux
# ps -ef
# ps lax
```

লিনাক্স সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন জবের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব হচ্ছে সিস্টেমের পারফরমেন্স (Performance) মনিটরিং এবং টিউনিং। লিনাক্স সিস্টেমের সব ধরনের রিসোর্স, যেমনঃ প্রসেসর (CPU), মেমরি (RAM & Swap), স্টোরেজ, অ্যাপ্লিকেশন, প্রসেস, সার্ভিস সহ যাবতীয় মনিটরিং করা যায়।

[root@node1 ~]# ps ; বর্তমান টার্মিনালে কি কি প্রসেস রান করতেছে সেটা দেখার জন্য।

```
PID TTY TIME CMD
```

```
2521 pts/0 00:00:00 bash <----- টার্মিনালে পিছনে শেল রান করতেছে।
```

```
2622 pts/0 00:00:00 ps <----- টার্মিনালের সামনের যে কমান্ড 'ps' টি দেওয়া হয়েছে সেটা দেখা
```

যাচ্ছে।

[root@node1 ~]# ps -f ; বর্তমান টার্মিনালের সকল প্রসেস বিস্তারিত ভাবে (full description) দেখাবে।

```
-----  
UID      PID    PPID    C   STIME   TTY      TIME    CMD  
root    2521   2516    0   08:25   pts/0    00:00:00  bash  
root    2737   2521    0   08:35   pts/0    00:00:00  ps -f  
(1)      (2)    (3)    (4)  (5)    (6)      (7)     (8)
```

- 1) যে ইউজারের (root) মাধ্যমে প্রসেস চলছে।
- 2) প্রসেস (Child) আইডি (PID)
- 3) প্যারেন্ট (Parent) প্রসেস আইডি (PPID)
- 4) প্রসেসরের (CPU) ব্যবহার
- 5) প্রসেস স্টার্ট (Start) টাইম
- 6) প্রসেস কোন টার্মিনালে (TTY) চলছে।
- 7) প্রসেস টাইম (Duration)
- 8) প্রসেস দেখার জন্য যে কমান্ড (CMD) টি ব্যবহার করা হয়েছে।

[root@node1 ~]# ps -e ; সকল প্রসেস, সকল টার্মিনাল (pts0/pts1/tty3) থেকে দেখার জন্য।

[root@node1 ~]# ps -ef | less ; pid, ppid, time, cmd সহ বিস্তারিত স্ক্রলিং করে দেখার জন্য।

[root@node1 ~]# ps -ef | grep http

[root@node1 ~]# ps -e --forest ; সকল প্রসেস ট্রি (Tree) আকারে দেখাবে।

[root@node1 ~]# ps -auf

Type of Process :

1. User Defined Process : jobs & ps
2. System Defined Process : ps

[root@node1 ~]# ps -x ; সিস্টেমের সকল প্রসেস দেখার জন্য।

Lab demo:

এটা প্র্যাকটিস করার জন্য Alt+Ctrl+F3 প্রেস করে করে 'student' ইউজার দিয়ে লগইন করে, 'ping ::1' রান করে রেখে, পুনরায় 'Alt+Ctrl+F2' প্রেস করে GUI টার্মিনালে প্রবেশ করে নিচের কমান্ডের মাধ্যমে প্র্যাকটিস করা যাবে।

```
[root@node1 ~]# ps -u ; বর্তমান ইউজারের (root) সকল প্রসেস দেখার জন্য।
```

```
[root@node1 ~]# ps -au ; বর্তমান ইউজার সহ অন্যান্য টার্মিনালে যে সকল ইউজারের প্রসেস চলছে সব দেখাবে।
```

```
[root@node1 ~]# ps -au | less
```

```
-----  
student  3361  0.5  0.1 234492  5384 tty3    Ss  09:00  0:00 -bash  
root     3420  0.4  0.0 225792  1648 tty4    Ss+ 09:00  0:00 /sbin/agetty  
student  3437  0.0  0.0 242200  2280 tty3    S+  09:00  0:00 ping ::1  
root     3465  8.0  0.1 270524  4084 pts/0   R+  09:00  0:00 ps -ua  
-----
```

```
[root@node1 ~]# ps -u student ; নির্দিষ্ট ইউজারের প্রসেস দেখার জন্য এই কমান্ড ব্যবহার করতে হবে।
```

```
-----  
PID TTY          TIME CMD  
3137 ?            00:00:00 systemd  
3148 ?            00:00:00 (sd-pam)  
3161 ?            00:00:00 pulseaudio  
3162 tty5        00:00:00 bash  
3195 ?            00:00:00 dbus-daemon  
-----
```

```
[root@node1 ~]# top
```

top - * বর্তমান সিস্টেম টাইম।

* সিস্টেম কতক্ষণ ধরে চলছে।

* কত জন ইউজার লগইন করে আছে।

* সিপিউ (CPU) লোড এভারেজ (১ মিনিট, ৫ মিনিট এবং ১৫ মিনিট অন্তর অন্তর)

⌘ load average: Last 1 minute is 0.01

⌘ load average: Last 5 minutes is 0.02

⌘ load average: Last 15 minutes is 0.00

Tasks:

⌘ Total: যে সকল প্রসেস একটিভ মোডে আছে।

⌘ Running: বর্তমানে রানিং প্রসেসের সংখ্যা।

⌘ Sleeping: যে সকল প্রসেস স্লিপ মোডে আছে।

⌘ Stopped: যে সকল প্রসেস স্টপ (Stopped) অবস্থায় আছে।

⌘ Zombie: যে সকল প্রসেস Zombie State অবস্থায় আছে।

%Cpu(s) - সকল CPU Core এর তথ্য জানতে চাইলে '1' প্রেস করতে হবে।

PID - প্রসেস আইডি

USER - যে ইউজার কর্তৃক প্রসেস রান হচ্ছে।

PR (20) - Priority (PR=20+NI) - কার্নেল স্পেস

NI (0) - NICE Value - ইউজার স্পেস

VIRT - প্রসেস কর্তৃক ভার্চুয়াল মেমরির ব্যবহার।

RES - Residential Memory (Actual RAM)

SHR - Shared Memory

S - বর্তমান অবস্থা (status) - R= Running, S=Sleeping, I=Idle

%CPU - প্রসেস কর্তৃক CPU% ব্যবহার।

%MEM - প্রসেস কর্তৃক RAM% ব্যবহার।

TIME+ - কতক্ষন ধরে প্রসেস রানিং আছে।

COMMD - প্রসেসের নাম।

[root@node1 ~]# pidof systemd ; 'systemd' এর প্রসেস আইডি দেখার জন্য এই কমান্ড টি ব্যবহার করা হয়েছে।

```
3344 3334 3148 1900 1572 1565 1
```

[root@node1 ~]# pstree ; প্রসেস সমূহ Tree (শাখা-প্রশাখা) আকারে দেখাবে।

Process Dealing:

প্রসেস রান, সাসপেন্ড, স্টপ, প্রসেস প্রায়োরিটি বাড়ানো বা কমানোর কিছু কমান্ড ব্যবহার করতে হবে।

ps - ইউজার এবং সিস্টেম কর্তৃক যে সকল প্রসেস রান হয় সেটা জানার জন্য।

⌘ jobs - শুধু মাত্র ইউজার কর্তৃক যে সকল প্রসেস বর্তমান টার্মিনালে শুরু হয়েছে সেই গুনা দেখাবে।

⌘ kill - প্রসেস Kill (Terminate) করার জন্য ব্যবহার করা হয়।

⌘ bg - কোনো প্রসেস কে টার্মিনালের পিছনে (Background) পাঠানোর কমান্ড।

⌘ fg - কোনো প্রসেস কে টার্মিনালের ব্যাক গ্রাউন্ডে থেকে সামনে (Foreground) নিয়ে আসার কমান্ড।

⌘ nice - কোনো প্রসেস কে নির্ধারিত 'NICE' ভ্যালু দিয়ে রান করার জন্য ব্যবহার করা হয়।

⌘ renice - রানিং কোনো প্রসেসের 'priority' বাড়ানো বা কমানোর জন্য ব্যবহার করা হয়।

Foreground and Background Process :

```
[root@node1 ~]# firefox
```

ডিফল্ট ভাবে প্রসেস Foreground -এ রান করবে। এ অবস্থায় টার্মিনালে কোনো কাজ করা যাবে না। আমরা যদি কোনো প্রসেস টার্মিনালের ব্যাকগ্রাউন্ডে চালাতে চাই তাহলে কমান্ডের শেষে '&' যোগ করতে হবে।

```
[root@node1 ~]# firefox &
```

```
[root@node1 ~]# jobs
```

Process Stop and Terminate :

যে কোনো প্রসেস রানিং থেকে স্টপ করে দেওয়া যাবে এবং স্টপ করে পুনরায় রানিং করা যাবে। চাইলে স্থায়ী ভাবে প্রসেস টার্মিনেট (kill) করা যাবে। তবে, টার্মিনেট (kill) করলে সেটা আর পুনরায় রান করা যাবে না।

* 'Ctrl+Z' - কোনো প্রসেসকে স্টপ (suspend) করে ব্যাকগ্রাইন্ডে পাঠানোর কমান্ড।

* 'Ctrl+C' - প্রসেসকে টার্মিনেট (kill) করার জন্য।

```
[root@desktop ~]# ping ::1
```

```
64 bytes from ::1: icmp_seq=5 ttl=64 time=0.095 ms
64 bytes from ::1: icmp_seq=6 ttl=64 time=0.093 ms
^C
```

(Ctrl + C) - প্রেস করে প্রসেসটি Terminate (end) করা হয়েছে।

```
[root@desktop ~]# ping ::1
```

```
64 bytes from ::1: icmp_seq=1 ttl=64 time=0.091 ms
64 bytes from ::1: icmp_seq=2 ttl=64 time=0.079 ms
^Z
```

```
[4]+ Stopped          ping ::1
```

(Ctrl + Z) - প্রেস করে 'ping' প্রসেসটি Stop (Hold) করা হয়েছে।

```
[root@node1 ~]# top ; রিয়েল টাইম প্রসেস মনিটরিং করার জন্য 'top' ব্যবহার করা হয়।
```

'Ctrl + Z' বাটন প্রেস করে 'top' প্রসেসটি স্টপ (hold) করতে পারেন।

```
[root@node1 ~]# jobs - শুধু মাত্র রানিং প্রসেস গুলা দেখাবে
```

```
-----
[1]  Running          firefox &
[2]- Stopped         top
[3]+ Stopped         ping ::1
```

কোনো স্টপ (hold) প্রসেস কে রানিং অবস্থায় ফিরে নিয়ে আসতে 'fg' কমান্ড ব্যবহার করা হয়। এক্ষেত্রে 'fg' কমান্ডের সাথে '%' ব্যবহার করে প্রসেস সিরিয়াল নাম্বার দিতে হবে।

```
[root@node1 ~]# fg %3
```

Process Findout:

কোনো রানিং প্রসেসের প্রসেস আইডি (PID) বের করার জন্য নিচের কমান্ড।

```
[root@node1 ~]# firefox &
[root@node1 ~]# pidof firefox
3452 3373 3352 3317 3190 (main)
```

Process Kill & Terminate :

```
[root@node1 ~]# pkill <Process name>
[root@node1 ~]# kill <PID>      ; Normal kill
[root@node1 ~]# kill -9 <PID>   ; Forcely killed
                                ; "-9" killing frequency (highest)
```

Working wtih Nice Value:

```
[root@node1 ~]# top

(Low) 19..... 0 ..... -20 (High)
```

Nice Value:

```
[root@node1 ~]# ps axo pid,comm,nice --sort=-nice
[root@node1 ~]# firefox &
[root@node1 ~]# ps axo comm,nice | grep firefox
firefox  0
```

New Process Priority:

```
[root@node1 ~]# nice -n 15 firefox &
[root@node1 ~]# ps axo comm,nice | grep firefox
firefox  15
```

Existing Process Priority:

```
[root@node1 ~]# pidof firefox
[root@node1 ~]# renice -n -10 [pid]
[root@node1 ~]# ps axo comm,nice | grep firefox
```

===== The End =====

Class -10

Linux Partition Management :

যখন RHEL 9 অপারেটিং সিস্টেম ইন্সটল করা হয়, তখন ০৪ (চার) টা পার্টিশন করা হয় এবং সেগুলার সাইজ যথাক্রমে নিচে উল্লেখ করা হয়েছেঃ

- 1) /boot/efi - 200 MiB (GPT ভিত্তিক পার্টিশনের ক্ষেত্রে লাগবে)
- 2) /boot - 1024 MiB
- 3) / - 20 GiB
- 4) swap - 2 GiB

[root@desktop ~]# lsblk ; এই কমান্ড দিয়ে সিস্টেমের সকল পার্টিশন লিস্ট দেখা যাবে।

```
sda      8:0    0   30G  0 disk
├─sda1   8:1    0   200M  0 part /boot/efi
├─sda2   8:2    0    1G   0 part /boot
├─sda3   8:3    0   20G  0 part /
└─sda4   8:4    0    2G   0 part [SWAP]
```

Partition Table Structure :

লিনাক্স/উইন্ডোজ সিস্টেমে দুইভাবে পার্টিশন টেবিল তৈরি হয়, 1) MBR 2) GPT

* BIOS/Legacy Firmware ==> MBR (Master Boot Record) - লিনাক্সে দেখা যায় 'dos' নামে।

* UEFI Firmware ==> GPT(GUID Partition Table) + MBR - লিনাক্সে দেখা যায় 'gpt' নামে।

```
=====
== [root@server ~]# fdisk -l                                     ===
== Disk /dev/sda: 30 GiB, 32212254720 bytes, 62914560 sectors    ===
== Units: sectors of 1 * 512 = 512 bytes                        ===
== Sector size (logical/physical): 512 bytes / 512 bytes      ===
== I/O size (minimum/optimal): 512 bytes / 512 bytes         ===
== Disklabel type: dos                                         ===
== Disk identifier: 0x7231a122                                  ===
```

```

=====
== Device      Boot    Start      End  Sectors  Size Id Type           ==
== /dev/sda1   *        2048  1026047  1024000  500M 83 Linux           ==
== /dev/sda2           1026048 42969087 41943040   20G 83 Linux           ==
== /dev/sda3           42969088 47163391  4194304    2G 82 Linux swap/Solaris ==
=====

```

```

=====
== [root@server ~]# fdisk -l                               ==
== Disk /dev/sda: 30 GiB, 32212254720 bytes, 62914560 sectors ==
== Units: sectors of 1 * 512 = 512 bytes                    ==
Verify current SSH port :

```
[root@node1 ~]# netstat -ntlp | grep ssh
```

```
[root@node1 ~]# ss -ltn
```

Check Firewall Status :

```
[root@node1 ~]# systemctl status firewalld
```

```
[root@node1 ~]# systemctl stop firewalld
```

==> Move to node1

```
[root@host1 ~]# ssh admin1@172.25.11.X (default port) - Connection Refused
```

```
[root@host1 ~]# ssh -p 2222 admin1@172.25.11.X ; যদি ইউজার 'admin1' এবং নতুন পোর্ট  
'2222' দিয়ে লগিন করতে চাই।
```

```
[admin1@node1 ~]$
```

Homework :

- ⌘ allow user 'admin2' to login through ssh
- ⌘ Generate key pair on windows os

===== Thank you =====

Class -15

What is Firewall ?

Linux Firewall Services :

- ⌘ firewalld - সাধারণ এবং বেসিক ফায়ারওয়াল সার্ভিসের ক্ষেত্রে ব্যবহার করা হয়।
- ⌘ nftables
- ⌘ iptables
- ⌘ ufw
- ⌘ fail2ban

Firewalld হচ্ছে এক ধরনের 'hostbase' & Network ফায়ারওয়াল যেটা 'Fedora/CentOS/RHEL' টাইপের অপারেটিং সিস্টেমের সাথে ডিফল্ট ভাবে থাকে।

Filtering :

- ⌘ layer3: IP/Subnet/ICMP(ping)
- ⌘ layer4: TCP/UDP port or 21,22,25,53,80,443,161,110,123
- ⌘ Layer7: dns,ftp,http,smtp,pop3,squid,imap,snmp,nfs,tftp,ntp,ssh,https

Step 01 : Change System Host Name: (Firewall Node)

```
[root@localhost ~]# hostnamectl set-hostname node2F.example.com  
[root@localhost ~]# exec bash
```

Step 02 : Check IP Address:

```
[root@node2F ~]# ifconfig
```

নোটঃ আইপি অ্যাড্রেস সেট করা না থাকলে বসিয়ে নিতে হবে ।

Starting and Enable Firewalld Services :

```
[root@node2F ~]# systemctl status firewalld
[root@node2F ~]# systemctl start firewalld
[root@node2F ~]# systemctl enable firewalld
```

Working with Firewalld :

- ⌘ By using Graphical Desktop Application (Sundry)
- ⌘ By using the web Console (https) Browser based (Cockpit)
- ⌘ By directly editing (vim/nano) configuration files in '/etc/firewalld/'.
- ⌘ By using 'firewall-cmd' from the command line

Firewalld GUI Interface :

```
[root@node2F ~]# yum install firewall-config -y
[root@node2F ~]# firewall-config &
```

Firewalld Web Interface (Cockpit) :

```
[root@node2F ~]# yum install cockpit -y
[root@node1F ~]# systemctl restart cockpit.socket
[root@node1F ~]# systemctl restart cockpit.service
```

Open Browser: <https://x.x.x.x:9090> -> Proceed

Firewalld Pre-defined (Allowed) Services :

যে কোনো ফায়ারওয়াল ডিফল্ট ভাবে সকল সার্ভিস ব্লক করবে। Firewalld তে কিছু সার্ভিস আছে। পূর্বনির্ধারিত

- ⌘ SSH - Local SSH Service (port TCP 22)
- ⌘ ipp-client - Local IPP Printing (Port UDP 631)
- ⌘ mdns- Multicast DNS (mDNS) for local-link name resolution (224.0.0.251 & port 5353/UDP)
- ⌘ samba-client - Local Windows File and Printer client (Port UDP 137 & 138)
- ⌘ dhcpv6-client - Local DHCPv6 client (Port 546/UDP)
- ⌘ Cockpit - Web based (https) interface (Port TCP 9090)

Firewall Configure Using 'vim/vi' editor :

```
[root@node1-F ~]# cd /etc/firewalld/
[root@node1-F firewalld]# ls
[root@node1-F firewalld]# cd zones
[root@node1-F zones]# ls
[root@node1-F zones]# cd public
[root@node1-F public]# vim public.xml
```

Check the firewall configure in CMD Mode :

```
[root@node1F ~]# firewall-cmd --state ; ফায়ারওয়ালের বর্তমান অবস্থা জানা যাবে।
[root@node1F ~]# firewall-cmd --get-zones ; জোন সমূহের লিস্ট দেখা যাবে।
[root@node1F ~]# firewall-cmd --get-services ; ফায়ারওয়াল যেসকল সার্ভিস নিয়ে কাজ করতে পারবে সেই লিস্ট দেখা যাবে।
```

'public' জোনে যে সকল সার্ভিস/পোর্ট/প্রটোকল এলাও করা আছে, সেই লিস্ট দেখা যাবেঃ

```
[root@node1F ~]# firewall-cmd --permanent --list-all
```

```
interfaces:
```

```
sources:
```

services: dhcpv6-client ssh

```
ports:
```

```
masquerade: no
```

```
forward-ports:
```

```
icmp-blocks:
```

```
rich rules:
```

Firewalld Pre-defined Zones :

⌘ public (default)

⌘ internal

⌘ external

⌘ trusted

⌘ home

⌘ DMZ

⌘ block

⌘ work

⌘ drop

⌘ libvirt

```
[root@node1F ~]# firewall-cmd --get-active-zones ; যে সকল জোন সমূহ একটিভ আছে সেই লিস্ট দেখা যাবে।
```

```
public
```

```
  interfaces: ens160 ens192
```

```
[root@node1F ~]# firewall-cmd --get-default-zone ; ডিফল্ট ভাবে কোন জোন সেট করা আছে সেটা দেখা যাবে।
```

```
public (output)
```

Add new Zone (DMZ) :

```
[root@node1F ~]# firewall-cmd --permanent --zone=dmz --list-all
```

```
[root@node1F ~]# firewall-cmd --permanent --zone=dmz --change-interface=ens192
```

```
success
```

```
[root@node1F ~]# firewall-cmd --reload
```

```
[root@node1F ~]# firewall-cmd --get-active-zones
```

```
dmz
```

```
  interfaces: ens192
```

```
public
```

```
  interfaces: ens160
```

Set the zone, if no zone defined :

```
[root@node1F ~]# firewall-cmd --set-default-zone=home
```

```
[root@node1F ~]# firewall-cmd --permanent --list-all
```

Configure Firewalld :

firewalld সার্ভিস প্র্যাকটিস করার জন্য Apache 'httpd' এবং 'mod_ssl' প্যাকেজটি ইন্সটল করে নিতে হবে।

Firewalld Testing with HTTPs service :

```
[root@node1F ~]# yum install httpd mod_ssl -y
```

```
[root@node1F ~]# cd /var/www/html/
```

```
[root@node1F html]# vim index.html
```

```
<h1> ##### welcome to example.com ### </h1>
```

```
[root@node1F ~]# systemctl start httpd.service
```

```
[root@node1F ~]# systemctl enable httpd.service
```

```
[root@node1F ~]# systemctl status httpd.service
```

Testing :

⌘ একটি ব্রাউজার নিয়ে (node2) Firewall এর আইপি দিয়ে হিট করতে হবে

⌘ http://172.25.11.X

⌘ Result: This site can't be reached

Allow port through firewall-cmd :

```
[root@node1F ~]# firewall-cmd --permanent --add-port=443/tcp
```

```
success
```

```
[root@node1F ~]# firewall-cmd --reload
```

```
success
```

or

Allow service through firewall-cmd :

```
[root@node1F ~]# firewall-cmd --permanent --add-service=https
success
[root@firewallX ~]# firewall-cmd --reload
success
```

```
[root@firewallX ~]# firewall-cmd --zone=public --list-all
```

Remove port through firewall-cmd: (Optional)

```
[root@serverX ~]# firewall-cmd --permanent --zone=public --remove-port=443/tcp
success
[root@serverX ~]# firewall-cmd --reload
success
```

Remove service through firewall-cmd: (Optional)

```
[root@serverX ~]# firewall-cmd --permanent --remove-service=https
success

[root@serverX ~]# firewall-cmd --reload
success

[root@firewallX ~]# firewall-cmd --zone=public --list-all
```

***** Move to Desktop

⇒ https://172.25.11.200+X or http://serverX.example.com (should succeed)

Commonly use Port & services :

1. SMTP = 25/tcp
2. FTP = 21/tcp
3. DNS = 53/tcp & 53/udp
4. POP3 = 110/tcp
5. SMB = 445/tcp
6. DHCPD = 67/udp & 68/udp
7. SSHD = 22/tcp
8. NFS = 2049/tcp
9. IMAP = 143/tcp
10. HTTP/HTTPS = 80/443 - tcp
11. iSCSI = 3260/tcp
12. MySQL = 3306/tcp

Example 01: All Service Blocked from Particular IP:

```
[root@node2F ~]# firewall-cmd --permanent --add-rich-rule="rule family='ipv4' source address='172.25.11.X' reject"
```

নোটঃ যদি নির্দিষ্ট নেটওয়ার্ক করতে চাই, তাহলে নেটওয়ার্ক আইডি দিতে হবেঃ 172.25.11.0/24

```
[root@node2F ~]# firewall-cmd --reload  
[root@node2F ~]# firewall-cmd --permanent --list-all
```

Testing :

```
host> ping 172.25.11.201 (Unreacheable)
```

```
node1> ssh 172.25.11.254 (no response/connection timeout)
```

Example 02: SSH Blocked from Particular IP :

```
[root@node2F ~]# firewall-cmd --permanent --add-rich-rule="rule family='ipv4' source  
address='172.25.11.126' service name='ssh' reject"
```

```
PC> ping 172.25.11.254 (ok)
```

```
PC> ssh 172.25.11.254 (no response/connection timeout)
```

»»»»»»»»»»»»»»»» Thank You ««««««««««««««««

Homework

1. Set your your 3x Network interfaces 1 = External, 2=Internal 3= DMZ
2. Again Set all your 3x Interfaces to Default zone (public)
3. Disallow all hosts/network to your Firewall except only single Host (ssh client) - take help from google
4. Disallow Ping from all Hosts in the network using Firewall
5. Change ssh port 2222 and allow 2222 port on firewall
6. Allow https & http and deny 'ssh' from particular IP

Class 16

- What is SELinux ?
- SELinux Modes
- Manage the SELinux Policy
- Activate & deactivate SELinux Policy Rules
- Use SELinux Log Analysis
- Change the SELinux Enforcement Mode
- The SELinux context

সিকিউরিটি মডেলঃ

অধিকাংশ লিনাক্স সিস্টেম অ্যাডমিন লিনাক্সের স্ট্যান্ডার্ড ফাইল পার্মিশনের (User, Group, Others) সাথে সুপরিচিত, যেটা সিকিউরিটির ভাষায় Discretionary Access Control (DAC) এর অন্তর্ভুক্ত। DAC ভিত্তিক সিকিউরিটি ব্যবহার করা সহজ (Flexible), এটা সহজেই এপ্লাই করা যায়, এবং এই ধরনের পার্মিশন ইউজার কর্তৃক ম্যানেজ করা হয়। অর্থাৎ, কে ফাইল read করতে পারবে, কে write করতে পারবে, কে Delete করতে পারবে, সেই ভাবে ফাইল ওনার সিকিউরিটি সেট করতে পারে। তবে, DAC ভিত্তিক সিকিউরিটি সিস্টেম কম সিকিউর প্রদান করে।

MAC (Mandatory Access Control) ভিত্তিক সিকিউরিটি মডেলে ইউজারের কোনো ক্ষমতা থাকে না। এক্ষেত্রে সিস্টেম কর্তৃক সকল রিসোর্স এক্সেস কন্ট্রোল, পার্মিশন এবং ম্যানেজ করা হয়। এক্সেস পার্মিশন সমূহ সিস্টেমের পূর্ব নির্ধারিত বিভিন্ন পলিসির মাধ্যমে ম্যানেজ করা হয়। যেহেতু পলিসি সমূহ সিস্টেম কর্তৃক (Centrally) ম্যানেজ করা হয়, এক্ষেত্রে ইউজারের কোনো কিছু পরিবর্তন করার সুযোগ থাকে না। এইজন্য MAC (Mandatory Access Control) ভিত্তিক সিকিউরিটি মডেল Discretionary Access Control (DAC) এর চেয়ে অধিক সিকিউর। AppArmor, SELinux ইত্যাদি MAC ভিত্তিক সিকিউরিটি সিস্টেম।

SELinux কি ?

SELinux এর পূর্ণ অর্থ 'Security-Enhanced Linux' যেটা Mandatory Access Control (MAC) সিস্টেম সমর্থন করে। SELinux সিকিউরিটি লিনাক্স কার্নেলের সিকিউরিটি সাব-সিস্টেমের অন্তর্ভুক্ত। SELinux সিকিউরিটি

NSA (National Security Agency) কর্তৃক ডেভলপ করা হয় এবং RHEL 4 থেকে অর্থাৎ লিনাক্স কার্নেল 2.6 ভার্সনের সাথে প্রথম SELinux এর ব্যবহার শুরু হয়।

SELinux সিকিউরিটি লিনাক্স সিস্টেমের মিলিটারি গ্রেড সিকিউরিটির অন্তর্ভুক্ত। SELinux পলিসি বা বুলিয়ান (Boolean) এর মাধ্যমে সিস্টেমের বিভিন্ন ধরনের রিসোর্স, যেমনঃ ফাইল, অ্যাপ্লিকেশন, সার্ভিস, প্রসেস, পোর্ট সমূহ রুট লেভেল থেকে নিয়ন্ত্রণ করা যায়।

SELinux Status :

- * Enable (Enforcing & Permissive)
- * Disable

SELinux Enable Modes :

- ⇒ Enforcing Mode (1)
- ⇒ Permissive Mode (0)

⌘ Enforcing: এটা SELinux এর ডিফল্ট মোড, Enforcing মোডের মাধ্যমে পলিসি সমূহ প্রয়োগ (Enforce) করা হয়। SELinux সিকিউরিটি পলিসি কর্তৃক অনুমোদিত ব্যাতিত কোনো ইউজার বা প্রোগাম কাজ করবে না।

⌘ Permissive: এই মোডে SELinux পলিসি সমূহ সিস্টেমে লোডিং অবস্থায় এবং এন্টিভ থাকে, কিন্তু কোনো পলিসি প্রয়োগ (Enforce) হয় না। তবে, SELinux এর সম্পর্কিত (Security Violations) সকল লগ ফাইল সিস্টেমে জমা থাকে। ফলে, সিস্টেম টেস্টিং, অডিটিং, প্রটেকশন এবং ট্রাবলশুটিং করতে সুবিধা হয়।

⌘ Disabled: কোনো SELinux সিকিউরিটি পলিসি কার্নেল কর্তৃক লোড হয় না। Disable অর্থ SELinux সার্ভিস সম্পূর্ণ বন্ধ থাকে।

SELinux Information :

```
[root@node1 ~]# getenforce      ; SELinux এর বর্তমান অবস্থা দেখার জন্য।  
Enforcing
```

নোটঃ Disable থাকলে এই কমান্ড কাজ করবে না।

Set SELinux Temporary Enforcing & Permissive :

```
[root@node1 ~]# setenforce      ; এই কমান্ডের মাধ্যমে SELinux এর মোড 'Enforcing' বা  
'Permissive' করা যাবে।  
[root@node1 ~]# setenforce 0 | 1  
[root@node1 ~]# getenforce
```

নোটঃ এখানে '0' অর্থ Permissive এবং '1' এর অর্থ Enforcing. আর 'getenforce' কমান্ডের মাধ্যমে SELinux এর বর্তমান অবস্থা জানা যাবে।

Current SELinux Status :

```
[root@node1 ~]# sestatus      ; SELinux সম্পর্কিত সকল তথ্য পাওয়া যাবে।
```

SELinux status: enabled - SELinux এর বর্তমান কি অবস্থায় (Disabled or Enabled) আছে।

SELinuxfs mount: /sys/fs/selinux - SELinux এর ফাইল সিস্টেম যে লোকেশনে মাউন্ট করা আছে।

SELinux root directory: /etc/selinux - যে লোকেশনে SELinux সম্পর্কিত কনফিগারেশন ফাইল আছে।

Loaded policy name: targeted - দুই ধরনের 'Policy' আছে (Targetd & Strict).
নির্দিষ্ট ডেমন বা আপ্লিকেশন 'targeted' এবং সব
ধরনের ডেমনের ক্ষেত্রে 'strict'

Current mode: enforcing - SELinux এর বর্তমান মোড।

Mode from config file: enforcing - SELinux কনফিগারেশন ফাইলে বর্তমানে যে মোডে আছে।

Policy MLS status: enabled

Policy deny_unknown status: allowed

Max kernel policy version: 33 - SELinux পলিসির যে ভার্সনটি বর্তমানে ব্যবহৃত হচ্ছে।

Change SELinux Mode :

স্থায়ী ভাবে SELinux মোড পরিবর্তন করার জন্য নিচের ফাইলটি এডিট করে প্রয়োজন মত SELinux মোড 'Enforcing', 'Permissive' এবং 'Disabled' সেট করে, ফাইল সেভ করে রিবুট দিতে হবে। সিস্টেম রিবুটের সময় সিস্টেমের সকল ফাইল/ডিরেক্টরি/সার্ভিস/পোর্ট/প্রসেস SELinux এর নতুন মোড কর্তৃক পুনরায় লেভেল (relabel) হবে। এইজন্য মোড পরিবর্তন করার পরে অবশ্যই রিবুট দিতে হবে।

```
[root@node1 ~]# vim /etc/selinux/config  
SELINUX=enforcing
```

```
[root@node1 ~]# reboot
```

The SELinux Context :

SELinux এর ব্যবহার লিনাক্স/ইউনিক্স সিস্টেমে ব্যবহৃত প্রচলিত সিকিউরিটি সিস্টেম থেকে সম্পূর্ণ আলাদা। SELinux সিকিউরিটি বিভিন্ন ধরনের সিকিউরিটি 'Context' কর্তৃক সিস্টেমের সকল রিসোর্স (Processes, Files, Service, Ports) লেভেল করা থাকে।

নিচের কমান্ডের মাধ্যমে ফাইল/ডিরেক্টরির SELinux সিকিউরিটি কন্টেক্সট সম্পর্কে জানা যাবেঃ

```
[root@node1 ~]# ls -Z  
system_u:object_r:admin_home_t:s0 anaconda-ks.cfg
```

```
[root@mynms ~]# ls -Z /
```

```
[root@node1 ~]# ls -dlZ /tmp/
drwxrwxrwt. root root system_u:object_r:tmp_t:s0 /tmp/
```

```
[root@node1 ~]# ls -lZ /home
drwx----- student 1000 unconfined_u:object_r:user_home_dir_t:s0 student
drwx-----. 5001 5001 unconfined_u:object_r:user_home_dir_t:s0 tarek
```

নোটঃ উপরের কমান্ড দেওয়ার পরে, প্রতিটি ফাইল/ডিরেক্টরির গায়ে নতুন একটি লেভেল দেখা যাচ্ছে, এক একটি পার্টকে লেভেল বলা হয়। সকল লেভেলকে এক সঙ্গে SELinux Context বলা হয়।

SELinux Label :

⇒ system_u:object_r:syslog_t:s0 (MLS)

- SELinux User - (_u)
- SELinux Role - (_r)
- SELinux Type - (_t)
- SELinux Sensitivity - (s0-s15)

RHEL 9 provides the following packages for working with SELinux :

policies: selinux-policy-targeted, selinux-policy-mls

tools: polycoreutils, polycoreutils-gui, libselinux-utils, polycoreutils-python-utils, setools-console, checkpolicy

Related Package Install :

```
[root@node1 ~]# yum install setools-console -y  
[root@node1 ~]# yum install policycoreutils* -y
```

উপরের প্যাকেজ ইন্সটলের পরে 'seinfo' কমান্ড ব্যবহার করা যাবে। 'seinfo' কমান্ডের মাধ্যমে SELinux সম্পর্কিত বিভিন্ন কুয়েরী যেমনঃ Users, Roles, Types, Attributes, Booleans, ইত্যাদি বিষয়ের তথ্য পাওয়া যাবে। নিচে 'seinfo' কমান্ড ব্যবহার করে SELinux সম্পর্কিত বিভিন্ন তথ্য বের করার পদ্ধতি দেখানো হয়েছেঃ

SELinux User :

SELinux কনটেক্সট (Context) এর প্রথম অংশ হচ্ছে SELinux ইউজার পার্ট। অর্থাৎ, প্রথম অংশ দেখে ইউজার SELinux ইউজার আইডেন্টিফাই করা যাবে। RHEL সিস্টেমে আট (০৮) ধরনের SELinux ইউজার থাকে। একজন SELinux ইউজার একাধিক SELinux রোল (Role) ম্যানেজ করতে পারে। নিচের কমান্ড ব্যবহার করে সিস্টেমে কি কি SELinux ইউজার আছে, এই সম্পর্কে জানা যাবে।

```
[root@node1 ~]# seinfo -u
```

Users: 8

```
sysadm_u  
system_u  
xguest_u  
root  
guest_u  
staff_u
```

user_u
unconfined_u

Role :

SELinux কনটেক্সট (Context) এর দ্বিতীয় অংশ হচ্ছে 'Role' এবং 'Role' সমূহ '_r' দিয়ে উল্লেখ করা হয়। একজন SELinux ইউজার একাধিক 'Role' ম্যানেজ করতে পারে। SELinux ইউজার কর্তৃক যে সকল 'Role' ম্যানেজ করা হয়, সেটা জানার জন্য নিচের কমান্ড।

```
[root@node1 ~]# seinfo -r
```

Roles: 14

auditadm_r
dbadm_r
guest_r
logadm_r
nx_server_r
object_r

secadm_r
staff_r
sysadm_r
system_r
unconfined_r
user_r
webadm_r
xguest_r

SELinux Contexts: (-t)

সিস্টেমে কি কি security context (_t) এবং মোট কতগুলো সিকিউরিটি Context আছে সেটা জানার জন্যঃ

```
[root@node1 ~]# seinfo -t
```

```
[root@node1 ~]# seinfo -t | wc -l
```

4960

```
[root@node1 ~]# seinfo -t | grep sshd
```

```
[root@node1 ~]# yum install httpd -y
```

```
[root@node1 ~]# systemctl restart httpd
```

```
[root@node1 ~]# systemctl enable httpd
```

```
[root@node1 ~]# systemctl status httpd
```

```
[root@node1 ~]# firewall-cmd --permanent --add-port=80/tcp
```

```
[root@node1 ~]# firewall-cmd --reload
```

```
[root@node1 ~]# iptables -F
```

Create a webpage :

```
[root@node1 ~]# echo "Hello World" >> /var/www/html/index.html
```

Visit web page: <http://172.25.11.X>

SELinux Testing: Example: 01

```
[root@node1 ~]# cd
[root@node1 ~]# ls -Zd ~
dr-xr-x---. root root system_u:object_r:admin_home_t:s0 /root
```

```
[root@node1 ~]# touch redhat
```

```
[root@node1 ~]# ls -Z redhat
-rw-r--r--. root root unconfined_u:object_r:admin_home_t:s0 redhat
```

```
[root@node1 ~]# cp redhat /var/www/html/centos
[root@node1 ~]# mv redhat /var/www/html/
[root@node1 ~]# ls -Zd /var/www/html/
drwxr-xr-x. root root system_u:object_r:httpd_sys_content_t:s0 /var/www/html/
```

```
[root@node1 ~]# ls -Z /var/www/html/*
-rw-r--r--. root root unconfined_u:object_r:admin_home_t:s0 redhat
-rw-r--r--. root root unconfined_u:object_r:httpd_sys_content_t:s0 centos
-rw-r--r--. root root unconfined_u:object_r:httpd_sys_content_t:s0 index.html
```

Change SELinux Security Context: (Method-1)

```
[root@node1 ~]# restorecon -v /var/www/html/redhat ; প্যারেন্ট ডিরেক্টরি অনুযায়ী ফাইলটি
'relabel' হবে।
```

```
[root@node1 ~]# ls -Z /var/www/html/redhat
```

```
-rw-r--r--. root root unconfined_u:object_r:httpd_sys_content_t:s0 redhat
```

Method 02: (Context Change)

```
[root@node1 ~]# chcon -t httpd_sys_content_t /var/www/html/redhat  
[root@node1 ~]# ls -lZ /var/www/html/redhat
```

```
[root@node1 ~]# semanage fcontext -l  
[root@node1 ~]# semanage fcontext -l | grep "/var/www"
```

```
Note: # semanage fcontext -a -t httpd_sys_content_t '/var/www/html(/.*)?'  
      # restorecon -Rv
```

SELinux Testing: Example: 02

```
[root@node1 ~]# mkdir /webhosting
```

```
[root@node1 ~]# ls -ld /webhosting  
drwxr-xr-x. root root unconfined_u:object_r:default_t:s0 /webhosting
```

```
[root@node1 ~]# touch /webhosting/index.html  
[root@node1 ~]# echo "Hello SELinux World" >> /webhosting/index.html
```

```
[root@node1 ~]# ls -lZ /webhosting  
-rw-r--r--. root root unconfined_u:object_r:default_t:s0 index.html
```

```
[root@node1 ~]# vim /etc/httpd/conf/httpd.conf
```

```
124 #DocumentRoot "/var/www/html"  
123 DocumentRoot "/webhosting"  
134 <Directory "/webhosting">
```

```
[root@node1 ~]# systemctl restart httpd
```

⇒ Switch to DesktopX

⇒ Open Firefox Browser

⇒ <http://172.25.11.254>

এখন সাইট ভিজিট করলে ডিফল্ট হোম পেজ আসবে, কারণ SELinux এখন Enforcing মোডে আছে এবং '/webhosting' ডিরেক্টরির সিকিউরিটি কন্টেক্সট (context) 'http' সার্ভিসের সাথে মিল নাই। তবে আমরা যদি এটাকে 'setenforce 0' কমান্ড দিয়ে 'Permissive' মোড সেট করে দিই, তাহলে নতুন লোকেশন থেকে পেজ রান হবে।

⇒ <http://172.25.11.254/index.html>

এমতাবস্থায় SELinux 'Permissive' মোডে রাখলে ওয়েব পেজ আসবে।

```
[root@node1 ~]# setenforce 0
```

```
[root@node1 ~]# getenforce
```

⇒ <http://172.25.11.254/index.html>

```
[root@node1 ~]# setenforce 1
```

```
[root@node1 ~]# getenforce
```

⇒ <http://172.25.11.254/index.html>

কিন্তু, আমাদেরকে সব সময় SELinux মোড 'Enforcing' মোডে রেখে কাজ করতে হবে। নিচের কমান্ডের মাধ্যমে 'httpd_sys_content_t' কন্টেক্সট (context) দিয়ে '/webhosting' ডিরেক্টরি এবং এটির মধ্যে সকল সাব-ডিরেক্টরি, ফাইল সমূহের লেভেল পরিবর্তন করা হয়েছে।

```
[root@node1 ~]# semanage fcontext -a -t httpd_sys_content_t '/webhosting(/.*)?'  
[root@node1 ~]# restorecon -Rv /webhosting  
[root@node1 ~]# getenforce
```

এখন যদি পুনরায় সাইট ভিজিট করা হয়, তাহলে ওয়েব সাইট দেখা যাবে।

⇒ <http://172.25.11.254/index.html>

SELinux Port Labeling :

SELinux ফাইল এবং প্রসেস লেভেলে সিকিউরিটি (SELinux Policy) দেওয়ার পাশাপাশি নেটওয়ার্ক ট্রাফিকেও খুব শক্তভাবে মনিটরিং এবং সিকিউরিটি প্রদান করে। যেমন, বিভিন্ন ধরনের নেটওয়ার্ক সার্ভিস সমূহ (TCP/UDP) SELinux সিকিউরিটি কর্তৃক নিয়ন্ত্রণ করা হয়। উদাহরণ স্বরূপ SSH সার্ভিসের ডিফল্ট পোর্ট হিসেবে 22/TCP, HTTP সার্ভিসের জন্য '80' এবং HTTPS সার্ভিসের জন্য ডিফল্ট পোর্ট '443' ইত্যাদি SELinux কর্তৃক লেভেল (bind) করা থাকে। যেমনঃ

* ssh_port_t = 22/TCP

* http_port_t = 80/TCP & 443/TCP

যখন সিস্টেমে বিভিন্ন সার্ভিসের ডিফল্ট পোর্ট পরিবর্তন করে যদি অন্য পোর্ট ব্যবহার করা হয়, তখন SELinux সিকিউরিটি কর্তৃক সেই সার্ভিস বন্ধ করে দেওয়া হয়।

[root@node2 ~]# netstat -ntlp | grep ssh ; বর্তমানে 'SSH' সার্ভিস কোন পোর্টে রান করছে সেটা দেখার জন্য।

[root@node2 ~]# semanage port -l ; SELinux কর্তৃক লেভেলকৃত পোর্টে সমূহের লিস্ট দেখা যাবে।

[root@node2 ~]# semanage port -l | grep ssh ;SELinux কর্তৃক লেভেলকৃত 'SSH' সার্ভিসের পোর্ট নাম্বার দেখার জন্য।

```
ssh_port_t          tcp      22
```

[root@node2 ~]# semanage port -l | grep http

[root@node2 ~]# semanage port -a -t ssh_port_t -p tcp 2222 ;'SSH' এর পোর্ট '22' এর পাশাপাশি '2222' পোর্টেও লেভেল (bind) করা হল।

[root@node2 ~]# semanage port -l | grep ssh

```
ssh_port_t          tcp      2222, 22
```

** Change SSH Default port '2222'

SELinux Boolean :

SELinux Booleans এক ধরনের কনফিগারেশন পদ্ধতি যেটা ব্যবহার করে অ্যাডমিনিস্ট্রেটর খুব সহজে SELinux পলিসি পরিবর্তন ছাড়াই ব্যবহার করতে পারবে।

[root@node2 ~]# getsebool -a ; সিস্টেমে যত 'Boolean' আছে সকল লিস্ট দেখার জন্য।

[root@node2 ~]# semanage boolean -l

[root@node2 ~]# semanage boolean -l | grep ftp ; service must be enabled

[root@node2 ~]# semanage boolean -l | grep httpd ; service must be enabled

[root@node2 ~]# semanage boolean -l -C

যে কোনো Boolean এনাবেল করার জন্য 'on' বা ডিজাবেল করার জন্য 'off' করতে হবে।

Boolean Enable করার জন্য নিচের কমান্ডঃ

```
[root@node2 ~]# setsebool -P < boolean_name > on
```

Lab Demo :

এখানে 'student' ইউজারের 'home' ডিরেক্টরিতে একটি webpage হোস্ট করা হবে। উক্ত ওয়েব পেজটির হোস্টিং ডিরেক্টরি 'SELinux Boolean' দিয়ে enable করতে হবে।

```
[root@node2 ~]# vim /etc/httpd/conf.d/userdir.conf
```

```
11 <IfModule mod_userdir.c>
17 #   UserDir disabled
24   UserDir public_html
25 </IfModule>
```

```
[root@node2 ~]# systemctl restart httpd
```

```
[root@node2 ~]# su - student
```

```
[student@node2 ~]$ mkdir ~/public_html
```

```
[student@node2 ~]$ echo 'This is student content on Node1' > ~/public_html/index.html
```

```
[student@node2 ~]$ chmod 711 ~
```

Student ইউজারের হোস্টিং এক্সেস করার জন্য নিচের URL অনুযায়ী চেক করতে হবেঃ

<http://172.25.11.254/~student/index.html> ভিজিট করতে হবে।

Output: An error message states that you do not have permission to access the file.

```
[root@node2 ~]# semanage boolean -l | grep httpd_enable_homedirs
httpd_enable_homedirs      (off , off) Allow httpd to read home directories
```

Enable Boolean 'httpd_enable_homedirs' for user home directory :

```
[root@node2 ~]# setsebool -P httpd_enable_homedirs on
```

```
[root@node2 ~]# getsebool httpd_enable_homedirs
httpd_enable_homedirs --> on
```

Now Visit: <http://172.25.11.254/~student/index.html> ভিজিট করতে হবে।

===== Thank you =====

Homework

Your company has decided to run a new web app. This application listens on ports 80/TCP and 8090/TCP. Port 2222/TCP for ssh access must also be available. All changes you make should persist across a reboot.

```
# sealert -a /var/log/audit/audit.log
```

Class -17

NFS (Network File System) :

NFS, এর পূর্ণ অর্থ Network File System, NFS ক্লায়েন্ট এবং সার্ভার আর্কিটেকচারে কাজ করে। NFS নেটওয়ার্কে ফাইল সার্ভার বা স্টোরেজ হিসেবে কাজ করে। NFS ফাইল ভিত্তিক স্টোরেজ সলিউশন দেয় এবং NFS মূলত লিনাক্স-লিনাক্স, লিনাক্স-ইউনিক্স ফাইল সিস্টেম ব্যবহার করে। এছাড়া উইন্ডোজ অপারেটিং সিস্টেমে NFS এর ক্লায়েন্ট অ্যাপ্লিকেশন ইন্সটল করে NFS সার্ভার/শেয়ার উইন্ডোজ অপারেটিং সিস্টেম থেকে ব্যবহার করা যায়।

ডাটা স্টোরেজ হিসেবে আমরা তিন (০৩) ধরনের পদ্ধতি ব্যবহার করিঃ

1. DAS Storage - DAS (Direct Attached Storage) হচ্ছে আমাদের সিস্টেমের সাথে সংযুক্ত লোকাল স্টোরেজ। শুধুমাত্র লোকাল সিস্টেমের ইউজারের ডাটা এখানে স্টোর করা হয়। DAS এর সবচেয়ে বড় অসুবিধা হচ্ছে ইচ্ছামত স্টোরেজ বাড়ানো যায় না এবং অন্য ইউজারের মাঝে শেয়ার দিয়ে কন্ট্রোল করা যায় না।

2. NAS Storage - Network Attached Storage (NAS) এক ধরনের ফাইল স্টোরেজ এবং এটা এক প্রকার শেয়ারড স্টোরেজ। অর্থাৎ NAS স্টোরেজ ব্যবহার করে আমরা নেটওয়ার্কে বিভিন্ন ইউজারদের মাঝে স্টোরেজ স্পেস শেয়ার করতে পারি। NAS হচ্ছে এক প্রকার ফাইল স্টোরেজ অর্থাৎ NAS এর মধ্যে যা কিছু রাখি না কেন, সব ফাইল হিসেবে গন্য হবে। NAS সার্ভার থেকে যে ফাইল সিস্টেমে ফরম্যাট করবে এবং যতটুকু স্পেস শেয়ার করা হবে, ক্লায়েন্ট ততটুকু স্পেস পাবে। ক্লায়েন্ট কোনো ভাবেই স্পেস বাড়াতে বা ফাইল সিস্টেম ফরম্যাট করতে বা পরিবর্তন করতে পারবে না। একই NAS স্পেস নেটওয়ার্কে অনেক ইউজারের মাঝে শেয়ার করা যায়।

দুই ধরনের NAS স্টোরেজ হয়ে থাকেঃ

1. NFS - Network File System (লিনাক্স/ইউনিক্স ফাইল সিস্টেম (XFS/EXT4) ফরম্যাট করে NAS কনফিগার করা হয়)

2. CIFS - Common Internet File System (উইন্ডোজ/লিনাক্স/ইউনিক্স/ম্যাক সকল অপারেটিং সিস্টেমের ফাইল সিস্টেম সাপোর্ট করে)

3. SAN Storage - Storage Area Network (SAN) হচ্ছে এন্টারপ্রাইজ গ্রেডের স্টোরেজ সলিউশন, SAN মূলত ব্লক (Block) টাইপ স্টোরেজ। অর্থাৎ SAN এর মাধ্যমে ইউজারদের মাঝে কোনো স্পেস শেয়ার করলে, ইউজার চাইলে নিজের মত ফাইল সিস্টেম (Ext4/XFS/NTFS) ফরম্যাটে পরিবর্তন করে ব্যবহার করতে পারে। SAN মূলত অনেক ব্যয়বহুল স্টোরেজ সলিউশন এবং reliable স্টোরেজ সলিউশন প্রোভাইড করে।

Benifits of NFS :

- ⌘ Supported on Linux, Unix, macOS, and Windows
- ⌘ Multiple NFS Clients can access the same share
- ⌘ Seamless permission and access control on in Unix/Linux platform.
- ⌘ Configuration is fairly straightforward
- ⌘ TCP Oriented file sharing (Old UDP)
- ⌘ Support Kerberos-based Security (Authentication)

Reference Table :

Package: nfs-utils

Daemon: nfs-server

Protocol: TCP

Port: 2049 (TCP)

NFS Server: node1: - 172.25.11.X/24

NFS Client: node2: - 172.25.11.Y/24

Change Host name :

```
[root@localhost ~]# hostnamectl set-hostname node2-NFS.example.com
```

```
[root@localhost ~]# bash
```

```
[root@node2-NFS ~]# ip addr
```

```
* # nmcli connection up <int name>
```

Step 01: Query and Package Install

```
[root@node2-NFS ~]# rpm -qa | grep nfs-utils
```

```
[root@node2-NFS ~]# yum install nfs-utils -y ; যদি প্যাকেজ (RPMs) ইন্সটল না থাকে।
```

Step 02: Create a shared directory

```
[root@node2-NFS ~]# mkdir /nfsshare
```

```
[root@node2-NFS ~]# cd /nfsshare
```

```
[root@node2-NFS nfsshare]# ls
```

```
[root@node2-NFS nfsshare]# mkdir private public
```

```
[root@node2-NFS nfsshare]# ls
```

```
private public
```

```
[root@node2-NFS nfsshare]# touch private/file{1..10}
```

```
[root@node2-NFS nfsshare]# touch public/test{1..10}
```

Step 03: Export shared directory on NFS node1 :

```
[root@node2-NFS ~]# vim /etc/exports
```

```
/nfsshare/private 172.25.11.0/24(ro,sync,no_root_squash)
```

```
/nfsshare/public 172.25.11.0/24(rw,sync,no_root_squash)
```

Note :

⇒ /nfshare/* - shared directory

⇒ 172.25.11.0/24 - IP address range of clients

⇒ rw - Writable permission to shared folder

⇒ ro - Read only permission to shared folder

⇒ sync - Synchronize shared directory

⇒ no_root_squash - Allow root privilege

⇒ no_all_squash - All users, including non-root users, have restricted access to the NFS server.

Step 04: Restart the NFS service and verify :

```
[root@node2-NFS ~]# systemctl restart nfs-server.service
```

```
[root@node2-NFS ~]# systemctl enable nfs-server.service
```

```
[root@node2-NFS ~]# exportfs -ra ; যদি কোনো ভুল কনফিগারেশন থাকে, তাহলে ধরবে।
```

```
[root@node2-NFS ~]# showmount -e localhost
```

Step 05: SELinux Policies: (If not applied)

```
[root@node2-NFS ~]# getenforce ; SELinux এর বর্তমান অবস্থা জানার জন্য।
```

```
[root@node2-NFS ~]# setenforce 0 ; SELinux Permissive মোডে সেট করা হয়েছে।
```

```
[root@node2-NFS ~]# getenforce
```

Step 06: Allow port & service through Firewall :

```
[root@node2-NFS ~]# systemctl status firewalld.service
```

```
[root@node2-NFS ~]# firewall-cmd --permanent --add-service=nfs
```

```
[root@node2-NFS ~]# firewall-cmd --permanent --add-service=mountd
```

```
[root@node2-NFS ~]# firewall-cmd --permanent --add-service=rpc-bind
```

```
[root@node2-NFS ~]# firewall-cmd --reload
```

```
[root@node2-NFS ~]# firewall-cmd --list-all
```

Client Side Configuration :

Step 07: Install NFS packages in your client system

```
[root@node1 ~]# yum install nfs-utils ; যদি প্যাকেজ (RPMs) ইন্সটল না থাকে।
```

Step 08: View NFS Share on NFS node1

```
[root@node1 ~]# showmount -e 172.25.11.201 ; your NFS Server (node1) IP
```

Export list for 172.25.11.201:

```
/nfsshare/private 172.25.11.0/24
```

```
/nfsshare/public 172.25.11.0/24
```

Step 09: Mount NFS shares On client

```
[root@node1 ~]# df -HT
```

```
[root@node1 /]# mkdir /nfs_public
```

```
[root@node1 /]# mkdir /nfs_private
```

```
[root@node1 ~]# mount -t nfs 172.25.11.201:/nfsshare/public /nfs_public
```

```
[root@node1 ~]# df -HT
```

```
[root@node1 ~]# cd /nfs_public
```

```
[root@node1 nfs_public]# ls ; এখানে শেয়ার দেওয়া সকল ফাইল দেখা যাবে।
```

```
[root@node1 nfs_public]# touch file.tar ;নতুন ফাইল তৈরি হয়েছে।
```

```
[root@node1 nfs_public]# cd
```

```
[root@node1 ~]#
```

*** Lab Task: Mount 'private' share under '/nfs_private' directory. Create a file under '/nfs_private'

Unmount করার জন্য নিচের কমান্ডঃ

```
[root@node1 ~]# umount /nfs_public  
[root@node1 ~]# umount /nfs_private
```

Working with AutoFS :

আমরা যখন রিমোট শেয়ার এক্সেস করার দরকার হয়, তখন শেয়ার ম্যানুয়ালি লোকাল মাউন্টে পয়েন্ট মাউন্ট করে নিয় এবং এটা অস্থায়ী পদ্ধতি। আমরা যদি রিমোট শেয়ার, বা কোনো এক্সটারনাল ড্রাইভ (HDD/DVD/USB) সিস্টেমে অটোমেটিক মাউন্ট করতে চাই, তাহলে আমাদের AutoFS কনফিগার করতে হবে।

⌘ NFS Shared directories

Install Required Package: (Node1)

```
[root@node1 ~]# yum install autofs -y
```

Enable AutoMount NFS Share: (node-1)

```
[root@node1 ~]# vim /etc/auto.master  
:set nu
```

8 /nfsmount /etc/automount.nfs --timeout=30 ---> ৩০ সেকেন্ড পরে নিজে থেকেই ডিস্কানেট হয়ে যাবে।

Note: /<Mount-Point> <Map-file> <Timeout-Value>

নোটঃ Map ফাইল হচ্ছে একটি কাস্টম ফাইল। আমরা চাইলে ইচ্ছেমত নাম দিয়ে তৈরি করতে পারি।

In map file (/etc/auto.misc or /etc/auto.xxxx) also we have three different fields:

[root@node1 ~]# vim /etc/automount.nfs ; এটি একটি নতুন ফাইল, যেটা উপরের '/etc/auto.master' ফাইলে উল্লেখ করা হয়েছে।

Hints: <mount point> <-mount options> <server-location>

private	-ro,sync,nfs4	172.25.11.201:/nfsshare/private
public	-rw,sync,nfs4	172.25.11.201:/nfsshare/public

```
[root@node1 ~]# systemctl enable autofs --now
```

```
[root@node1 ~]# df -HT
```

```
[root@node1 ~]# mount -a
```

```
[root@node1 ~]# cd /
```

```
[root@node1 ~]# ls
```

```
[root@node1 ~]# cd /nfsmount/
```

```
[root@node1 nfsmount]# ls
```

```
[root@node1 nfsmount]# cd private
```

```
[root@node1 nfsmount]# df -HT
```

* Reboot Required

নোটঃ '/nfsmount' নামে আলাদা কোনো ডিরেক্টরি তৈরি করতে হবে না। যেহেতু '/etc/auto.master' ফাইলের মধ্যে এই নামে লোকাল মাউন্ট পয়েন্ট উল্লেখ করা হয়েছে, সুতরাং 'autofs' সার্ভিস রিস্টার্ট দিলে এই নামে একটা ডিরেক্টরি তৈরি হয়ে যাবে। '/nfsmount' এর মধ্যে 'private' এবং 'public' নামে শেয়ার ডিরেক্টরি তৈরি হবে। তবে, '/nfsmount' এর মধ্যে গেলে কিছুই পাওয়া যাবে না। যখন cd কমান্ড দিয়ে 'private' বা 'public' ডিরেক্টরিতে ঢোকার চেষ্টা করা হবে। তখন শুধু আসবে। তবে, সেটাও নির্দিষ্ট টাইমের পরে চলে যাবে।

===== Thank You =====

Class -18

Module Objectives :

- ⌘ Introducing Linux Shells
- ⌘ What is shell scripts?
- ⌘ Why need Shell Programming?
- ⌘ Writing a shell script
- ⌘ Executing a shell script
- ⌘ Using Shell Variables
- ⌘ Arithmetic Operators
- ⌘ Working with Conditionals Statements
- ⌘ Working with Loops

Linux Shell পরিচিতিঃ

লিনাক্স কার্নেল ভিত্তিক অপারেটিং সিস্টেমের একটি গুরুত্বপূর্ণ ও স্পেশাল প্রোগ্রাম হচ্ছে লিনাক্স শেল (Shell)। লিনাক্সের শেল (Shell) ইউজারের কাছ থেকে কমান্ড গ্রহণ করে এবং ইউজার কর্তৃক প্রদত্ত কমান্ড যদি সঠিক হয়, তাহলে শেল (Shell) এই কমান্ডকে কার্নেলের নিকট প্রেরণ করে অপারেটিং সিস্টেমের সঙ্গে তথ্য আদান-প্রদান (Interact) করার সুবিধা প্রদান করে। লিনাক্স শেল (Shell) হচ্ছে একটি কমান্ড ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটার, যেটা কীবোর্ড অথবা ফাইল হতে কমান্ড গ্রহণ করে এবং কমান্ডকে সরাসরি এক্সিকিউট করতে পারে।

- ⇒ It's like a container
- ⇒ Interfaces between users and Kernel/OS
- ⇒ input from keyboard/Application/files via users
- ⇒ output to monitor/terminal from kernel
- ⇒ Linux sh, bash, zshell, tcshell are shell
- ⇒ its a interpreted Programming interface

Linux -এ ব্যবহৃত Shell সমূহঃ

1. sh - Bourne Shell
2. bash - Bourne-again shell (commonly used)
3. zsh - zshell (with macOS)
4. csh - C cshell (c programming based)
5. ksh - Korn shell (Bell Labs)

Find your Shell :

নিচের কমান্ডের মাধ্যমে লিনাক্স সিস্টেমে কি কি Shell ইন্সটল করা আছে সেটা দেখা যাবে। পাশাপাশি বর্তমানে কোন Shell ব্যবহার হচ্ছে সেটাও দেখা যাবে।

```
[root@node1 ~]# echo $SHELL
[root@node1 ~]# cat /etc/shells
/bin/sh
/bin/bash
/usr/bin/sh
/usr/bin/bash
```

যদি নতুন শেল ইন্সটল করার দরকার হয়, তাহলে আমরা নিচের কমান্ডের মাধ্যমে ইন্সটল করতে পারিঃ

```
[root@node1 ~]# yum install zsh -y
[root@node1 ~]# yum install tcsh -y

[root@node1 ~]# cat /etc/shells
```

What is Shell Scripts ?

Shell Script হচ্ছে একটি সাধারণ টেক্সট ফাইল যার মধ্যে কিছু কমান্ড Sequentially সংরক্ষণ করা হয়। যখন Script টি execute করা হয়, তখন script -এ সংরক্ষিত কমান্ডগুলো Sequentially execute করে এবং নির্ধারিত কাজ সম্পন্ন করে। Shell Script কে MS-Dos batch ফাইলের সঙ্গে তুলনা করা যায়, তবে Shell Script, MS-Dos batch ফাইল অপেক্ষা অধিকতর শক্তিশালী এবং কার্যক্ষম। এক কথায় বলা যেতে পারে, আমরা ম্যানুয়ালি যত কমান্ড রান করি, সেই কমান্ড গুলো কোনো ফাইলের মধ্যে রেখে ফাইল/প্রোগ্রামটি execute করতে পারলে, সেটাকে Shell Script বলা যাবে। উল্লখ্য যে, আমরা চাইলে স্ক্রিপ্টের মাঝে বিভিন্ন কমান্ড, কন্ডিশনাল স্টেটমেন্ট (if, else, while, until), লুপ, ফাংশন এবং ভ্যারিয়েবল কল করতে পারি।

উদাহরণ হিসেবে, আমরা যদি লিনাক্স সিস্টেমে একজন ইউজার তৈরি এবং পাসওয়ার্ড দিতে চাই, এই জন্য আমাদের অনেক গুলো কমান্ড চালাতে হবে। আবার উক্ত ইউজার সিস্টেমে আগে থেকেই আছে কিনা সেটাও জানা দরকার। এখন এই কাজ টি আমরা যদি স্ক্রিপ্টের মাধ্যমে করতে চাই, তাহলে প্রথমে আমাদেরকে সিস্টেমে ইউজার আছে কিনা চেক করতে হবে, তারপর ইউজার তৈরি এবং ইউজারের পাসওয়ার্ড দিতে হবে। এখন এই কমান্ড গুলো যদি কোনো ফাইলের মধ্যে রেখে সেটাকে স্ক্রিপ্ট হিসেবে রান করলে আমাদের প্রয়োজনীয় আউটপুট পাওয়া যাবে।

```
# id <username>
# useradd <username>
# passwd <username>
  <2 times>
# id <username>
```

Shell Programming এর প্রয়োজনীয়তাঃ

- ⌘ শেল স্ক্রিপ্ট ইউজারের কাছ থেকে কীবোর্ডের মাধ্যমে বা ফাইল হতে ডাটা গ্রহণ করতে পারে এবং ফাইলে বা স্ক্রিনে ডাটা আউটপুট দিতে পারে।
- ⌘ নিজের মত করে ব্যবহার উপযোগী কমান্ড তৈরি করা যায়।
- ⌘ লিনাক্স সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন সম্পর্কিত সকল কাজ অটোমেটিক ভাবে সম্পাদন করা যায়।
- ⌘ শেল স্ক্রিপ্টের মাধ্যমে সিস্টেম অপারেট করলে অতি দ্রুত সব কাজ সম্পাদন করা যায়।

- ⌘ একাধিক সার্ভারের মধ্যে আপডেট, প্যাচ, সফটওয়্যার ইন্সটল করার ক্ষেত্রে।
- ⌘ সিস্টেমের বিভিন্ন টাস্ক/রিসোর্স মনিটরিং করার ক্ষেত্রে।
- ⌘ সিস্টেম থেকে কোনো এলার্ম বা নোটিফিকেশন পাঠানোর ক্ষেত্রে।
- ⌘ বিভিন্ন ধরনের ট্রাবুলশুটিং এবং অডিটিং করার ক্ষেত্রে।

Shell Script Extension:

যে কোনো প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ লিখলে সেই ফাইলের একটি এক্সটেনশন থাকে, যেমনঃ সি (C) প্রোগ্রামিং এর ক্ষেত্রে '.c', পাইথন (Python) প্রোগ্রামিং এর ক্ষেত্রে '.py', পার্ল (Perl) এর ক্ষেত্রে '.pl' দিতে হয়। সুতরাং আমরা যখন শেল (Bash) স্ক্রিপ্ট লিখবো, তখন এটারও একটা এক্সটেনশন দিতে হবে। এক্সটেনশন হিসেবে '.sh' বা '.bash' ব্যবহার করা হয়। এক্সটেনশন বাদেও স্ক্রিপ্ট এক্সিকিউট করা যায়, সেক্ষেত্রে ম্যানুয়ালি স্ক্রিপ্ট রান করতে হয়।

- ⇒ test
- ⇒ test.sh
- ⇒ test.bash

How to write a Bash Script :

প্রথমে 'day18' এর মাঝে 'scripting' নামে একটা ডিরেক্টরি তৈরি করে নেওয়া যাক, যার মধ্যে শেল স্ক্রিপ্ট সম্পর্কিত সকল ল্যাবগুলো প্যাকটিস করা হবে। আমরা এখানে 'touch' কমান্ড দিয়ে এক্সটেনশনসহ (.sh or .bash) অথবা 'vim' কমান্ড দিয়ে এক্সটেনশনসহ (.sh or .bash) নতুন ফাইল তৈরি করতে পারি। যেহেতু এটা আমাদের প্রথম স্ক্রিপ্ট এবং টেস্ট স্ক্রিপ্ট হবে, সুতরাং এটার নাম দেওয়া যাক 'myscript1.sh'

```
[root@node1 ~]# mkdir day18/scripting -p
[root@node1 ~]# cd day18/scripting
[root@node1 scripting]# ls
[root@node1 scripting]# vim myscript1.sh
```

```
#!/bin/bash
# Date: 01-01-2023
# This is my first bash script
```

```
echo "Welcome to Bash Shell Script"
date
```

```
pwd
whoami
```

- ⌘ Line1: প্রথম লাইন কে বলা হয়, Shebang যেটা '#!' দিয়ে শুরু হয়। '#' এর পরে interpreter এর পাথ উল্লেখ থাকে। এখানে 'interpreter' হিসেবে 'bash' ব্যবহার হচ্ছে।
- ⌘ Line2: '#' দিয়ে কোনো লাইন শুরু হলে সেটাকে কমেন্ট বলা হয়। '#' দেওয়া লাইন এক্সিকিউট হবে না।
- ⌘ Line5: 'echo' কমান্ড দিয়ে স্ট্রিং প্রিন্ট করা হয়েছে।
- ⌘ Line6: 'date' কমান্ড কে কল করা হয়েছে। ফলে, আজকের তারিখ এবং সময় দেখাবে।
- ⌘ Line7: এখানে 'pwd' কমান্ড ব্যবহার করা হয়েছে। অর্থাৎ বর্তমান ডিরেক্টরির পাথ দেখাবে।
- ⌘ Line8: whoami কমান্ড ব্যবহার করা হয়েছে। আমি কোন ইউজার হিসেবে লগইন করেছি সেটা দেখাবে।

উপরের কমান্ড সমূহ লেখার পরে ':x' প্রেস করে ফাইল সেভ করে বের হয়ে আসতে হবে। এখন স্ক্রিপ্ট ফাইলটি (myscript1.sh) এক্সিকিউট (Execute) করলে ফাইলের মধ্যে থাকা কমান্ড সমূহ ধারাবাহিক ভাবে আউটপুট দেখাবে।

Setting shell permission :

আমরা জানি লিনাক্সের টেক্সট ফাইল সমূহে কোনো এক্সিকিউট পার্মিশন থাকে না। সুতরাং কোনো স্ক্রিপ্ট ফাইলকে এক্সিকিউট করতে চাইলে, অবশ্যই সেটাকে এক্সিকিউট পার্মিশন (x) যোগ করতে হবে। নিচের কমান্ডের মাধ্যমে 'myscript1.sh' ফাইলকে ইউজার এক্সিকিউট (Owner) পার্মিশন দেওয়া হয়েছে।

```
[root@node1 scripting]# ll
-rw-r--r--. 1 root root 90 Jul 27 10:46 myscript1.sh
```

```
[root@node1 scripting]# chmod u+x myscript.sh
```

```
[root@node1 scripting]# ll
-rwxr--r--. 1 root root 90 Jul 27 10:46 myscript1.sh
```

Script Execute/Run :

স্ক্রিপ্ট আমরা দুইভাবে এক্সিকিউট করতে পারি। 1) Path ভ্যারিয়েবল ব্যবহার করে এবং 2) 'sh' বা 'bash' কমান্ড দিয়ে।

```
[root@node1 scripting]# ./myscript1.sh ; এক্ষেত্রে এক্সিকিউট পার্মিশন (x) থাকতে হবে।
```

or

```
[root@node1 scripting]# sh myscript1.sh ; এক্ষেত্রে এক্সিকিউট পার্মিশন (x) না থাকলেও স্ক্রিপ্ট রান করবে।
```

```
#####  
# Welcome to bash shell scripting !!  
# Mon Aug 21 09:59:10 PM +06 2023  
# /root/day18/scripting  
# root  
#####
```

Quotes in Bash :

যে কোনো প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজের ক্ষেত্রে 'Quote' একটি গুরুত্বপূর্ণ বিষয়। Linux Scripting -এ আমরা বিভিন্ন command, Texts, এবং string এর সাথে 'Quote' ব্যবহার করে থাকি। আমরা এখানে সিঙ্গেল 'Quote', ডাবল "Quote" এবং ব্যাক `Quote` এর ব্যবহার শিখবো। সাধারণ টেক্সট ফাইলের ক্ষেত্রে সিঙ্গেল 'Quote' এবং ডাবল "Quote" মধ্যে তেমন কোন পার্থক্য নাই, কিন্তু, যখন কোনো Scripting এর মাঝে কোনো variable বা command কল করা হবে তখন, আমাদের সিঙ্গেল 'Quote' এবং ডাবল "Quote" এর ব্যবহার ঠিকমত করতে হবে।

```
[root@node1 scripting]# vim myscript2.sh
```

```
#!/bin/bash  
# Using Quote in Bash
```

```
echo 'String in single quote'  
echo "String in double quote"  
  
mkdir '/day18'  
touch "/day18/file1"  
  
echo `cal`  
echo "Today date is:" `date`  
echo 'My system name is:' `hostname`  
  
[root@node1 scripting]# sh myscript2.sh
```

Linux -এ Variable এর ব্যবহারঃ

সিস্টেমের ডেটা/তথ্য কে প্রসেস করার জন্য সিস্টেমের মেমোরি (RAM) ব্যবহার করা হয়। RAM ডেটাকে ভাগ করে ছোট ছোট লোকেশনে রাখে এবং প্রতিটি লোকেশনের একটি ইউনিক নাম্বার আছে, যেটাকে বলা হয় Memory Location Address.

আমরা মেমোরি লোকেশনকে ইচ্ছামত নাম দিতে পারি। যাকে আমরা বলি variable, variable হচ্ছে memory storage যেখানে আমরা আমাদের ডাটা/ভ্যালু স্টোর করে রাখতে পারি এবং পরে ইচ্ছামত কল বা ব্যবহার করতে পারি। যেহেতু Variable মেমরিতে অর্থাৎ RAM -এ ডাটা স্টোর করে থাকে এবং RAM যেহেতু Volatile মেমোরি সুতরাং রিবুটের পরে এটা Variable এবং Variable এর ভ্যালু বা ডাটা মুছে যাবে।

লিনাক্সে দুই ধরনের Variable ব্যবহার করা যায়ঃ

- ⇒ Environment Variables (Block Letter)
- ⇒ User Defined Variables (UDV) (Small and Block)

Environment Variables :

Environment ভ্যারিয়েবল লিনাক্স সিস্টেমের নিজেস্ব ভ্যারিয়েবল যা লিনাক্স সিস্টেমের শেলের মধ্যে সংরক্ষণ (Built-in) থাকে। Environment ভ্যারিয়েবল সমূহ Capital Letter দ্বারা প্রকাশ করা হয়। শেলের সেশন এবং ওয়ার্কিং এনভায়রনমেন্টের উপরে ভিত্তি করে Environment ভ্যারিয়েবল তথ্য বা ডাটা সেটার করে। উল্লেখ্য যে, Environment ভ্যারিয়েবলের ভ্যালু স্থায়ী ভাবে সংরক্ষিত থাকে। তবে, যখন Bash সেশন রান করা হয়, তখন লিনাক্স সিস্টেম নতুন করে Environment ভ্যারিয়েবল সেট করে। Bash শেলে দুই ধরনের Environment ভ্যারিয়েবল ব্যবহার হয়ঃ

⌘ Global Variables

⌘ Local Variables

[root@node1 ~]# printenv ; সকল Global Environmental ভ্যারিয়েবল দেখার কমান্ড।

[root@node1 ~]# set ; সকল local + Global ভ্যারিয়েবল দেখার কমান্ড।

Environment Variable ব্যবহার করার নিয়মঃ

যে কোনো ভ্যারিয়েবল (User Defined & Environment Defined) ব্যবহার করার সময় ভ্যারিয়েবলের পূর্বে '\$' সাইন ব্যবহার করতে হবে। নিচে কিছু Environment ভ্যারিয়েবল ব্যবহার করার পদ্ধতি দেখানো হয়েছেঃ

[root@node1 ~]# echo \$LOGNAME - সিস্টেমে বর্তমানে কে লগইন করে আছে সেই নাম দেখাবে।

[root@node1 ~]# echo \$PWD - বর্তমান ডিরেক্টরির (Working) অবস্থান দেখাবে।

[root@node1 ~]# echo \$SHELL - বর্তমানে ব্যবহৃত শেলের নাম জানা যাবে।

[root@node1 ~]# echo \$HOSTNAME - সিস্টেমের হোস্ট নাম জানা যাবে।

[root@node1 ~]# echo \$OSTYPE - অপারেটিং সিস্টেম সম্পর্কে জানা যাবে।

শুধু 'HOSTNAME' বা '\$HOSTNAME' ব্যবহার করে এন্টার প্রেস করলে ভুল কমান্ড দেখাবে। এই জন্য কমান্ডের শুরুতে 'echo' ব্যবহার করতে হবে। আবার 'echo LOGNAME' ব্যবহার করলে শুধু LOGNAME স্ক্রিনে প্রিন্ট হবে। LOGNAME ভ্যারিয়েবলকে কল করতে চাইলে '\$' দিয়েই করতে হবে

User Defined Variable :

User defined variable ইউজার নিজে তৈরি করবে এবং ভ্যালু (ডেটা) সেট করবে। User define variable গুলো small/block latter দুই ভাবেই ব্যবহার করা হয়। মনে রাখবেন, Linux একটি case sensitive OS, অর্থাৎ 'abc' এবং 'ABC' যদিও একই শব্দ (string) কিন্তু, Linux -এ দুইটি ভিন্ন ভিন্ন শব্দ (string) বলে বিবেচিত হয়। User define variable ব্যবহার করার জন্য নিচের কমান্ড সিনট্যাক্স অনুসরণ করা হয়ঃ

Variable name=value

নিচে কিছু উদাহরণ দেখানো হয়েছেঃ

```
⇒ a=10
⇒ B=20
⇒ name=ikbal
⇒ id=1001
```

মনে রাখতে হবে যে, 'variable', '=' এবং 'value' এই তিনটির মাঝে যেন কোনো space না থাকে। 'a = 10', 'a= 10', 'a =10' এইগুলো ভুল ব্যবহার। একইভাবে, '10 = a' এই ভাবেও Variable ব্যবহার করা যাবে না, 'Variable name' সর্বদা '=' Sign এর বাম পাশে থাকবে এবং ভ্যালু (Data) ডান পাশে থাকবে। আপনারা যে কোনো Script -এ যে কোনো Variable ব্যবহার করতে পারেন। এমনকি Shell prompt থেকেও যে কোনো Variable ব্যবহার বা কল করা যায়। Variable কে কল বা ব্যবহার করার জন্য পূর্বের মত '\$' চিহ্ন ব্যবহার করতে হবে।

নিচে কিছু উদাহরণ দেখানো হয়েছেঃ

```
[root@node1 day18]# a=10
[root@node1 day18]# echo $a
10
```

```
[root@node1 day18]# B=20
[root@node1 day18]# echo $B
20
```

```
[root@node1 day18]# name=ikbal
[root@node1 day18]# echo $name
ikbal
```

```
[root@node1 day18]# id=1000
[root@node1 day18]# echo $id
1000
```

```
[root@node1 day18]# _user=student
[root@node1 day18]# echo $_user
student
```

```
[root@node1 day18]# _2023=year
[root@node1 day18]# echo $_2023
year
```

User Input In Bash using 'read' :

লিনাক্সে 'read' কমান্ড ব্যবহার করে সরাসরি interactive মোডে ব্যাশ স্ক্রিপ্টে ইউজার ইনপুট বা ইউজারের কাছ থেকে ডেটা বা তথ্য নেওয়া যায়। নিচের কমান্ডের মাধ্যমে ইউজার ইনপুট নেওয়ার পদ্ধতি দেখানো হয়েছেঃ

উদাহরণ স্বরূপঃ

```
[root@node1 ~]# read a
```

উপরের কমান্ডটি ইউজারের কাছ থেকে একটি ভ্যালু নিয়ে (read) সেটা ভ্যারিয়েবল 'a' তে সংরক্ষণ করবে। পরে যদি 'a' ভ্যারিয়েবল কে কল করা হয়, তাহলে 'a' ভ্যারিয়েবলের আউটপুট দেখাবে। যেমনঃ

```
[root@node1 scripting]# read a
10
[root@node1 scripting]# read b
20
[root@node1 scripting]# echo `expr $a + $b`
```

Example 03 : Take Value from Terminal/user

নিচের উদাহরণে লগইন ইউজারের কাছ থেকে দুইটি ভ্যালু নেওয়া হবে এবং শেষে 'expr' (expression) কমান্ড ব্যবহার করে দুইটি ভ্যালুর ক্যালকুলেশন আউটপুট দেখানো হবে।

```
[root@node1 scripting]# vim myscript3.sh
